গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্ট্রিপ্রিনিউরশিপ
এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ)
পাইকারী ফুল মার্কেট, দ্বীপনগর, গাবতলী, ঢাকা।

স্মারক নং- ১২.০২.০০০০.৫৪৯.০৬.০০৪.২৩.১১৩১ তারিখ: ০৪-০৯-২০২৪ খ্রি.

**বিষয়: পার্টনার (ডিএএম অংগ) প্রকল্পের ডিএলআই-৯ এর আওতায়ধীন কার্যক্রমের ২০২৪-২৫ অর্থ বছরের কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রোগ্রাম অন এগ্রিকালচার এন্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্টারপ্রেনরশিপ এন্ড রেসিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ) প্রকল্পের ডিএলআই-৯ এর আওতায় ২০২৪-২৫ অর্থ বছরে বিভিন্ন জেলায় তিনটি পণ্যের (আলু, কাঁঠাল ও আম) মার্কেট এক্টরস বিজনেস স্কুল (ম্যাবস) ও উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন গঠন করা হবে। তন্মধ্যে দুটি পণ্য-আলু ও কাঁঠালের ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠন ও কর্মক্ষম করা হবে। এছাড়াও মার্কেট এক্টরস বিজনেস স্কুলের জন্য কিছু সভা ও প্রশিক্ষণ প্রদান করা হবে। উল্লেখ্য মার্কেট এক্টরস বিজনেস স্কুল ও উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠন ও পরিচালনা নীতিমালা ২০২৪ অনুসারে মাসে অনূন্য একটি সভা সম্পন্ন করবে। ডিএলআই-৯ এর আওতায় সকল কার্যক্রম ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠন ও পরিচালনা নীতিমালা ২০২৪ এবং ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠন ও পরিচালনা নির্দেশিকা মোতাবেক সম্পন্ন করতে হবে। কাজেই মার্কেট এক্টরস বিজনেস স্কুল গঠনের নিমিত্ত নিম্নবর্ণিত নির্দেশনা প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো।

১) ম্যাবস গঠনের নির্দেশিকা অনুযায়ী স্কুল গঠন করতে হবে;
২) সেশন প্লান অনুযায়ী রির্সোস স্পিকারগন তাদের সেশন নিবেন;
৩) স্কুলের সদস্য হিসাবে যাদের নির্বাচন করা হবে তাদের সকলকে নির্দিষ্ট নিবন্ধন ফর্ম পূরন করতে হবে;
৪) প্রেরিত ব্যানারের ফরম্যাট অনুসরণ করতে হবে;
৫) ২০২৪-২৫ অর্থবছরে নির্বাচিত সকল জেলা কার্যালয়ের অনুকূলে (অর্থনৈতিক কোডঃ ৩২৩১৩০১) ব্যয় নির্বাহের নিমিত্ত সংযুক্ত পত্র অনুযায়ী বরাদ্দ প্রদান করা হবে;
৬) গাইডলাইন, সেশন প্লান ও নিবন্ধন ফর্ম প্রিন্ট করে বন্টন করতে হবে;
৭) ডিপিপির বিভাজন অনুসারে স্কুল গঠনের জন্য মানসম্মত উপকরণ সামগ্রী (ফাইল ফোল্ডার, নোটপ্যাড, কলম ইত্যাদি) ক্রয় ও বিতরণ করতে হবে;
৮) স্কুল গঠনের হাজিরা শিট (মোবাইল নম্বর সহ), সম্মানী শিট, উপকরণ বিতরণ শিট ও রির্সোস স্পিকারগণের সম্মানী শিট প্রস্তুত করতে হবে;
৯) বরাদ্দকৃত অর্থের সম্পূর্ণ অংশ উত্তোলন না করে আয়কর এবং ভ্যাট বাবদ নির্ধারিত টাকা একাউন্টে জমা রেখে রুপালি ব্যাংক-এর মাধ্যমে সরকারি কোষাগারে জমা দেয়ার জন্য পত্র দিতে হবে;
১০) ডিপিপির বিভাজন অনুসারে (কপি সংযুক্ত) স্কুল গঠনের ব্যয় নির্বাহ করতে হবে। ব্যয়কৃত অর্থের বিল ও ভাউচার ক্যাশবহি, ভ্যাট ও ট্যাক্সের রেজিস্টারসহ সকল আর্থিক রেকর্ড পত্রাদি সংরক্ষণপূর্বক যথাযথভাবে নিরীক্ষার জন্য প্রস্তুত রাখতে হবে;
১১) প্রতিটি ম্যাবস গঠনের ক্ষেত্রে বাধতামূলক ছবি ও ভিডিও রেকর্ড সংরক্ষণ করতে হবে;
১২) গ্যান চার্ট অনুসরণপূর্বক সকল কার্যক্রম নির্দিষ্ট উল্লেখিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।

সংযুক্তি: ৫৮ প্রস্থ

০৪/৯/২০২৪

ড. মুহাম্মদ আবদুল্লাহ আল-ফারুক
এজেন্সি প্রোগ্রাম ডিরেক্টর
ই-মেইল: partner.dam@dam.gov.bd

**কার্যার্থে বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**
০১। সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/ কৃষি বিপণন কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর ঢাকা/মুন্সিগঞ্জ/নরসিংদি/গাজীপুর/টাংগাইল/ময়মনসিংহ/বগুড়া/জয়পুরহাট/গাইবান্ধা/কুড়িগ্রাম/নিলফামারী/রংপুর/লালমনিরহাট/দিনাজপুর/পঞ্চগড়/চাপাইনবাবগঞ্জ/রাজশাহী/নাটর/নওগা/সাতক্ষীরা/রাঙ্গামাটি/বান্দরবন/খাগড়াছড়ি।
০২। মনিটরিং অফিসার, পার্টনার (ডিএএম অংগ) প্রকল্প, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/ময়মনসিংহ/বগুড়া/রংপুর/দিনাজপুর/পঞ্চগড়/রাজশাহী/খুলনা/রাঙ্গামাটি।

**অবগতির জন্য অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**
০১। মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০২। উপপরিচালক, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/ময়মনসিংহ/রংপুর/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম।

নমুনা ব্যানার

THE WORLD BANK

IFAD
Investing in rural people

DAM

# Market Actors Business School (MABS)

# গঠন

**পণ্যের নামঃ আলু**

**গ্রামঃ**

**ইউনিয়নঃ**

**উপজেলাঃ**

**জেলাঃ**

**বাস্তবায়নেঃ** প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্ট্রিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার, ডিএএম-অংগ)

**আয়োজনেঃ** কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, মুন্সিগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
মিরপুর, ঢাকা।
পার্টনার-ডিএএম অংগ

প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্ট্রিপ্রিনিউরশিপ
এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ)
মার্কেট এক্টরস বিজনেস স্কুল গঠনের সেশন প্লান

**ম্যাবস গঠনের স্থান:** **তারিখ:**

| **ক্র নং** | **সেশনের বিষয়** | **সময়** | **রিসোর্স স্পিকার** |
|---|---|---|---|
| ১ | উপস্থিত সকলের রেজিস্ট্রেশন | ৯.০০-৯.৩০ | -- |
| ২ | **সেশন ১:** ম্যাবস কি, স্কুল গঠনের লক্ষ্য উদ্দেশ্য ও মার্কেট অ্যাক্টর্স বিজনেস স্কুল গঠনের জন্য বিভিন্ন অ্যাক্টদের মানদন্ড। | ৯.৩৫-১০.১৫ | |
| ৩ | সকালের নাস্তার বিরতি | ১০.২০-১০.৩৫ | |
| ৪ | **সেশন ২:** মার্কেট অ্যাক্টর্স বিজনেস স্কুলের অংশীজনদের দায়িত্ব ও কর্তব্য। | ১০.৪০-১১.৩৫ | |
| ৫ | **সেশন ৩:** ম্যাবসের কার্যপরিধি এবং ম্যাবস ব্যবস্থাপনা কমিটির কাঠামো এবং কাজ নিয়ে আলোচনা। | ১১.৪০-১২.৩৫ | |
| ৬ | দুপুরের খাবার ও নামাজের বিরতি | ১২.৪০-২.০০ | |
| ৭ | **সেশন ৪:** স্কুলের মৌলিক মূল্যবোধ, নীতিমালার, নিয়ম কানুন, ম্যাবস গঠনের সম্ভাব্য ফলাফল নিয়ে আলোচনা। | ২.০০-২.৫০ | |
| ৮ | **সেশন ৫:** ম্যাবস গঠনের জন্য এলাকা নির্বাচন, সভার স্থান নির্বাচন, সাধারণ নিয়ম ও বিধি, কৃষি বিপণন অধিদপ্তরের কর্মকর্তাগণের তদারকি এবং ম্যাবস গঠনের সম্ভাব্য ফলাফল। | ২.৫৫- ৩.৪৫ | |
| ৯ | সেশনের সমাপ্তি | ৩.৫০-৪.০০ | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
শ্রীপনগর, গাবতলী
মিরপুর, ঢাকা।
পার্টনার-ডিএএম অংগ

**Plan of Formation of Market Actors Business School (MABS), Upazila Value Chain Promotional Organization (UVCPO) and Value Chain Promotional Body (VCPB) of financial year 2024-2025.**

| Sl. no | Activity | Aug | Sep | Oct | Nov | Dec | Jan | Feb | Mar | Apr | May | Jun | Remark |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | Plan delivery to the field officers | | | | | | | | | | | | |
| 02 | Provide draft list of proposed MABS's members list to Project Office by considering the criteria mentioned in Guideline | | | | | | | | | | | | |
| 03 | Formation of MABS and enlisted to DAM as per the Agricultural Marketing Rules 2021 | | | | | | | | | | | | |
| 04 | Formation of UVCPO and enlisted to DAM as per the Agricultural Marketing Rules 2021 | | | | | | | | | | | | |
| | All Meetings of different tier | | | | | | | | | | | | |
| 05 | Value Chain Promotional Body Formation and enlisted to DAM as per the Agricultural Marketing Rules 2021 and resisted to others suitable govt. institution (By arranging an election the Executive Committee would be formed) | | | | | | | | | | | | |
| 06 | Documents of all MABS, UVCPO and VCPB send to Project office. | | | | | | | | | | | | |
| 07 | Project office will send the all-necessary documents to PCU for verification by IVA. | | | | | | | | | | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
দ্বীপনগর, গাবতলী
মিরপুর, ঢাকা।
পার্টনার-ডিএএম অংগ

**Formation of Market Actors Business School (MABS) and Upazila Value Chain Organization (UVCPO) of Potato of Financial Year 2024-2025**

| Sl No. | Region | District | Upazila | MABS | Meeting /MABS at the central point of the area | Training/ MABS at the central point of the area | UVCO | Meeting/ UVCPO at District DAM Office | Upazila value chain coordination committee meeting | MSPM/ District at District DAM office | District value chain coordination committee meeting | Executive committee related meeting of VCPB |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | Dhaka | Munshiganj | Munshiganj Sadar | 5 | 4 | 1 | 1 | 2 | 3 | 2 | 2 | 10 |
| | | | Louhojong | 10 | 4 | 1 | 1 | 2 | 3 | | | |
| | | | Tongibari | 10 | 4 | 1 | 1 | 2 | 3 | | | |
| 2 | Bogura | Bogura | Bogura Sadar | 10 | 4 | 1 | 1 | 2 | 3 | 2 | 2 | |
| | | | Shibganj | 10 | 4 | 1 | 1 | 2 | 3 | | | |
| | | | Sherpur | | | | | | 3 | | | |
| | | | Dhunat | | | | | | | | | |
| | | Joypurhat | Panchbibi | 10 | 4 | 1 | 1 | 2 | 3 | 2 | 2 | |
| | | | Akkelpur | | | 1 | | | | | | |
| | | | Kalai | 10 | 4 | 1 | 1 | 2 | 3 | | | |
| 3 | Rangpur | Gaibandha | Gobindaganj | 10 | 4 | 1 | 1 | 2 | 3 | 2 | 2 | |
| | | | Polashbari | | | | | | | | | |
| | | | Gaibandha Sadar | | | | | | | | | |
| | | Kurigram | Kurigram Sadar | 5 | 4 | 1 | 1 | 2 | 3 | 2 | 2 | |
| | | | Rajarhat | 8 | 4 | 1 | 1 | 2 | 3 | | | |
| | | | Ulipur | 7 | 4 | 1 | 1 | 2 | 3 | | | |
| | | Nilphamari | Nilphamari Sadar | 5 | 4 | 1 | 1 | 2 | 3 | 2 | 2 | |
| | | | Domar | 7 | 4 | 1 | 1 | 2 | 3 | | | |
| | | | Kishoreganj | 8 | 4 | 1 | 1 | 2 | 3 | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা
পার্টনার-ডিএএম অংশ

| Sl No. | Region | District | Upazila | MABS | Meeting /MABS at the central point of the area | Training/ MABS at the central point of the area | UVCO | Meeting/ UVCPO at District DAM Office | Upazila value chain coordination committee meeting | MSPM/ District at District DAM office | District value chain coordination committee meeting | Executive committee related meeting of VCPB |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Rangpur | Mithapukur | 8 | 4 | 1 | 1 | 2 | 3 | 2 | 2 | |
| | | | Taraganj | 7 | 4 | 1 | 1 | 2 | 3 | | | |
| | | | Rangpur Sadar | 7 | 4 | 1 | 1 | 2 | 3 | | | |
| | | | Pirganj | 8 | 4 | 1 | 1 | 2 | 3 | | | |
| | | Lalmonirhat | Lalmonirhat Sadar | 8 | 4 | 1 | 1 | 2 | 3 | 2 | 2 | |
| | | | Aditmari | 7 | 4 | 1 | 1 | 2 | 3 | | | |
| | | | Hatibandha | | | | | | | | | |
| 4 | Dinajpur | Dinajpur | Dinajpur Sadar | 5 | 4 | 1 | 1 | 2 | 3 | 2 | 2 | |
| | | | Birganj | 8 | 4 | 1 | 1 | 2 | 3 | | | |
| | | | Chiribandar | 7 | 4 | 1 | 1 | 2 | 3 | | | |
| | | Panchagarh | Panchagarh Sadar | 7 | 4 | 1 | 1 | 2 | 3 | 2 | 2 | |
| | | | Debiganj | 8 | 4 | 1 | 1 | 2 | 3 | | | |
| | | | Boda | 5 | 4 | 1 | 1 | 2 | 3 | | | |
| | Total | | | 200 | 200x4= 800 | 200x1=200 | 27 | 54 | 81 | 20 | 20 | |

**Gross number of Meeting= 1012**
**Gross number of Training= 200**

## Formation of Market Actors Business School (MABS) and Upazila Value Chain Promotional Organization (UVCPO) of Mango of Financial Year 2024-2025

| Sl No. | Region | District | Upazila | MABS | Meeting/ MABS at the central point of the area | Training / MABS at the central point of the area | UVCPO | Meeting/ UVCPO at district DAM office | Upazila value chain coordination committee meeting | MSPM/ District at DAM district office | District value chain coordination committee meeting | Executive committee related meeting of VCPB |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | Rajshahi | Chapainawabganj | Shibganj | 10 | 2 | 1 | 1 | 1 | 1 | 1 | 1 | 0 |
| | | | Nachol | 5 | 2 | 1 | 1 | 1 | 1 | | | |
| | | Rajshahi | Bagha | 15 | 2 | 1 | 1 | 1 | 1 | 1 | 1 | |
| | | | Puthia | | | | | | | | | |
| | | | Baghmara | | | | | | | | | |
| | | | Godagari | | | | | | | | | |
| | | | Charghat | 10 | 2 | 1 | 1 | 1 | 1 | | | |
| | | Natore | Natore Sadar | | | | | | | 1 | 1 | |
| | | | Singra | | | | | | | | | |
| | | | Gurudashpur | 10 | 2 | 1 | 1 | 1 | 1 | | | |
| | | Naogaon | Shapahar | 14 | 2 | 1 | 1 | 1 | 1 | 1 | 1 | |
| | | | Mohadevpur | | | | | | | | | |
| | | | Sadar | | | | | | | | | |
| | | | Porsha | 6 | 2 | 1 | 1 | 1 | 1 | | | |
| 2 | Khulna | Satkhira | Satkhira Sadar | 10 | 2 | 1 | 1 | 1 | 1 | 1 | 1 | |
| | | | Kolaroa | 10 | 2 | 1 | 1 | 1 | 1 | | | |
| | | | Tala | 10 | 2 | 1 | 1 | 1 | 1 | | | |
| 3 | Rangamati | Khagrachhari | Khagrachhari Sadar | 5 | 2 | 1 | 1 | 1 | 1 | 1 | 1 | |
| | | | Lakshmichhari | 5 | 2 | 1 | 1 | 1 | 1 | | | |
| | | | Mohalchari | 5 | 2 | 1 | 1 | 1 | 1 | | | |
| | | | Manikchhari | 5 | 2 | 1 | 1 | 1 | 1 | | | |
| | Total | | | 120 | 120x2= 240 | 120 | 14 | 14 | 14 | 6 | 6 | |

**Gross Number of Meeting= 294**
**Gross number of trainings= 120**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ★ পার্টনার-ডিএএম অংশ ★ কৃষি বিপণন অধিদপ্তর খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা ।

## Formation of Market Actors Business School (MABS) and Upazila Value Chain Promotional Organization (UVCPO) of Jackfruit of Financial Year 2024-2025

| S. L N o. | Region | District | Upazila | MABS | Meeting/ MABS at the central point of the area | Training/ MABS at the central point of the area | UVCPO | Meeting/UVCPO at District DAM office | Upazila Value Chain Coordination committee meeting | MSPM/ District | District Value Chain Coordination committee meeting | Executive committee related meeting of VCPB |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | Dhaka | Dhaka | Savar | 5 | 4 | 1 | 1 | 2 | 3 | 2 | 2 | 10 |
| | | Narsingdi | Belabo | 5 | 4 | 1 | 1 | 2 | 3 | 2 | | |
| | | | Shibpur | 5 | 4 | 1 | 1 | 2 | 3 | | | |
| | | | Narsingdi Sadar | | | | | | | | | |
| | | | Raipura | | | | | | | | | |
| | | Gazipur | Kapashia | 10 | 4 | 1 | 1 | 2 | 3 | 2 | 2 | |
| | | | Shreepur | 10 | 4 | 1 | 1 | 2 | 3 | | | |
| | | Tangail | Modhupur | 5 | 4 | 1 | 1 | 2 | 3 | 2 | 2 | |
| | | | Tangail Sadar | | | | | | | | | |
| | | | Bhuyapur | | | | | | | | | |
| | | | Dhonbari | | | | | | | | | |
| | | | Sakhipur | 5 | 4 | 1 | 1 | 2 | 3 | | | |
| 2 | Mymensingh | Mymensingh | Ishwarganj | | | | | | | 2 | 2 | |
| | | | Mymensingh Sadar | 5 | 4 | 1 | 1 | 2 | 3 | | | |
| | | | Fulbaria | 5 | 4 | 1 | 1 | 2 | 3 | | | |
| 3 | Rangamati | Khagrachhari | Khagrachhari Sadar | 5 | 4 | 1 | 1 | 2 | 3 | 2 | 2 | |
| | | | Lakshmichhari | 5 | 4 | 1 | 1 | 2 | 3 | | | |
| | | | Mohalchari | | | | | | | | | |
| | | | Manikchhari | | | | | | | | | |
| | | Bandarban | Bandarban Sadar | 5 | 4 | 1 | 1 | 2 | 3 | 2 | 2 | |
| | | | Rowangchari | 5 | 4 | 1 | 1 | 2 | 3 | | | |
| | | | Lama | | | | | | | | | |
| | | Rangamati | Rangamati Sadar | | | | | | | 2 | 2 | |
| | | | Langadu | | | | | | | | | |
| | | | Kaukhali | 5 | 4 | 1 | 1 | 2 | 3 | | | |
| | Total | | | 80 | 80x4=320 | 80 | 14 | 28 | 42 | 16 | 16 | 10 |

**Gross Number of Meeting=446**

**Gross Number of Training=80**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
মিরপুর, ঢাকা
পার্টনার-ডিএএম অংশ

# ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠন ও পরিচালনা নির্দেশিকা (খসড়া)

প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন,
এন্ট্রিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার)
কৃষি বিপণন অধিদপ্তর, কৃষি মন্ত্রণালয়।

**পটভূমি**

বাংলাদেশের অধিকাংশ মানুষ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কৃষির উপর নির্ভরশীল। গ্রামীন জনগণের কর্মসংস্থান ও আয়ের প্রধান উৎস কৃষি। ফলে দেশের অর্থনৈতিক মুক্তি ও সমৃদ্ধিতে কৃষির অবদান অনস্বীকার্য। বিগত বছরগুলোতে প্রতিকূল জলবায়ুর প্রভাব সত্ত্বেও কৃষি উৎপাদনে বাংলাদেশের অভূতপূর্ব অর্জন বিশ্ববাসীর নজর কেড়েছে। প্রধান খাদ্যশস্য ধানের উৎপাদন বেড়েছে। সেই সঙ্গে বেড়েছে ভুট্টা, গম, সবজি, ফল, এমনকি ফুলের চাষও। শস্যের পাশাপাশি মৎস্য, হাঁস-মুরগি, গবাদিপশু ও দুধ উৎপাদনও বেড়েছে কয়েকগুণ। বিগত বছরগুলোতে খাদ্য উৎপাদনে যেমন জোর দেয়া হয়েছে কৃষি বিপণন ব্যবস্থায় তেমন উল্লেখযোগ্য কোন পদক্ষেপ নেয়া হইনি। ফলে উৎপাদিত পণ্যের ন্যায্য মূল্য থেকে কৃষক বঞ্চিত হয়েছে। তাই খাদ্য উৎপাদনের সাথে কৃষি বিপণন ব্যবস্থা শক্তিশালী করতে পারলে কৃষিখাত টেকসইকরণ সম্ভব হবে। সেক্ষেত্রে কৃষি বিপণন কার্যক্রম শক্তিশালী করার জন্য কৃষিপণ্যের টেকসই ও সুপরিকল্পিত ভ্যালু চেইন কাঠামো প্রতিষ্ঠার প্রয়োজনীয়তা ব্যাপক। দক্ষ, গতিশীল, কার্যকর ও সুপরিকল্পিত কৃষি ভ্যালু চেইন উন্নয়নের মাধ্যমে কৃষিপণ্যের বাজারকে দেশীয় সীমানা পেরিয়ে আন্তর্জাতিক বাজারে প্রবেশ করানো সম্ভব হবে। রপ্তানি আয় বৃদ্ধির মাধ্যমে দেশের অর্থনীতি সমৃদ্ধ করার সুবর্ণ সুযোগ রয়েছে। যা কৃষিকে রপ্তানিমুখী শিল্পে পরিণত করতে পারে।

পৃথিবীর বিভিন্ন দেশে বিভিন্ন ধরণের কৃষক সংগঠন ও ভ্যালু চেইন সংগঠন রয়েছে। এ সকল সংগঠনে উপকরণ বিক্রেতা, কৃষকসহ গুরুত্বপূর্ণ ভ্যালু চেইন অংশীজন অর্ন্তভুক্ত রয়েছে। যেমন গ্রিসের ডোপেল এবং স্পেনের অলিভ পোমাসি অয়েল ইন্টারপ্রোফেশনাল অর্গানাইজেশন অলিভ অয়েল নিয়ে কাজ করে। ফ্রান্সের ইন্টারসিরিয়ালস গম, ভুট্টাসহ গুরুত্বপূর্ণ সিরিয়াল পণ্য নিয়ে কাজ করে। জাম্বিয়ার এগ্রি প্রো ফোকাস, ভারতের ফার্মার্স প্রডিউসার অর্গানাইজেশন (এফপিও) ও নেপালের ন্যাশনাল ফার্মার্স গ্রুপ ফেডারেশন (এনএফজিএফ) বিভিন্ন কৃষি পণ্য নিয়ে কাজ করে। ফ্রান্সের সিনিয়েল দুধ ও ডেইরি পণ্য নিয়ে কাজ করে। এ সকল সংগঠন পণ্যভিত্তিক ভ্যালু চেইন প্রতিষ্ঠার মাধ্যমে কৃষি বিপণন ব্যবস্থায় অভাবনীয় পরিবর্তন এনেছে। ফলে কৃষক তার উৎপাদিত পণ্যের ন্যায্য মূল্য পাচ্ছে। এই সকল পণ্যভিত্তিক ভ্যালু চেইন সংগঠনের আলোকে সরকার কৃষি মন্ত্রণালয়ে বাস্তবায়নাধীন প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্ট্রিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার) শীর্ষক প্রোগ্রামের এর অধীনে কৃষি বিপণন অধিদপ্তরের কর্মপরিধির আওতায় ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠনের উদ্যোগ গ্রহণ করেছে। এ প্রোগ্রামের মাধ্যমে পাঁচটি পণ্যের (আম, কাঁঠাল, আলু, টমেটো ও সুগন্ধি চাল) জন্য পাঁচটি ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠন করা হবে। অসীম রপ্তানি সম্ভাবনাময় এই পাঁচটি পণ্যের টেকসই বিপণন ব্যবস্থা তৈরি হবে ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠনের মাধ্যমে। পরবর্তীতে অন্যান্য কৃষিজাতপণ্যর জন্যও ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠিত হবে। বিভিন্ন পণ্যের ভ্যালু চেইন প্রমোশনাল বডিসমূহ গঠন ও পরিচালনা করার নিমিত্ত কৃষি মন্ত্রণালয় সম্প্রতি একটি নীতিমালা (ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠন ও পরিচালনা নীতিমালা ২০২৪) অনুমোদন করেছেন।

ভ্যালু চেইন প্রমোশনাল বডি কার্যকরভাবে গঠন ও পরিচালিত হলে কৃষি ও কৃষি বিপণনে অভূতপূর্ব সাফল্য বয়ে আনবে। যেমন কৃষি উৎপাদন বাড়বে। প্রতিযোগিতামূলক বাজার সৃষ্টি হবে। কৃষক তার পণ্যের ন্যায্যমূল্য পাওয়ার সম্ভাবনা বেড়ে যাবে। কৃষি বিপণনে জড়িত সকল অংশীজন লাভবান হবে। কৃষিপণ্যের দক্ষ ভ্যালু চেইন প্রতিষ্ঠিত হবে। দলভিত্তিক কৃষি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
পার্টনার-ডিএএম অংশ


বিপণন ব্যবস্থা গড়ে উঠবে। কৃষিতে নারীর ক্ষমতায়ন সম্ভব হবে। শিক্ষিত সৃষ্টিশীল তরুণ-তরুণীরা কৃষি উদ্যোক্তা হিসেবে গড়ে উঠবে। রপ্তানিমুখী কৃষি শিল্প বিকাশিত হবে।

একটি পণ্যের জন্য একটি ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠিত হবে। ভ্যালু চেইন প্রমোশনাল বডির কার্যক্রম পরিচালনার জন্য ইউনিয়ন পর্যায়ে মার্কেট অ্যাক্টরস বিজনেস স্কুল, উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন গঠন করা হবে। মার্কেট অ্যাক্টরস বিজনেস স্কুল হবে ভ্যালু চেইন প্রমোশনাল বডির সবচেয়ে গুরুত্বপূর্ণ অঙ্গ। মার্কেট অ্যাক্টরস বিজনেস স্কুল তৃণমূল পর্যায়ে সকল অংশীজনদের একটি সংগঠন। বাংলাদেশে মার্কেট অ্যাক্টরস বিজনেস স্কুল পণ্যভিত্তিক ও দলভিত্তিক বিপণন ব্যবস্থার সূচনা করবে। এই নতুন ধারণাটি আমাদের দেশের কৃষি বিপণন ব্যবস্থাকে অনেক বেশি শক্তিশালী করবে এবং কৃষক তার ন্যায্য মূল্য পাবে।

**ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠনের প্রয়োজনীয়তা**

ভ্যালু চেইন প্রমোশনাল বডি এমন একটি সংগঠন যা কোনো নির্দিষ্ট পণ্যের উপকরণ সরবরাহ, উৎপাদক থেকে চূড়ান্ত ভোক্তা পর্যন্ত সকল অংশীজনকে একই প্লাটফর্মে এনে একে অপরের সাথে সম্পৃক্ততার মাধ্যমে শক্তিশালী এবং টেকসই কৃষি বিপণন ব্যবস্থা গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। ফলে প্রয়োজনীয় সকল বাজার তথ্য সবার কাছে পৌঁছানো সহজ হবে। বাজারে অসামঞ্জস্য দেখা দিলে দ্রুত সমাধান করা সম্ভব হবে। বাজারের যেকোন বিষয়ে সমন্বিত সিদ্ধান্ত নেয়া সহজ হবে। সক্রিয় সরবরাহ ব্যবস্থাপনার মাধ্যমে বাজারে পণ্যের কৃত্রিম সংকট রোধ করা যাবে। ফলে বাজার এবং পণ্যের মূল্যেও স্থিতিশীলতা আসবে। উৎপাদন সহায়ক মানসম্পন্ন উপাদানসমূহ নিশ্চিতকরণ, ফসল কর্তন/সংগ্রহ পরবর্তী (ক্লিনিং, ওয়াশিং, গ্রেডিং, সর্টিং, কুলিং, প্রসেসিং ও প্যাকেজিং) পর্যায়ে যুতসই প্রযুক্তি ব্যবহারে অংশীজনকে উৎসাহিত করা হবে। কৃষিপণ্যের মূল্য সংযোজন করা, অর্থলগ্নি প্রতিষ্ঠানের সাথে অংশীজনকে সংযোগ সমন্বয় করে দেয়া, দলভিত্তিক বিপণন ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমে ভ্যালু চেইনকে প্রাতিষ্ঠানিকভাবে শক্তিশালী করা, কৃষিপণ্যের ন্যায্যমূল্য প্রাপ্তিতে কাজ করা এবং আন্তর্জাতিক বাজারে বাংলাদেশি পণ্যের ব্র্যান্ড তৈরিতে সহায়তা করা। বডির সদস্যদের স্বার্থ রক্ষার জন্য সরকার ও আন্তর্জাতিক সংস্থার সাথে আলোচনা করা ও কৃষি খাতের বিভিন্ন নীতিমালা তৈরিতে গুরুত্বপূর্ণ মতামত প্রদান করা। প্রশিক্ষণ, অবকাঠামো উন্নয়ন এবং প্রযুক্তিগত সহায়তার মাধ্যমে এটি কৃষি উৎপাদন ও বিপণন প্রক্রিয়াকে আরও দক্ষ এবং লাভজনক করে তুলবে। এটি কৃষি খাতে লিঙ্গ সমতা এবং নারী উদ্যোক্তাদের ক্ষমতায়নে সহায়ক ভূমিকা পালন করবে। সৃষ্টিশীল তরুণ এবং তরুণীদের উদ্যোক্তা হিসাবে গড়ে তুলতে কাজ করবে। ফলে অর্থনৈতিক উন্নয়নে যুব সমাজের অংশগ্রহণ নিশ্চিত হবে। সাথে সাথে আর্থিক নিরাপত্তা বাড়াবে এবং গ্রামীণ উন্নয়ন সম্ভব হবে। পরিশেষে বলা যায়, ভ্যালু চেইন প্রমোশনাল বডি কৃষি খাতের টেকসই উন্নয়নের একটি অপরিহার্য উপাদান হিসেবে কাজ করবে এবং কৃষি বিপণনে নতুন দিগন্ত রচনা করবে।

# ভ্যালু চেইন প্রমোশনাল বডির কাঠামো




চিত্রঃ ভ্যালু চেইন প্রমোশনাল বডির কাঠামো

**ভ্যালু চেইন প্রমোশনাল বডির কাঠামো**

ভ্যালু চেইন প্রমোশনাল বডির কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে মার্কেট এক্টরস বিজনেস স্কুল এবং উপজেলা পর্যায়ে উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন গঠন করা হবে। নিম্নে ধারাবাহিকভাবে তিনটি অধ্যায়ে- প্রথম অধ্যায়ে মার্কেট এক্টরস বিজনেস স্কুল, দ্বিতীয় অধ্যায়ে উপজেলা পর্যায়ে উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন এবং তৃতীয় অধ্যায়ে ভ্যালু চেইন প্রমোশনাল বডি- সবিস্তারে আলোচনা করা হবে।

## অধ্যায় প্রথম

## মার্কেট অ্যাক্টরস বিজনেস স্কুল (ম্যাবস)

মার্কেট এক্টরস বিজনেস স্কুল ভ্যালু চেইন প্রমোশনাল বডির প্রাথমিক স্তর যেটি ইউনিয়ন পর্যায়ে গঠিত হবে। এটি পণ্য ভিত্তিক সংগঠন অর্থাৎ একটি পণ্যের বিভিন্ন অংশীজনদের নিয়ে গঠন করা হবে। মার্কেট অ্যাক্টরস বিজনেস স্কুল হল কৃষি বিপণনের সাথে জড়িত বিভিন্ন অংশীজন যেমন কৃষক, উপকরণ বিক্রেতা, ব্যবসায়ী, হিমাগার সেবা প্রদানকারী, আড়ৎদার/কমিশন এজেন্ট, প্রক্রিয়াজাতকারী/উদ্যোক্তা, রপ্তানিকারক, শিক্ষাবিদ/গবেষক, প্যাকিং সেবা প্রদানকারী, কৃষি সম্প্রসারণ সেবা প্রদানকারী, বিপণন সেবা প্রদানকারী, এনজিও প্রতিনিধি, আর্থিক সেবা প্রদানকারী এবং ভোক্তা নিয়ে গঠিত একটি পণ্যভিত্তিক সংগঠন। টেকসই কৃষি বিপণন গড়ে তোলার জন্য সমস্ত অংশীজনকে একত্রিত করা এবং তাদের কর্মসংস্থানের পথ প্রশস্ত করা, দারিদ্র্য হ্রাস করা এবং সর্বোপরি ভ্যালু চেইন প্রমোশনাল বডির নীতিমালা অনুশীলনের মাধ্যমে টেকসই কৃষি বিপণন তৈরি করা।

উৎপাদন পরিকল্পনা ও লাগসই বাজার ব্যবস্থাপনা তৈরি করা, প্রিহার্ভেষ্ট, পোষ্টহার্ভেষ্ট (কুলিং, ক্লিনিং,ওয়াশিং, গ্রেডিং, সরটিং, প্রসেসিং ও প্যাকেজিং) প্রযুক্তি ব্যবহারে অংশীজনকে উৎসাহিত করা, কৃষি পণ্যের মূল্য সংযোজন করা, কৃষি বিপণনের সাথে জড়িত অংশীজনগণ ও উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান, অর্থলগ্নি প্রতিষ্ঠানের সাথে অংশীজনকে সংযোগ করে দেয়া, দলভিত্তিক বিপণন ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমে ভ্যালু চেইনকে শক্তিশালী করা, কৃষি পণ্যের ন্যায্যমূল্য নিশ্চয়তায় মার্কেট এক্টরস বিজনেস স্কুল গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

### ২. মার্কেট অ্যাক্টর বিজনেস স্কুলের লক্ষ্য ও উদ্দেশ্য

**২.১. লক্ষ্য:**

মার্কেট অ্যাক্টরস বিজনেস স্কুলের মূল লক্ষ্য হলো বিভিন্ন অংশীজনদের যেমন কৃষক, উপকরণ বিক্রেতা, ব্যবসায়ী, হিমাগার সেবা প্রদানকারী, আড়ৎদার/কমিশন এজেন্ট, প্রক্রিয়াজাতকারী/উদ্যোক্তা, রপ্তানিকারক, শিক্ষাবিদ/গবেষক, প্যাকিং সেবা প্রদানকারী, পরিবহন সেবা প্রদানকারী, কৃষি সম্প্রসারণ সেবা প্রদানকারী, বিপণন সেবা প্রদানকারী, এনজিও প্রতিনিধি, আর্থিক সেবা প্রদানকারী এবং ভোক্তার মধ্যে সমন্বয় সাধন এবং তাদের মধ্যে সম্পর্ক উন্নয়নের মাধ্যমে টেকসই কৃষি বিপণন ব্যবস্থা তৈরি করা।

**২.২. উদ্দেশ্য:**

- প্রান্তিক, ক্ষুদ্র ও মাঝারী কৃষক ও কৃষি উদ্যোক্তাদের ন্যায্যমূল্য প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে দলভিত্তিক উৎপাদন, সংগ্রহোত্তর ব্যবস্থাপনা ও বিপণনে উৎসাহিত ও সহযোগিতা করা;
- কৃষি পণ্যের জন্য টেকসই বাজার সংযোগ তৈরি করা এবং ন্যায্য মূল্য নিশ্চয়তায় কাজ করা;
- দলভিত্তিক বিপণন ব্যবস্থা গড়ে তোলা;
- বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে অংশীজনদের জ্ঞান এবং দক্ষতা বৃদ্ধি করা;
- মানসম্পন্ন, সাশ্রয়ী এবং টেকসই কৃষি উপকরণ ব্যবহারের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি করা;
- পণ্যের গুণগত মান বৃদ্ধি করার মাধ্যমে আয় বৃদ্ধির সুযোগ তৈরি করা;

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।

- তরুণ ও তরুণীদের উদ্যোক্তা হিসাবে গড়ে তোলা;
- বিভিন্ন অংশীজন দের মধ্যে আস্থা এবং সম্পর্ক উন্নয়ন করে তাদের মধ্যে সহযোগিতা বৃদ্ধি করা;
- পরিবেশ বান্ধব কৃষি চর্চায় উদ্বুদ্ধ করা;
- বিভিন্ন অংশীজনদের মধ্যে শক্তিশালী নেটওয়ার্কিং এবং অংশীদারিত্ব তৈরি করা।
- প্রত্যেক কাজে লিঙ্গ সমতা নিশ্চিত করা।

**৩. মূল্যবোধ ও নীতিমালা নিম্নরূপ:**

**৩.১. মূল্যবোধ:**

**অন্তর্ভুক্তিমূলকতা:** সকল অংশীজনদের বিশেষ করে ছোট ও মাঝারি কৃষক, ব্যবসায়ী ও উদ্যোক্তাদের জন্য সমান সুযোগ নিশ্চিত করা।

**সমতা:** সকলের জন্য সমান সুযোগ ও ন্যায্যতা নিশ্চিত করা। প্রত্যেক অংশীজনের মতামত এবং অবদানকে সম্মান জানানো।

**স্বচ্ছতা:** সকল তথ্য ও কার্যক্রমে স্বচ্ছতা বজায় রাখা যাতে প্রত্যেকের কাছে সমস্ত তথ্য স্পষ্ট থাকে।

**দায়িত্ব:** সবার কল্যানের জন্য দায়িত্ব গ্রহণ করা এবং প্রতিশ্রুতি পালনের প্রতি সচেতন থাকা।

**শিক্ষা ও উন্নয়ন:** সবার জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির জন্য শিক্ষা ও উন্নয়নের উপর জোর দেওয়া।

**৩.২. নীতিমালা:**

**সকলের জন্য সমান অধিকার:** সকল অংশীজনের সমান অধিকার ও সুযোগ নিশ্চিত করা।

**টেকসই নীতি অনুসরণ:** কৃষি ও বাণিজ্যিক কার্যক্রমে পরিবেশগত দিক বিবেচনা করে টেকসই নীতি অনুসরণ করা।

**জ্ঞান বিনিময়:** সকল স্তরের অংশীজনের মধ্যে জ্ঞান ও তথ্য ভাগাভাগি করা।

**নবীন প্রজন্মকে উৎসাহ প্রদান:** নবীন উদ্যোক্তা ও কৃষকদের উৎসাহিত করা এবং তাদের উন্নয়নে সহায়তা করা।

**মানবিক মূল্যবোধ:** সকল কার্যক্রমে মানবিক মূল্যবোধ এবং নৈতিকতা বজায় রাখা।

**৪. মার্কেট এক্টরস বিজনেস স্কুল (ম্যাবস) গঠন**

মার্কেট এক্টরস বিজনেস স্কুল কৃষক, উপকরণ বিক্রেতা, কৃষিপণ্য ব্যবসায়ী, হিমাগার সেবা প্রদানকারী, আড়ৎদার/কমিশন এজেন্ট, প্রক্রিয়াজাতকারী/উদ্যোক্তা, রপ্তানিকারক, শিক্ষাবিদ/গবেষক, প্যাকিং সেবা প্রদানকারী, কৃষি সম্প্রসারণ সেবা প্রদানকারী, বিপণন সেবা প্রদানকারী, এনজিও প্রতিনিধি, অর্থলগ্নি প্রতিষ্ঠানের প্রতিনিধি এবং ভোক্তা প্রতিনিধি নিয়ে গঠন করা হবে। পণ্য ভিত্তিক উৎপাদন যেখানে বেশি সেখানে একটি ইউনিয়নে একাধিক মার্কেট এক্টরস বিজনেস স্কুল গঠন করা যেতে পারে। ম্যাবসের মোট সদস্য সংখ্যা থাকবে ২৫ (পঁচিশ) জন। উপজেলা কৃষি কর্মকর্তার সহযোগিতায়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষি বিপণন অধিদপ্তর খামারবাড়ী... দ্বীপনগর, শাবতলী মিরপুর, ঢাকা। পার্টনার-ডিএএম অংশ

উপজেলা কৃষি বিপণন কর্মকর্তা/সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/ কৃষি বিপণন কর্মকর্তা ম্যাবসের এ ২৫ (পঁচিশ) জন সদস্য বাছাই করবেন।

**মার্কেট এক্টরস বিজনেস স্কুল গঠন**

| ক্রমিক নং | মার্কেট এক্টরস | সংখ্যা |
|---|---|---|
| ১ | কৃষক | ১০ |
| ২ | ইনপুট বিক্রেতা (বীজ, সার, কীটনাশক, মেশিনারি এবং সেচ) | ১ |
| ৩ | কৃষিপণ্য ব্যবসায়ী | ২ |
| ৪ | আড়ৎদার/ কমিশন এজেন্ট | ১ |
| ৫ | হিমাগার/গুদাম সেবা প্রদানকারী | ১ |
| ৬ | প্রক্রিয়াজাতকারী/নারী উদ্যোক্তা | ১ |
| ৭ | রপ্তানিকারক | ১ |
| ৮ | প্যাকিং সেবা প্রদানকারী | ১ |
| ৯ | পরিবহন সেবা প্রদানকারী | ১ |
| ১০ | কৃষি সম্প্রসারণ সেবা প্রদানকারী | ১ |
| ১১ | কৃষি বিপণন সেবা প্রদানকারী | ১ |
| ১২ | এনজিও প্রতিনিধি (কৃষি সম্প্রসারণ ও বিপণন সেবা প্রদানকারী) | ১ |
| ১৩ | গবেষক/একাডেমিশিয়ান | ১ |
| ১৪ | আর্থিক সেবা প্রদানকারী | ১ |
| ১৫ | ভোক্তা | ১ |
| | মোট সদস্য | ২৫ |

* ক্রমিক সংখ্যা ৫,৬,৭,৮,৯,১০,১১,১২,১৩ এবং ১৪ এ উল্লেখিত এক্টর না পাওয়া গেলে, তাদের পরিবর্তে সমসংখ্যক কৃষক নিয়ে ২৫ জন সদস্যের স্কুল তৈরি করা হবে।

### ৫. মার্কেট অ্যাক্টরস বিজনেস স্কুল (ম্যাবস) এর অংশীজন নির্বাচনের মানদন্ড

মার্কেট অ্যাক্টরস বিজনেস স্কুল (ম্যাবস) এ বিভিন্ন ধরণের অংশীজন থাকবে তাই তাদের প্রত্যেকেরই স্কুলের সদস্য হওয়ার জন্য কিছু বৈশিষ্ট্য থাকতে হবে। নীচে বর্ণিত মানদন্ড অনুসরণ করে অংশীজন দের নির্বাচন করা হবে।

### ৫.১ কৃষক নির্বাচনের মানদন্ড

কৃষক নির্বাচনের মানদন্ড নিম্নরূপ:

**সক্রিয় অংশগ্রহণ:** যে সকল কৃষক ফল, খাদ্যশস্য এবং শাকসবজি উৎপাদন, প্রক্রিয়াকরণ বা বিতরণে সক্রিয়ভাবে জড়িত তাদেরকে সদস্য হিসাবে নির্বাচনে অগ্রাধিকার দেওয়া হবে।

**শিক্ষা:** সদস্য নির্বাচনের ক্ষেত্রে শিক্ষিত কৃষকদের অগ্রাধিকার দেওয়া হবে।

**শেখার ইচ্ছা:** স্কুলে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ দেওয়া হবে তাই কৃষককে শেখার প্রচন্ড ইচ্ছা থাকতে হবে। শিখতে আগ্রহী এমন কৃষককে সদস্য হিসাবে নির্বাচনে অগ্রাধিকার দেওয়া হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষি বিপণন অধিদপ্তর দীপনগর, পর্বতলী মিরপুর, ঢাকা। পার্টনার-ডিএএম অংশ

**নতুন কৌশল এবং প্রযুক্তি গ্রহণের ইচ্ছা:** টেকসই চাষাবাদ ও বিপণনের জন্য নতুন কৌশল এবং প্রযুক্তি গ্রহণ এবং প্রয়োগ করার ইচ্ছা আছে এমন কৃষক/কৃষানী সদস্য নির্বাচনে অগ্রাধিকার দেওয়া হবে।

**অভিজ্ঞতা:** যে সকল কৃষকের নির্দিষ্ট ফসল চাষে ৫-১০ বছর বা ততোধিক বছরের অভিজ্ঞতা আছে তাদেরকে সদস্য হিসাবে নির্বাচন করা হবে।

**সঞ্চয়ের আগ্রহ**: যে সকল কৃষক স্কুলের ফান্ডে সঞ্চয়ের আগ্রহী তাদেরকে সদস্য হিসাবে নির্বাচন করা হবে। সঞ্চিত এই অর্থ সদস্যদের সম্মিলিত কাজে ব্যবহার করা হবে।

**যুব ও নারী প্রতিনিধিত্ব:** স্কুলের সদস্য নির্বাচনে ১৮-৫০ বছর বয়সী কৃষক/কৃষাণীকে অগ্রাধিকার দেওয়া হবে। টেকসই কৃষি বাস্তবায়নে তারুণ্য শক্তিকে কাজে লাগাতে হবে।

**ভ্যালু চেইনে অবদান:** যে সকল কৃষক ভ্যালু চেইন নিয়ে কাজ করতে আগ্রহী তাদেরকে সদস্য হিসাবে নেওয়া হবে। স্কুলে ভ্যালু চেইন নিয়ে যে সকল প্রশিক্ষণ দেওয়া হবে সেটা কাজে লাগিয়ে নিজের উৎপাদিত পণ্যের মূল্য সংযোজন করার ইচ্ছা থাকতে হবে যা তাকে আর্থিকভাবে স্বাবলম্বী করবে।

**চাষযোগ্য জমির মালিকানা:** যে সকল কৃষকের ন্যূনতম ১ একর চাষযোগ্য জমি আছে তাদেরকে সদস্য হিসাবে নেওয়া যেতে পারে। কৃষক নির্বাচনের সময় ৮০ শতাংশ ছোট কৃষক এবং ২০ শতাংশ মাঝারি ও বড় কৃষকদের অন্তর্ভুক্ত করার উপর জোর দিতে হবে। লিঙ্গ ভারসাম্যের উপর জোর দিতে হবে সেক্ষেত্রে ২০ শতাংশ মহিলা এবং ৮০ শতাংশ পুরুষ সদস্য থাকতে হবে।

**নেতৃত্বের গুণমান:** যে সকল কৃষক/কৃষাণীর নেতৃত্বের গুণাবলী আছে তাদেরকে সদস্য নির্বাচনে অগ্রাধিকার দেওয়া হবে।

**সহযোগিতার প্রতিশ্রুতি:** অন্যকে সহযোগিতার মানসিকতা আছে এমন কৃষককে স্কুলে সদস্য হিসাবে নিতে হবে। পারস্পারিক সহযোগিতার মাধ্যমে স্কুলের সকল কর্মকান্ড সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে হবে।

**উদ্যোক্তা:** উদ্যোক্তা হিসাবে নিজেকে তৈরি করার মানসিকতা আছে এমন কৃষককে সদস্য হিসাবে নির্বাচনে অগ্রাধিকার দিতে হবে। ইতিমধ্যে উদ্যোক্তা হিসাবে পরিচিত এমন কৃষককে খুজে খুজে স্কুলের সদস্য বানাতে হবে।

**কৃষি সম্পর্কিত অন্য কোন প্রতিষ্ঠানের সাথে জড়িত থাকা:** কৃষি বিপণন অফিস/কৃষি সম্প্রসারন অফিস বা কোন বেসরকারি প্রতিষ্ঠান থেকে কৃষি সম্পর্কিত বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণ করেছে এমন কৃষককে সদস্য নির্বাচনে অগ্রাধিকার দেওয়া হবে।

**লক্ষ্যপূরনে প্রতিজ্ঞাবদ্ধ:** স্কুলের লক্ষ্যপূরণে প্রতিজ্ঞাবদ্ধ হতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ী, ফার্মগেট
ঢাকা। ★ পার্টনার-ডিএএম অংশ ★

## ৫.২. উপকরণ বিক্রেতা নির্বাচনের মানদন্ড

উপকরণ বিক্রেতা নির্বাচনের মানদণ্ড নিম্নরূপ:

**মানসম্মত পণ্য:** উচ্চ মানের কৃষি ইনপুট সরবরাহের সক্ষমতা থাকতে হবে। ভাল মানের উপকরণ উচ্চ ফলনের নিশ্চয়তা প্রদান করে।

**শিক্ষা:** সদস্য নির্বাচনের ক্ষেত্রে শিক্ষিত উপকরণ বিক্রেতাকে অগ্রাধিকার দেওয়া হবে।

**বাজার জ্ঞান:** কৃষি ইনপুটের বাজার চাহিদা এবং মূল্য নির্ধারণের বিষয় যথেষ্ট জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।

**অভিজ্ঞতা:** কৃষি ইনপুট বিক্রির ক্ষেত্রে ন্যূনতম পাঁচ বছর বা তার বেশি সময়ের অভিজ্ঞতা থাকতে হবে।

**সঞ্চয়ের আগ্রহ:** যে সকল ইনপুট বিক্রেতার স্কুল ফান্ডে সঞ্চয়ের আগ্রহ আছে তাদেরকে সদস্য হিসাবে নির্বাচন করা হবে। সঞ্চিত এই অর্থ সদস্যদের সম্মিলিত কাজে ব্যবহার করা হবে।

**লাইসেন্স ও নিবন্ধণ:** ইনপুট বিক্রেতার কাছে সরকারি নিবন্ধন এবং প্রাসঙ্গিক লাইসেন্স থাকতে হবে যা তার ব্যবসার বৈধতা নিশ্চিত করে।

**গ্রাহক সেবা:** গ্রাহক সেবা প্রদানের রেকর্ড এবং গ্রাহক সন্তুষ্টির প্রতি অঙ্গীকারবদ্ধতা।

**পরিবেশগত দায়বদ্ধতা:** পরিবেশগতভাবে টেকসই পণ্য সরবরাহ এবং পরিবেশ সংরক্ষণে অবদান রাখার প্রতি অঙ্গীকার থাকতে হবে।

**উদ্ভাবন ও প্রযুক্তি গ্রহণ:** নতুন প্রযুক্তি এবং উদ্ভাবনী পদ্ধতি গ্রহণের প্রতি আগ্রহী হওয়া এবং কৃষকদের মাঝে সেগুলো বিতরণ করা।

**প্রশিক্ষণ:** স্কুলের পরিচালিত সকল প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে এবং সেভাবে ব্যবসা পরিচালনা এবং অন্যান্যদের সহযোগিতা করতে হবে।

## ৫.৩. ব্যবসায়ী নির্বাচনের মানদন্ড

ব্যবসায়ী নির্বাচনের মানদণ্ড নিম্নরূপ:

**শিক্ষা:** ব্যবসায়ীর এর ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণী পাস হতে হবে।

**বাজার জ্ঞান:** বাজারে কৃষি পণ্যের চাহিদা এবং মূল্য নির্ধারণে জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।

**অভিজ্ঞতা:** কৃষি পণ্যের ব্যবসায়ের এর ক্ষেত্রে ন্যূনতম পাঁচ বছর বা তার বেশি সময়ের অভিজ্ঞতা থাকতে হবে।

**সঞ্চয়ের আগ্রহ:** যে সকল ব্যবসায়ী স্কুলের ফান্ডে সঞ্চয়ের আগ্রহ আছে তাদেরকে সদস্য হিসাবে নির্বাচন করা হবে। সঞ্চিত এই অর্থ সদস্যদের সম্মিলিত কাজে ব্যবহার করা হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষি বিপণন অধিদপ্তর খামারবাড়ি... দ্বীপনগর, গাবতলী মিরপুর, ঢাকা। পার্টনার-ডিএএম অংশ

**লাইসেন্স ও নিবন্ধন:** যাদের কৃষি পণ্য ব্যবসার এর জন্য সরকারি নিবন্ধন এবং প্রাসঙ্গিক লাইসেন্স থাকবে তাদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।

**প্রশিক্ষণ:** স্কুলে পরিচালিত সকল প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে এবং সেভাবে ব্যবসা পরিচালনা করা এবং অন্যান্যদের সহযোগিতা করতে হবে।

**পণ্য ক্রয়ের প্রতিশ্রুতিঃ** স্কুলের সদস্যদের উৎপাদিত পণ্য ক্রমের প্রতিশুতি থাকতে হবে।

**বাজার তথ্য বিনিময়ঃ** স্কুলের সদস্যদের সাথে পণ্যের সঠিক বাজার দর বিনিময় করতে হবে।

**৫.৪. কোল্ড-স্টোরেজ সেবা প্রদানকারী নির্বাচনের মানদণ্ড**

কোল্ড-স্টোরেজ সেবা প্রদানকারী নির্বাচনের মানদণ্ড নিম্নরূপ:

**লাইসেন্স ও নিবন্ধণ:** কোল্ড-স্টোরেজ এর বৈধ লাইসেন্স এবং নিবন্ধণ থাকতে হবে যা সরকারি নিয়ম অনুযায়ী কোল্ড-স্টোরেজ পরিষেবা প্রদানের অনুমতি দেয়।

**অভিজ্ঞতা:** কৃষি পণ্য সংরক্ষণে ন্যূনতম পাঁচ বছরের প্রাসঙ্গিক অভিজ্ঞতা।

**প্রযুক্তিগত দক্ষতা:** আধুনিক এবং কার্যকরী কোল্ড-স্টোরেজ প্রযুক্তি বিদ্যমান থাকতে হবে যা কৃষি পণ্যের গুণমান রক্ষার্থে প্রয়োজনীয়।

**গ্রাহক সেবা:** কৃষককে উচ্চমানের সেবা প্রদানের অতীত রেকর্ড থাকতে হবে এবং গ্রাহকদের সন্তুষ্টি নিশ্চিত করার সক্ষমতা থাকতে হবে। ফসল সংগ্রহের পূর্বে কোল্ড-স্টোরেজে সংরক্ষণ ও চার্জ সংক্রান্ত বিষয়ে কৃষক ও বাবসায়ীকে তথ্য বিনিময় করবে।

**পরিবেশগত দায়বদ্ধতা:** পরিবেশ বান্ধব প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে টেকসই কোল্ড-স্টোরেজ ব্যবস্থা আছে এমন সেবাপ্রদানকারীকে অগ্রাধিকার দেওয়া হবে। পরিবেশের ক্ষতি করে টেকসই কৃষি বিপণন আশা করা অসম্ভব।

**স্থাপনার মান:** কোল্ড-স্টোরেজের স্থাপনা এবং অবকাঠামো এর মান এমন হতে হবে যা প্রয়োজনীয় তাপমাত্রা এবং আর্দ্রতা নিয়ন্ত্রণে সক্ষম। অন্যথায় কৃষক/ব্যবসায়ী ক্ষতিগ্রস্ত হবে।

**উদ্ভাবন ও প্রযুক্তি গ্রহণ:** নতুন প্রযুক্তি এবং উদ্ভাবনী পদ্ধতি গ্রহণে উৎসাহী হতে হবে যা পণ্য সংরক্ষণের ক্ষেত্রে দক্ষতা এবং কার্যকারিতা বৃদ্ধি করবে।

**জরুরি পরিস্থিতি পরিকল্পনা:** জরুরি পরিস্থিতি সামাল দেওয়ার জন্য পূর্বনির্ধারিত পরিকল্পনা থাকতে হবে যেমন বিদ্যুৎ বিচ্ছিন্নতা বা যান্ত্রিক বিকলতা দেখা দিলে বিকল্প ব্যবস্থা আছে এমন সেবাপ্রদানকারীকে অগ্রাধিকার দেওয়া হবে।

### ৫.৫. আড়ৎদার/কমিশন এজেন্ট নির্বাচনের মানদন্ড

আড়ৎদার/কমিশন এজেন্ট নির্বাচনের মানদন্ড নিম্নরূপ:

**লাইসেন্স ও নিবন্ধন:** আড়ৎদার/কমিশন এজেন্টদের প্রাসঙ্গিক সরকারি লাইসেন্স এবং নিবন্ধন থাকতে হবে যা তাদের ব্যবসায়িক কার্যক্রমের বৈধতা নিশ্চিত করে।

**বাজার জ্ঞান:** কৃষি পণ্যের বাজার, মূল্য নির্ধারণ এবং চাহিদা-সরবরাহের ব্যবহারিক জ্ঞান থাকতে হবে।

**অভিজ্ঞতা:** কৃষি পণ্যের বাজারজাতকরণে ন্যূনতম তিন বছরের অভিজ্ঞতা।

**সদস্যদের সাথে সম্পর্ক:** কৃষক এবং অন্যান্য অংশীজনের সাথে ভাল সম্পর্ক রাখার মানসিকতা থাকতে হবে।

**স্বচ্ছতা ও ন্যায্যতা:** লেনদেনে স্বচ্ছতা এবং ন্যায্যতা নিশ্চিত করা এবং সকল লেনদেনে ন্যায্য মূল্য নিশ্চিত করার ক্ষেত্রে প্রতিশ্রুতিবদ্ধ হতে হবে।

**টেকসই কৃষি বিপণন ব্যবস্থা:** পরিবেশ বান্ধব কার্যক্রম এবং টেকসই কৃষি বিপণন ব্যবস্থা তৈরিতে অঙ্গীকারবদ্ধ হতে হবে যাতে কৃষক থেকে শুরু করে ভোক্তা সবাই লাভবান হতে পারে।

**প্রশিক্ষণ:** নিজের দক্ষতা বৃদ্ধি করার জন্য প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী হতে হবে।

**বাজার তথ্য বিনিময়ঃ** স্কুলের সদস্যদের সাথে পণ্যের সঠিক বাজার দর বিনিময় করতে হবে।

### ৫.৬. প্রক্রিয়াজাতকারী/নারী উদ্যোক্তাদের নির্বাচনের মানদন্ড

প্রক্রিয়াজাতকারী/নারী উদ্যোক্তা নির্বাচনের মানদন্ড নিম্নরূপ:

**লাইসেন্স ও নিবন্ধণ:** ব্যবসাইয়ের জন্য প্রযোজ্য সকল লাইসেন্স এবং নিবন্ধণ যাদের থাকবে তাদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।

**অভিজ্ঞতা ও দক্ষতা:** সংশ্লিষ্ট কৃষি পণ্য প্রক্রিয়াজাতকরণে ন্যূনতম দুই বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**ব্যবসায়িক পরিকল্পনা:** স্থায়িত্বশীল ব্যবসায়িক পরিকল্পনা থাকতে হবে যা দীর্ঘমেয়াদী সফলতা নিশ্চিত করে।

**মার্কেট অ্যাক্সেস:** সংশ্লিষ্ট পণ্যের বাজারের অ্যাক্সেস থাকতে হবে এবং পণ্য বিক্রয়েরর জন্য সুন্দর সম্পর্ক এবং চ্যানেল থাকতে হবে।

**প্রযুক্তিগত জ্ঞান:** আধুনিক প্রযুক্তি ব্যবহারে এবং প্রক্রিয়াজাতকরণ পদ্ধতিতে দক্ষতা থাকতে হবে।

**পরিবেশগত দায়বদ্ধতা:** পরিবেশ বান্ধব ক্রিয়াজাতকরণ প্রক্রিয়া এবং টেকসই উপকরণ ব্যবহারের প্রতি অঙ্গীকার থাকতে হবে।

**এসএমই সদস্যঃ** যে সকল উদ্যোক্তা স্মল মিডিয়াম এন্টারপ্রাইজ ফাউন্ডেশনের সদস্য তাদেরকে সদস্য নির্বাচনে অগ্রাধিকার দেওয়া হবে।

**নোটঃ** প্রক্রিয়াজাতকারী হিসাবে নারী উদ্যোক্তাদের সদস্য হিসাবে নির্বাচন করার বিষয়ে অগ্রাধিকার দেওয়া হবে।

### ৫.৭. রপ্তানিকারক নির্বাচনের মানদন্ড

রপ্তানিকারক নির্বাচনের মানদন্ড নিম্নরূপ:

**বৈধ লাইসেন্স ও নিবন্ধণ:** রপ্তানিকারকদের সংশ্লিষ্ট সরকারি অথরিটি থেকে প্রাপ্ত বৈধ রপ্তানি লাইসেন্স এবং নিবন্ধণ থাকতে হবে।

**বাজার জ্ঞান:** আন্তর্জাতিক বাজারে পণ্যের চাহিদা, প্রবণতা, এবং মূল্য নির্ধারণের সঠিক জ্ঞান থাকতে হবে।

**অভিজ্ঞতা:** রপ্তানি কার্যক্রমে দুই বছরের অভিজ্ঞতা।

**পণ্যের মান নিশ্চিতকরণ:** পণ্যের মান নির্ধারণ করার দক্ষতা থাকতে হবে যা আন্তর্জাতিক মান এবং ক্রেতার চাহিদা পূরণ করবে।

**সরবরাহ চেইন ব্যবস্থাপনা:** কার্যকরী সরবরাহ চেইন ও লজিস্টিক ব্যবস্থাপনায় দক্ষ হতে হবে।

**আর্থিক স্থায়িত্ব:** ব্যবসায়ে টেকসই বিনিয়োগ থাকতে হবে এবং ঝুঁকি মোকাবেলার সক্ষমতা থাকতে হবে।

**প্রযুক্তি ব্যবহার:** আধুনিক প্রযুক্তিকে ব্যবসায়িক কার্যক্রমে অন্তর্ভুক্তির ইচ্ছা থাকতে হবে।

**বাজার বিস্তারের সক্ষমতা:** নতুন নতুন বাজার খুঁজে তাদের সাথে সম্পর্ক তৈরি করে ব্যাবাসায়ের কলবর বাড়াতে হবে এমন মানসিকতা থাকতে হবে।

### ৫.৮. প্যাকিং সেবা প্রদানকারী নির্বাচনের মানদন্ড

প্যাকিং সেবা প্রদানকারী নির্বাচনের মানদন্ড নিম্নরূপ:

**লাইসেন্স ও নিবন্ধণ:** প্যাকিং সেবার জন্য বৈধ লাইসেন্স এবং সংশ্লিষ্ট নিবন্ধন যাদের থাকবে তাদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।

**প্রযুক্তিগত দক্ষতা:** উন্নত প্যাকিং প্রযুক্তি এবং প্রক্রিয়া সম্পর্কে জ্ঞান এবং দক্ষতা থাকতে হবে আর যদি না থাকে তবে দক্ষতা অর্জনের প্রবল ইচ্ছা থাকতে হবে।

**মান নিয়ন্ত্রণ:** প্রোডাক্ট প্যাকিং সম্পর্কে ভাল জ্ঞান থাকতে হবে এবং প্যাকিং এর মান নিশ্চিত করার জন্য টেকসই মান নিয়ন্ত্রণ ব্যবস্থা থাকতে হবে।

**পরিবেশ বান্ধব:** প্যাকিং এর জন্য পরিবেশ বান্ধব উপাদান ও প্রক্রিয়া ব্যবহারে অঙ্গীকারবদ্ধ হতে হবে।

**কাস্টমাইজেশন:** বিভিন্ন প্রকারের কৃষি পণ্যের জন্য কাস্টমাইজড প্যাকিং সল্যুশন প্রদানের মানসিকতা থাকতে হবে।

**সময় সচেতন:** নির্ধারিত সময়ের মধ্যে নির্ভুল ও নিরাপদ প্যাকিং সেবা সরবরাহের সক্ষমতা থাকতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট ঢাকা।
পার্টনার-ডিএএম অংশ

**গ্রাহক সেবা:** গ্রাহককে সর্বোচ্চ সেবা প্রদানের ইচ্ছা থাকতে হবে।

**বাজাররে চাহিদা মোতাবেক সমাধান:** বাজারের চাহিদা অনুযায়ী উদ্ভাবনী এবং কার্যকর প্যাকিং সল্যুশন ব্যবস্থা থাকতে হবে।

**৫.৯. পরিবহন সেবা প্রদানকারী নির্বাচনের মানদন্ড**

পরিবহন সেবা প্রদানকারী নির্বাচনের মানদন্ড নিম্নরূপ:

**বৈধতা ও লাইসেন্স:** পরিবহন ব্যবসা চালানোর জন্য বৈধ লাইসেন্স এবং সমস্ত আইনি নিবন্ধন থাকতে হবে।

**যানবাহনের মান:** পরিবহন যানবাহন ভালো মানের এবং নিরাপদ হতে হবে এবং নিয়মিত পরীক্ষা ও রক্ষণাবেক্ষণ ব্যবস্থা থাকতে হবে।

**পরিবেশ বান্ধব:** পরিবেশের উপর কম প্রভাব ফেলে এমন পরিবহন পদ্ধতি অনুসরণ করতে হবে।

**সময়মত ডেলিভারি:** পণ্য সময়মত এবং নিরাপদে ডেলিভারি দেবার সক্ষমতা থাকতে হবে।

**প্রতিযোগিতা:** প্রতিযোগিতামূলক মূল্যে উন্নত পরিবহন সেবা প্রদান করতে হবে।

**কাস্টমার সার্ভিস:** গ্রাহকদের সাথে ভালো যোগাযোগ এবং সেবামূলক মনোভাব রেখে ব্যবসা করতে হবে।

**অভিজ্ঞতা:** পরিবহন সেবা প্রদানে কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**সামর্থ্য:** বিভিন্ন আকার ও ধরনের পণ্য পরিবহনের সামর্থ্য থাকতে হবে।

**জরুরি পরিস্থিতি পরিচালনা:** জরুরি পরিস্থিতিতে দ্রুত সমাধান এবং প্রতিকারের ব্যবস্থা থাকতে হবে।

**মনিটরিং:** আধুনিক প্রযুক্তি ব্যবহার করে পণ্যের পরিবহন প্রক্রিয়াকে মনিটরিং করার ব্যবস্থা থাকতে হবে।

**৫.১০. কৃষি সম্প্রসারণ সেবা প্রদানকারী নির্বাচনের মানদন্ড**

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে কর্মরত (উপজেলা কৃষি কর্মকর্তা/কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/উপসহকারী কৃষি কর্মকর্তা) হলেই তাকে সদস্য হিসাবে নির্বাচন করা হবে।

**৫.১১. কৃষি বিপণন সেবা প্রদানকারী নির্বাচনের মানদন্ড**

কৃষি বিপণন অধিদপ্তরে কর্মরত (সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/সহকারী কৃষি বিপণন কর্মকর্তা/মাঠ ও বাজার পরিদর্শক) হলেই তাকে সদস্য হিসাবে নির্বাচন করা হবে।

**৫.১২. এনজিও প্রতিনিধি (কৃষি সম্প্রসারণ ও বিপণন সেবা প্রদানকারী) নির্বাচনের মানদন্ড**

এনজিও প্রতিনিধি (কৃষি সম্প্রসারণ ও বিপণন সেবা প্রদানকারী) নির্বাচনের মানদন্ড নিম্নরূপ:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষি বিপণন অধিদপ্তর খামারবাড়ি নগর, গাবতলী মিরপুর, ঢাকা। পার্টনার-ডিএএম অংশ

**কৃষি জ্ঞান ও অভিজ্ঞতা:** কৃষি বিপণন এবং সম্প্রসারণে জ্ঞান এবং বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

**যোগাযোগ:** স্থানীয় কৃষক ও অন্যান্য অংশীজন দের সাথে ভালো সম্পর্ক এবং যোগাযোগ বজায় রাখতে হবে।

**প্রযুক্তি জ্ঞান:** কৃষি প্রযুক্তি, টেকসই চাষাবাদ পদ্ধতি এবং কৃষি বিপণন সম্পর্কে ভাল জ্ঞান থাকতে হবে।

**প্রশিক্ষণ প্রদান:** কৃষকদের কৃষি ও বিপণন বিষয়ক প্রশিক্ষণ প্রদানের দক্ষতা থাকতে হবে।

### ৫.১৩. গবেষক/একাডেমিশিয়ান নির্বাচনের মানদন্ড

গবেষক/একাডেমিশিয়ান নির্বাচনের মানদন্ড নিম্নরূপ:

**অভিজ্ঞতা ও যোগ্যতা:** কৃষি, কৃষি অর্থনীতি, ব্যবসায় প্রশাসন বা সংশ্লিষ্ট বিষয়ে উচ্চশিক্ষা থাকতে হবে এবং গবেষণায় অভিজ্ঞ হতে হবে।

**গবেষণা প্রকাশনা:** কৃষি ও কৃষি বিপণন সংক্রান্ত বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক জার্নালে গবেষণা প্রকাশনা আছে এমন ব্যক্তিকে সদস্য নির্বাচনে অগ্রাধিকার দেওয়া হবে।

**শিক্ষাদান ও প্রশিক্ষণ:** কৃষি, বাজার ব্যবস্থাপনা এবং সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষাদান ও প্রশিক্ষণ প্রদানে দক্ষতা থাকতে হবে।

## ৬. মার্কেট এক্টরস বিজনেস স্কুলে বিভিন্ন অংশীজনের ভূমিকা/কার্যাবলি

সকল অংশীজনের সমন্বিত কার্যক্রমের মাধ্যমেই একটি গতিশীল ও সক্রিয় মার্কেট এক্টরস বিজনেস স্কুল প্রতিষ্ঠিত হতে পারে। নিম্নে বিভিন্ন অংশীজনের ভূমিকা/কার্যাবলি আলোচনা করা হল।

### ৬.১ মার্কেট এক্টরস বিজনেস স্কুলে কৃষকের ভূমিকা

- ম্যাবস-এর প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করে আধুনিক কৃষি পদ্ধতি এবং প্রযুক্তি সম্পর্কে জ্ঞান অর্জন করবে। অর্জিত এ জ্ঞান ও অভিজ্ঞতা অন্যান্য কৃষকদের সাথে বিনিময় করবে। কৃষি কাজে এই অর্জিত জ্ঞান ব্যবহার করবে।
- পরিবেশবান্ধব কৃষি অনুশীলনে কৃষক উদ্বুদ্ধ হয়ে রাসায়নিক সার এবং কীটনাশকের ব্যবহার কমিয়ে নিরাপদ খাদ্য উৎপাদনে করবে।
- জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলার জন্য টেকসই কৃষি পদ্ধতি অবলম্বন করবে।
- উচ্চ ফলনশীল বীজ ও আধুনিক কৃষি প্রযুক্তি ব্যবহার করে উৎপাদনশীলতা বৃদ্ধি করবে।
- বাজারের চাহিদা এবং মূল্য সম্পর্কে তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করে উৎপাদন পরিকল্পনা করবে।
- ম্যাবস এর বিভিন্ন কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করা।
- সকল স্টেকহোল্ডারদের সাথে সুসম্পর্ক বজায় রাখা।

### ৬.২ মার্কেট এক্টরস বিজনেস স্কুলে উপকরণ বিক্রেতার ভূমিকা

- ম্যাবস-এর প্রশিক্ষণ কর্মসূচিতে নিয়মিত অংশগ্রহণ করবে। অর্জিত এ জ্ঞান ও অভিজ্ঞতা অন্যান্য কৃষকদের সাথে বিনিময় করবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষি বিপণন অধিদপ্তর খামারবাড়ী, মিরপুর, ঢাকা। পার্টনার-ডিএএম অংশ

- ন্যায্য মূল্যে কৃষি উপকরণ (সার, বীজ, ট্রাক্টর, সেচ যন্ত্র ইত্যাদি) বিক্রি করবে।
- উচ্চ ফলনশীল এবং রোগ প্রতিরোধী বীজ এবং সঠিক এবং মানসম্মত সার ও কীটনাশক সরবরাহ করবে।
- নকল বা নিম্নমানের উপকরণের সরবরাহ থেকে বিরত থাকবে।
- কৃষকদের নতুন প্রযুক্তি এবং কৃষি পদ্ধতি সম্পর্কে সচেতন করবে।
- কৃষকদের জন্য বিভিন্ন কর্মসূচির আয়োজন করবে যেখানে সঠিক উপকরণ ব্যবহার সম্পর্কে শেখানো হবে।
- কৃষকদের সঠিক উপকরণ নির্বাচন এবং ব্যবহারের জন্য পরামর্শ প্রদান করা।
- কৃষকদের সাথে নিয়মিত যোগাযোগ রাখবে এবং তাদের চাহিদা ও সমস্যা সম্পর্কে অবগত থাকা।

**৬.৩ মার্কেট এক্টরস বিজনেস স্কুলে ব্যবসায়ীর ভূমিকা**

- ন্যায্য মূল্যে কৃষকদের উৎপাদিত পণ্য ক্রয় করবে।
- সরাসরি কৃষকের কাছ থেকে পণ্য সংগ্রহ করবে।
- কৃষক এবং অন্যান্য অংশীজনের কাছে বাজার সম্পর্কিত সঠিক তথ্য সরবরাহ করবে।
- সরবরাহ চেইন সুষ্ঠুভাবে পরিচালনা করে পণ্যের নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করা।
- নতুন বাজারের অনুসন্ধান করবে এবং সেগুলিতে প্রবেশের ব্যবস্থা করবে।

**৬.৪ মার্কেট এক্টরস বিজনেস স্কুলে আড়ৎদার/কমিশন এজেন্ট এর ভূমিকা**

- সরাসরি কৃষকদের কাছ থেকে ন্যায্য মূল্যে পণ্য সংগ্রহ করবে।
- কৃষকদের সাথে আলোচনা করে ন্যায্য মূল্য নির্ধারণ করবে।
- কৃষক ও ক্রেতাদের জন্য বাজারে পণ্যের চাহিদা এবং মূল্য সম্পর্কে সঠিক তথ্য সরবরাহ করবে।
- বাজারের চাহিদা ও সরবরাহের উপর ভিত্তি করে পণ্যের মূল্য নির্ধারণ করবে।
- কৃষকদের সাথে নিযমিত যোগাযোগ রাখবে এবং তাদের সমস্যার সমাধান করবে।
- পণ্য বিক্রয়েরর উপর ভিত্তি করে সহনীয় পর্যায়ে কমিশন গ্রহণ করবে যাতে কৃষক ক্ষতিগ্রস্ত না হয়।
- কৃষক, ব্যবসায়ী, ক্রেতা এবং অন্যান্য অংশীজনের সাথে সুসম্পর্ক বজায় রাখতে হবে।
- বাজার নীতি ও আইন পর্যালোচনা করবে এবং সেগুলির সাথে সামঞ্জস্য রেখে কার্যক্রম পরিচালনা করবে।

**৬.৫ মার্কেট এক্টরস বিজনেস স্কুলে প্রক্রিয়াজাতকারীর ভূমিকা**

- ম্যাবসের সকল কার্যক্রমে সক্রিয় ভাবে অংশগ্রহণ করবে।
- কৃষক থেকে কাঁচা পণ্য ন্যায্য মূল্যে সংগ্রহ করবে।
- পণ্য প্রক্রিয়াজাতকরণে উন্নত যন্ত্রপাতি ব্যবহার করবে।
- প্রক্রিয়াজাতকরণের সময় স্বাস্থ্যকর এবং নিরাপদ পদ্ধতি অবলম্বন করবে যাতে পণ্যের গুণগত মান এবং ভোক্তাদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত হয়।
- প্রক্রিয়াজাতকরণের সময় পরিবেশবান্ধব পদ্ধতি অবলম্বন করবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষি বিপণন অধিদপ্তর ...., গাবতলী মিরপুর, ঢাকা। পাটনার-ডিএএম অংশ

- পণ্যের প্যাকেজে সঠিক লেবেলিং করবে যাতে পণ্যের তথ্য, মেয়াদ উত্তীর্ণের তারিখ, উপাদান এবং পুষ্টি তথ্য উল্লেখ থাকে।
- প্রক্রিয়াজাত পণ্যের নতুন বাজার অনুসন্ধান করবে।
- কৃষককে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবে যাতে তারা উচ্চ মানের কাঁচা পণ্য উৎপাদন করতে পারে।

**৬.৬ মার্কেট এক্টরস বিজনেস স্কুলে উদ্যোক্তার ভূমিকা**

- ম্যাবসের সকল কার্যক্রমে সক্রিয়ভাবে অংশগ্রহণ করবে।
- সরাসরি কৃষকদের থেকে ন্যায্য মূল্যে পণ্য সংগ্রহ করা।
- কৃষি খাতে নতুন ব্যবসায়িক উদ্যোগ গ্রহণ করবে।

**৬.৭ মার্কেট এক্টরস বিজনেস স্কুলে রপ্তানিকারকের ভূমিকা**

- আন্তর্জাতিক বাজারে কৃষি পণ্যের জন্য নতুন বাজার অনুসন্ধান করবে।
- আন্তর্জাতিক ক্রেতাদের সাথে সুসম্পর্ক বজায় রাখা এবং তাদের চাহিদা অনুযায়ী পণ্য সরবরাহ করবে।
- রপ্তানির জন্য পণ্যের গুণগত মান নিশ্চিত করবে।
- আন্তর্জাতিক প্রদর্শনী, বাণিজ্য মেলা এবং প্রচারণা কর্মসূচিতে অংশগ্রহণ করা।
- সরাসরি কৃষকদের থেকে কাঁচা পণ্য সংগ্রহ করবে
- কাঁচা পণ্যের জন্য কৃষকদের ন্যায্য মূল্য প্রদান করবে।
- স্থানীয় এবং আন্তর্জাতিক রপ্তানি নীতিমালা মেনে চলবে।

**৬.৮ মার্কেট এক্টরস বিজনেস স্কুলে এনজিও প্রতিনিধির (কৃষি সম্প্রসারণ ও বিপণন সেবা প্রদানকারী) ভূমিকা**

- কৃষকদের জন্য প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করবে যেখানে আধুনিক কৃষি প্রযুক্তি এবং পদ্ধতি সম্পর্কে শেখানো হয়।
- ফসলের উৎপাদন বৃদ্ধি এবং গুণগত মান উন্নয়নে কৃষকদের পরামর্শ প্রদান করবে।
- নতুন এবং উন্নত কৃষি প্রযুক্তি এবং পদ্ধতি কৃষকদের কাছে স্থানান্তর করবে।
- কৃষকদের মাঠে গিয়ে তাদের কার্যক্রম পর্যবেক্ষণ এবং সঠিক পরামর্শ প্রদান করবে
- কৃষকদের উৎপাদিত পণ্যের জন্য বাজার সংযোগ স্থাপন এবং ন্যায্য মূল্য নিশ্চিতায় কাজ করবে।
- বাজারে পণ্যের চাহিদা এবং মূল্য সম্পর্কে কৃষকদের সঠিক তথ্য প্রদান করবে।
- পরিবেশবান্ধব কৃষি পদ্ধতি প্রচার করা।
- কৃষকদের মধ্যে পরিবেশ সচেতনতা বৃদ্ধি করবে এবং টেকসই কৃষি চর্চা প্রয়োগ করা।
- কৃষকদের থেকে নিয়মিত ফিডব্যাক সংগ্রহ করা এবং তাদের চাহিদা ও সমস্যার সমাধান করা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
দীপনগর, গাবতলী
মিরপুর, ঢাকা।
পার্টনার-ডিএএম অংশ

**৬.৯ মার্কেট এক্টরস বিজনেস স্কুলে আর্থিক সেবা প্রদানকারীর ভূমিকা**

- কৃষকদের জন্য সহজলভ্য কৃষি ঋণ সুবিধা প্রদান করবে।
- স্বল্পমেয়াদি ঋণ সুবিধা প্রদান করবে যা ফসল উৎপাদন ও বিপণনের খরচ মেটাতে সহায়ক।
- দীর্ঘমেয়াদি ঋণ সুবিধা প্রদান যা কৃষি যন্ত্রপাতি ক্রয় এবং অবকাঠামো উন্নয়নে সহায়ক।
- ডিজিটাল ব্যাংকিং এবং মোবাইল ব্যাংকিং সুবিধা প্রদান করবে, যাতে কৃষকরা সহজেই আর্থিক সেবা গ্রহণ করতে পারে।
- কৃষকদের আর্থিক জ্ঞান এবং দক্ষতা বৃদ্ধির জন্য পরামর্শ প্রদান করবে।

**৬.১০ মার্কেট এক্টরস বিজনেস স্কুলে শিক্ষাবিদ/গবেষক**

- কৃষি খাতে নতুন প্রযুক্তি এবং পদ্ধতি এবং বিপণন ব্যবস্থা নিয়ে গবেষণা করবে।
- গবেষণার ফলাফল এবং নতুন প্রযুক্তি সম্পর্কে কৃষকদের সচেতন করবে।

**৬.১১ মার্কেট এক্টরস বিজনেস স্কুলে প্যাকিং সেবা প্রদানকারী**

- কৃষি পণ্যের সঠিক এবং উন্নত প্যাকেজিং নিশ্চিত করবে।
- পরিবেশবান্ধব উপকরণ প্যাকেজিং এ ব্যবহার করা।
- উন্নত প্রযুক্তি ব্যবহার করবে যাতে উন্নত মানের প্যাকিং সেবা নিশ্চিত করা যায়।
- পণ্য সংরক্ষণের জন্য সঠিক প্যাকেজিং ব্যবস্থা নিশ্চিত করবে।

**৬.১২ মার্কেট এক্টরস বিজনেস স্কুলে পরিবহন সেবা প্রদানকারী**

- পণ্য দ্রুত এবং নিরাপদে গন্তব্যে পৌঁছে দিবে।
- পরিবহনের সময় পণ্যের গুণগত মান যাতে ঠিক থাকে সেদিকে লক্ষ্য রাখবে।

**৬.১৩ মার্কেট এক্টরস বিজনেস স্কুলে কৃষি সম্প্রসারণ সেবা প্রদানকারী**

- সরকারে গৃহীত বিভিন্ন উদ্যোগের সাথে কৃষকদেরকে পরিচয় করিয়ে দিবে।
- কৃষকদের জন্য প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করবে।
- নতুন কৃষি প্রযুক্তি এবং পদ্ধতি কৃষকদের কাছে স্থানান্তর করা এবং সচেতনতা তৈরি করবে।
- নতুন প্রযুক্তি ব্যবহারে কৃষককে উদ্বুদ্ধ করবে।
- মাঠে গিয়ে কৃষকের কার্যক্রম পর্যবেক্ষণ এবং সঠিক পরামর্শ প্রদান করবে।

**৬.১৪ মার্কেট এক্টরস বিজনেস স্কুলে বিপণন সেবা প্রদানকারী**

- পণ্যের ন্যায্য মূল্য নিশ্চয়তায় কাজ করবে।
- পণ্যের বাজার সংযোগ স্থাপন এবং বিপণন কার্যক্রম পরিচালনা করবে।
- বাজারে পণ্যের চাহিদা এবং মূল্য সম্পর্কে কৃষকদের সঠিক তথ্য প্রদান।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
ঢাকা

### ৬.১৫ মার্কেট এক্টরস বিজনেস স্কুলে ভোক্তার ভূমিকা

- ভোক্তা তার চাহিদা অনুযায়ী স্থানীয় বাজার থেকে অথবা সরাসরি কৃষক থেকে ন্যায্য মূল্যে পণ্য ক্রয় করবে।
- পণ্যের গুণগত মান সম্পর্কে ভোক্তারা প্রতিক্রিয়া জানাবেন ফলে।
- ভোক্তারা স্বাস্থ্যকর এবং নিরাপদ পণ্যে ক্রয় করবে যাতে কৃষক নিরাপদ এবং স্বাস্থ্যকর চাষাবাদ পদ্ধতি অবলম্বনে উৎসাহিত হয়।

## ৭. ম্যাবস ব্যবস্থাপনা কমিটি (এমএমসি):

মার্কেট অ্যাক্টরস বিজনেস স্কুল চালানোর জন্য একটি ব্যবস্থাপনা কমিটির থাকবে যারা স্কুলটি সুশৃখলভাবে সবাইকে নিয়ে পরিচালনা করবে। ব্যবস্থাপনা কমিটির স্কুলটির প্রতিনিধিত্ব করবে। সে লক্ষ্যে ব্যবস্থাপনা কমিটির নিম্নোক্ত রূপরেখা দেওয়া হল।

টেবিল ২: ম্যাবস ব্যবস্থাপনা কমিটির পদবী ও সংখ্যা

| ক্রমিক নং | পদবী | সংখ্যা |
|---|---|---|
| ০১ | সভাপতি | ১ |
| ০২ | সাধারন সম্পাদক | ১ |
| ০৩ | কোষাধ্যক্ষ | ১ |
| ০৪ | দপ্তর সম্পাদক | ১ |
| ০৫ | সাংগঠনিক সম্পাদক | ১ |
| ০৬ | সদস্য | ৪ |
| | মোট সদদ্য | ৯ |

## ৮. এমএমসি সদস্যদের দায়িত্ব

### ৮.১. সভাপতি

ম্যাবসকে সঠিক নেতৃত্ব দিয়ে স্কুলের লক্ষ্য পূরণে সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে। যেকোন ফোরামে সে স্কুলের প্রতিনিধিত্ব করবে। কমিটির বৈঠকে সভাপতিত্ব করবে এবং ঐক্যমতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করবে। ম্যাবস এর জন্য সবাইকে নিয়ে পরিকল্পনা তৈরি করবে এবং সেগুলো বাস্তবায়নে সঠিক পদক্ষেপ গ্রহন করবে।

### ৮.২. সাধারন সম্পাদক

ম্যাবস এর পক্ষ থেকে অভ্যন্তরীণ এবং বাহ্যিক যোগাযোগ বজায় রাখবে। কমিটির মিটিং, সিদ্ধান্ত এবং সকল কর্মকান্ডের সঠিক রেকর্ড রাখবে যাতে ভবিষ্যতে যেকোন কাজে সেগুলো ব্যবহার করা যায়। কমিটির সভার এজেন্ডা প্রস্তুত করবে এবং সভা আহবানের ক্ষেত্রে সভাপতিকে সহযোগিতা করবে।

**৮.৩. কোষাধ্যক্ষ**

ম্যাবস এর  কার্যক্রমকে বেগবান করার লক্ষ্যে তহবিল সংগ্রহের উদ্যোগগুলো গ্রহণ এবং সেটা বাস্তবায়ন করবে। আর্থিক বিষয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।

**৮.৪. দপ্তর সম্পাদক**

সভাপতি, সাধারন সম্পাদক   এবং অন্যান্য কমিটির সদস্যদের প্রশাসনিক সহায়তা প্রদান করবে। স্কুলের কার্যক্রমের রেকর্ডগুলি সংরক্ষন করবে। কমিটির মিটিং, প্রশিক্ষনসহ সকল কার্যক্রমের জন্য দাপ্তরিক সহায়তা প্রদান করবে। দাপ্তরিক চিঠিপত্র আদান প্রদানে সাধারন সম্পাদক  কে সহায়তা করবে।

**৮.৫. সাংগঠনিক সম্পাদক**

ম্যাবস দ্বারা পরিচালিত কর্মকান্ড যেমন কর্মশালা এবং প্রশিক্ষণ কর্মসূচির পরিকল্পনা ও সমন্বয় করবে এবং স্কুলের সবার অংশগ্রহণে নিশ্চিতকরণে কাজ করবে।

**৮.৬. সদস্য**

কমিটির সকল সভা, আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহণে সক্রিয়ভাবে অংশগ্রহণ করবে। সভাপতি ও সাধারণ সম্পাদকের নির্দেশনা মোতাবেক সকল সাংগঠনিক কার্যাবলি সম্পাদন করবে।

**৯. এমএমসির কার্যাবলী**

মার্কেট অ্যাক্টরস বিজনেস স্কুল ব্যবস্থাপনা কমিটি স্কুলটির কার্যক্রম পরিচালনা এবং তত্ত্বাবধানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। ম্যাবস পরিচালনা কমিটির মূল কাজগুলি নিম্নরূপ:

**মাসিক সভার ব্যবস্থা:**

স্কুলের সমস্ত কার্যাবলী সুন্দরভাবে পরিচালনা করার জন্য এবং সদস্যদের মধ্যে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করার  জন্য সমস্ত অংশীজন দের সাথে মাসিক সভার আয়োজন করবে। সভাটি নির্দিষ্ট আলোচ্যসূচির ভিত্তিতে হবে এবং সভার সিদ্ধান্তের উপর একটি কার্যবিবরণী প্রস্তুত করতে হবে। যা পরবর্তী সভায় সকল সদস্যের সমর্থনের মাধ্যমে পাশ করাতে হবে।

**লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণ:** ম্যাবস এর মূল লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণ করবে যা টেকসই কৃষি বিপণন ব্যবস্থা গড়ে  তুলবে এবং সমস্ত অংশীজন দের কর্মসংস্থানের পথ প্রশস্ত করার বিষয়ে মনযোগী হবে।

**পরিকল্পনা তৈরি:** দীর্ঘ ও স্বল্প মেয়াদী পরিকল্পনা তৈরি করবে যেগুলো ম্যাবস-এর লক্ষ্য পৌছানোর জন্য গুরুত্বপূর্ন ভূমিকা পালন করবে।

**সদস্যদের মধ্যে সমন্বয়:** বিভিন্ন অংশীজন দের মধ্যে সমন্বয় সাধন করা যাতে সম্মিলিতভাবে কাজ করে স্কুলের লক্ষ্য অর্জিত হয়।

**অর্থায়ন ও বাজেটিং:** ম্যাবস এর জন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহ এবং বাজেট তৈরি করবে। ম্যাবস এর আর্থিক  লেনদেনের জন্য একটি ব্যাংক একাউন্ট খোলা হবে এবং পরিচালনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষি বিপণন অধিদপ্তর খামারবাড়ী, ফার্মগেট ... পার্টনার-ডিএএম অংশ

**মনিটরিং ও মূল্যায়ন:** স্কুল গৃহিত কার্যাবলীর অগ্রগতি মনিটরিং করবে এবং সময়ে সময়ে মূল্যায়ন করবে।

**ঝুকি ব্যবস্থাপনা:** সম্ভাব্য ঝুঁকি চিহ্নিত করবে এবং ঝুঁকি মোকাবেলা করার জন্য পরিকল্পনা তৈরি করবে।

**প্রশিক্ষণ:** সদস্যদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে সক্রিয় ভূমিকা পালন করতে হবে।

**সহযোগিতা ও সংযোগ তৈরি:** অন্যান্য ম্যাবস এর সাথে সহযোগিতামূলক সম্পর্ক তৈরি করতে হবে যা ম্যাবস এর লক্ষ্যে পৌছাতে সহায়ক হবে।

**দ্বন্দ্ব সমাধান:** ম্যাবস এর সদস্যদের মধ্যে কোন দ্বন্দ্ব দেখা দিলে সেটা সমাধান করবে। সবার মধ্যে হৃদ্যতাপূর্ন সম্পর্ক নিশ্চিত করবে।

### ১০. মার্কেট এক্টরস বিজনেস স্কুল (ম্যাবস) এর কার্যপরিধি

১. মার্কেটের সকল অংশীজনকে একত্রিত করা;

২. সদস্যদের মধ্যে শক্তিশালী বন্ধন তৈরি করা;

৩. সদস্যদের মাঝে বাজার তথ্য পৌঁছে দেওয়া;

৪. লাগসই বাজার ব্যবস্থাপনা ও নতুন বাজারে প্রবেশে সদস্যদের সহায়তা করা;

৫. উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে নতুন প্রযুক্তি ব্যবহারে সদস্যদের উৎসাহিত করা;

৬. সদস্যদের দক্ষতা উন্নয়নের জন্য ভ্যালু চেইন প্রমোশনাল বডির নির্ধারিত প্রশিক্ষণের আয়োজন করা;

৭. সদস্যদের কৃষি উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে সহায়তা করা;

৮. কৃষি খাতে নীতিমালা তৈরিতে ভ্যালু চেইন প্রমোশনাল বডির মাধ্যমে সদস্যদের মতামত প্রদান করা;

৯. ফসল কর্তন/সংগ্রহ উত্তর (কুলিং, ক্লিনিং, ওয়াশিং, গ্রেডিং, সর্টিং, প্রসেসিং ও প্যাকেজিং) প্রযুক্তি ব্যবহারে অংশীজনকে উৎসাহিত করার মাধ্যমে পণ্যের মূল্য সংযোজন করা; এবং

১০. দলভিত্তিক বিপণন ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমে সংশ্লিষ্ট পণ্যের কার্যকর ও শক্তিশালী ভ্যালু চেইন তৈরিতে কাজ করা।

### ১১. ম্যাবস গঠনের জন্য এলাকা নির্বাচন

**ম্যাবস** গঠনের জন্য এলাকা নির্বাচন একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। সঠিক জায়গা নির্বাচনের মাধ্যমে স্কুল গঠন করতে পারলে স্কুল গঠনের লক্ষ্য অর্জন করা অনেকটা সহজ হয়। তাই স্কুল গঠনের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করা হবেঃ

- যে পণ্যের ফসলের জন্য স্কুল গঠন করা হবে ওই ফসল যে এলাকাতে সবচেয়ে ভাল উৎপন্ন হবে সেই এলাকাতে স্কুল গঠন করতে হবে।
- ক্লাস্টার ভিত্তিতে কৃষক নির্বাচন করতে হবে। যাতে সবাই খুব সহজেই এবং অল্প সময়ের মধ্যে এক সাথে মিলিত হতে পারে।
- ভাল যোগাযোগ ব্যবস্থা থাকতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষি বিপণন অধিদপ্তর খামারবাড়ি, ফার্মগেট... পার্টনার-ডিএএম অংশ

**১২. সভার জন্য স্থান নির্বাচন**

নিম্নলিখিত সুবিধা পাওয়া যায়।

- স্কুলের সদস্যরা যাতে খুব সহজেই সভায় হাজির হতে পারে তাই সভাস্থলটি ভালো যোগাযোগ ব্যবস্থা আছে এমন যায়গায় হতে হবে।
- সব সদস্য যাতে বসে সভা করতে পারে এমন যায়গা নির্বাচন করতে হবে।
- বৃষ্টি বা রৌদ্র থেকে নিরাপদ এমন যায়গা নির্বাচন করতে হবে।
- বিদ্যুৎ সরবরাহ আছে এমন যায়গা নির্বাচন করতে হবে।

**১৩. ম্যাবস এর ধরন**

প্রকল্পের অধীনে পাঁচ ধরনের স্কুল থাকবে। কেননা ম্যাবস আম, আলু, টমেটো, কাঁঠাল এবং সুগন্ধি চাল এই পাঁচ ধরনের শস্য নিয়ে কাজ করবে। নিচে এই স্কুল সমূহের বিষয়ে সংক্ষেপে আলোকপাত করা হলঃ

**১. মার্কেট অ্যাক্টরস বিজনেস স্কুল (আলু)**

আলু চাষাবাদে ঘনিষ্ঠভাবে জড়িত এমন অংশীজনদের নিয়ে স্কুলটি গঠিত হবে। আলু চাষের জন্য খুব পরিচিত এলাকা নির্বাচন করতে হবে। অংশীজন নির্বাচনের সময় অংশীজন নির্বাচনের মানদন্ড বিভাগে বর্ণিত মানদণ্ড অবশ্যই অনুসরণ করতে হবে।

**২. মার্কেট অ্যাক্টরস বিজনেস স্কুল (আম)**

আমের চাষাবাদে ঘনিষ্ঠভাবে জড়িত এমন অংশীজনদের নিয়ে স্কুলটি গঠিত হবে। আম চাষের জন্য খুব পরিচিত এলাকা নির্বাচন করতে হবে। অংশীজন নির্বাচনের সময় অংশীজন নির্বাচনের মানদন্ড বিভাগে বর্ণিত মানদণ্ড অবশ্যই অনুসরণ করতে হবে।

**৩. মার্কেট অ্যাক্টরস বিজনেস স্কুল (টমেটো)**

টমেটো চাষাবাদে ঘনিষ্ঠভাবে জড়িত এমন অংশীজনদের নিয়ে স্কুলটি গঠিত হবে। টমেটো চাষের জন্য খুব পরিচিত এলাকা নির্বাচন করতে হবে। অংশীজন নির্বাচনের সময় অংশীজন নির্বাচনের মানদন্ড বিভাগে বর্ণিত মানদণ্ড অবশ্যই অনুসরণ করতে হবে।

**৪. মার্কেট অ্যাক্টরস বিজনেস স্কুল (কাঁঠাল)**

কাঁঠাল চাষাবাদে ঘনিষ্ঠভাবে জড়িত এমন অংশীজনদের নিয়ে স্কুলটি গঠিত হবে। কাঁঠাল চাষের জন্য খুব পরিচিত এলাকা নির্বাচন করতে হবে। অংশীজন নির্বাচনের সময় অংশীজন নির্বাচনের মানদন্ড বিভাগে বর্ণিত মানদণ্ড অবশ্যই অনুসরণ করতে হবে।

**৫. মার্কেট অ্যাক্টরস বিজনেস স্কুল (সুগন্ধি চাল)**

ফাইন রাইস চাষাবাদে ঘনিষ্ঠভাবে জড়িত এমন অংশীজন দের নিয়ে স্কুলটি গঠিত হবে। ফাইন রাইস চাষের জন্য খুব পরিচিত এলাকা নির্বাচন করতে হবে। অংশীজন নির্বাচনের সময় অংশীজন নির্বাচনের মানদন্ড বিভাগে বর্ণিত মানদণ্ড অবশ্যই অনুসরণ করতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

**নোটঃ** এই পাঁচ ধরনের স্কুল তাদের স্ব স্ব কার্যক্রম নির্দেশিকা এবং সেশন ম্যানুয়াল অনুযায়ী পরিচালিত হবে। এই পাঁচ ধরনের পণ্য ছাড়াও এই প্রোগ্রামের আওতায় ডিপিপি অনুযায়ী অন্যান্য প্রক্রিয়াজাতকৃত পণ্যের জন্য আলাদাভাবে ম্যাবস গঠন করা হবে।

**১৪. জেন্ডার রেস্পনসিভ ম্যাবস গঠন**

মার্কেট এক্টরস বিজনেস স্কুল হবে লিঙ্গ প্রতিক্রিয়াশীল। সেক্ষেত্রে ম্যাবসের সকল কার্যক্রমে নারীদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। নারী উদ্যোক্তাদের বিকাশ ও সমর্থনের জন্য ম্যাবস সহোযোগিতা করবে। নারী সদস্যদের জন্য নিরাপদ ও সমর্থনমূলক কর্মপরিবেশ নিশ্চিত করতে হবে। ম্যাবসের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় নারীর সক্রিয় ভূমিকা নিশ্চিত করা হবে। ব্যাবস্থাপনা কমিটিতে নারী সদস্যদের অন্তর্ভুক্তি করতে হবে যাতে তারা নীতি নির্ধারণে অংশ নিতে পারে।

**১৫. ম্যাবস গঠনের সম্ভব্য ফলাফল (Outcomes)**

১. মার্কেটের সকল অংশীজন একই প্লাটফর্মে আসার ফলে স্থিতিশীল বিপণন ব্যবস্থা গড়ে উঠবে।

২. অংশীজনেরা দক্ষ ও সক্ষম জনবলে পরিনত হবে ফলে তাদের আয় বৃদ্ধি পাবে।

৩. আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন এবং জীবিকার মান বৃদ্ধি পাবে।

৪. কৃষকের উৎপাদন বৃদ্ধি পাবে।

৫. দলভিত্তিক বিপণন ব্যবস্থা গড়ে উঠবে ফলে কৃষক ন্যায্য মূল্য পাবে।

৬. উদ্যোক্তা সৃষ্টি হবে।

৭। অনাগ্রসর বেকার জনগোষ্ঠীর কর্মসংস্থানের সৃষ্টি হবে।

৮. উত্তম কৃষি চর্চার মাধ্যমে পরিবেশ বান্ধব কৃষির সম্ভাবনা বাড়বে।

**১৬. সাধারণ নিয়ম ও বিধি**

মার্কেট এক্টরস বিজনেস স্কুল (MABS) সুষ্ঠু পরিচালনার জন্য কিছু নিয়ম ও বিধি থাকবে। এই নিয়ম ও বিধি সবার মেনে চলতে হবে। তাই নিম্নে কিছু নিয়ম ও বিধি উল্লেখ করা হলো:

১। সকল সদস্যকে একে অপরের প্রতি শ্রদ্ধাশীল এবং সদাচরণ প্রদর্শন করতে হবে। কারো সাথে অসদাচরণ, গালিগালাজ করা যাবে না।

২। সকল সদস্যকে সকল কার্যক্রমে সময়মতো উপস্থিত থাকতে হবে।

৩। স্কুলের সকল কর্মকান্ডের প্রতি শ্রদ্ধাশীল হতে হবে।

৪। সকল সদস্যের সাথে আলোচনা করে যেকোন সিদ্ধান্ত নিতে হবে।

৫। সকল সদস্যকে স্কুলের নীতিমালা এবং নির্দেশিকা মেনে চলতে হবে। কোনো সদস্য নীতিমালা লঙ্ঘন করলে তার বিরুদ্ধে শৃঙ্খলাবদ্ধ ব্যবস্থা নেয়া হবে।

৬। যদি কোনো সদস্য বারবার অসদাচরণ করে এবং কোনো পরিবর্তন না হয় তবে তাকে স্থায়ীভাবে বহিষ্কার করা হবে। বহিষ্কারের সিদ্ধান্ত ম্যাবস পরিচালনা কমিটির দ্বারা গৃহীত হবে।

৭। ভ্যালু চেইন প্রমোশনাল বডি সকল সিদ্ধান্ত ও নির্দেশনা মেনে চলতে হবে। কেউ এর ব্যত্যয় ঘটালে সে স্কুলের সদস্য হিসেবে থাকার যোগ্যতা হারাবে।

৮। সকল সদস্যের জন্য ক্লাস, প্রশিক্ষণ সেশন এবং সভায় উপস্থিতি বাধ্যতামূলক। কোনো সদস্য যদি বৈধ কারণ ছাড়া নির্দিষ্ট সংখ্যক দিন অনুপস্থিত থাকে তবে তার বিরুদ্ধে পদক্ষেপ নেয়া হবে।

৯। স্কুলের সকল সম্পদ সঠিকভাবে ব্যবহার এবং রক্ষণাবেক্ষণ করতে হবে। কোনো সদস্য যদি ইচ্ছাকৃতভাবে সম্পত্তির ক্ষতি করে তবে তাকে তার জন্য ক্ষতিপূরণ দিতে হবে।

১০। কোন সদস্য প্রথমবারের জন্য কোনো অসদাচরণ বা অনিয়ম করলে তাকে মৌখিকভাবে সতর্ক করা হবে এবং সংশোধনের জন্য পরামর্শ সহায়তা দেওয়া হবে।

১১। প্রত্যেক সদস্যকে তার দায়িত্ব এবং কর্তব্য সম্পর্কে সচেতন থাকতে হবে এবং সেগুলো যথাযথভাবে পালন করতে হবে।

১২। নিয়মিতভাবে সদস্যদের কার্যক্রম মূল্যায়ন করা হবে।

## ১৭. কৃষি বিপণন অধিদপ্তরের মাধ্যমে মার্কেট এক্টরস বিজনেস স্কুল (MABS) এর তদারকি

১. কৃষি বিপণন অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়মিতভাবে তার এলাকার ম্যাবস পরিদর্শন করবেন এবং স্কুলের কার্যক্রমের উপর নজর রাখবেন।

২. প্রতি ছয় মাসে একবার একটি মূল্যায়ন সভার আয়োজন করবেন যেখানে ম্যাবস এর কার্যক্রম, অগ্রগতি এবং সমস্যাগুলি নিয়ে আলোচনা করা হবে।

৩. প্রতি বছর ম্যাবস কৃষি বিপণন অধিদপ্তরে একটি বিস্তারিত প্রতিবেদন জমা দিবে। এই প্রতিবেদনে কার্যক্রম, সফলতা, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে বিস্তারিত থাকবে।

৪. কৃষি বিপণন অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রকল্পের সকল উপকরণ সদস্যদের মধ্যে বিতরণের সময় উপস্থিত থাকবেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
...নগর, গাবতলী
মিরপুর, ঢাকা।
পার্টনার-ডিএএম অংশ

## দ্বিতীয় অধ্যায়

## উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন

**উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন**

উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন ভ্যালু চেইন প্রমোশনাল বডির দ্বিতীয় স্তর। একটি উপজেলার অধীন সকল মার্কেট এক্টরস বিজনেস স্কুলের সমন্বয়ে উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন গঠন করা হবে। এই অর্গানাইজেশনে কৃষক, উপকরণ বিক্রেতা, কৃষি পণ্য ব্যবসায়ী, হিমাগার সেবা প্রদানকারী, আড়ৎদার/কমিশন এজেন্ট, প্রক্রিয়াজাতকারী/উদ্যোক্তা, রপ্তানিকারক, শিক্ষাবিদ/গবেষক, প্যাকিং সেবা প্রদানকারী, কৃষি সম্প্রসারণ সেবা প্রদানকারী, বিপণন সেবা প্রদানকারী, এনজিও প্রতিনিধি, অর্থলগ্নি প্রতিষ্ঠানের প্রতিনিধি এবং ভোক্তা প্রতিনিধি থাকবে। উল্লেখ্য যে, প্রতিটি পণ্যের জন্য আলাদা আলাদা উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন গঠিত হবে।

**উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন গঠন**

সকল স্কুলের প্রতিনিধিত্ব নিশ্চিত করার লক্ষ্যে উপজেলার প্রতিটি মার্কেট অ্যাক্টরস বিজনেস স্কুল ৪ (চার) জন সদস্য বাছাই করা হবে। বাছাইকৃত সকল সদস্যদের নিয়ে উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন গঠন করা হবে। উপজেলা কৃষি বিপণন কর্মকর্তা/সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/ কৃষি বিপণন কর্মকর্তা মার্কেট অ্যাক্টরস বিজনেস স্কুলের সকল সদস্যদের মতামতের ভিত্তিতে উক্ত ৪ (চার) জন সদস্য বাছাই করবেন।

**উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশনের কার্যপরিধি**

১. উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশনের অধীনে যে সকল স্কুল থাকবে তাদের সবার মধ্যে শক্তিশালী সেতু বন্ধন তৈরিতে সহায়তা করা;

২. স্কুলসমূহের নির্ধারিত কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে সহায়তা ও পরিবীক্ষণ করা;

৩. কৃষকের উৎপাদিত পণ্য সঠিক দামে বিক্রি করতে উপজেলা মার্কেটের তথ্য মাঠ পর্যায়ের স্কুলসমূহে সরবরাহ করা;

৪. কৃষি নিয়ে কাজ করে এমন এনজিও, সরকারি এবং বেসরকারি প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্ব উন্নয়ন করা;

৫. স্কুলসমূহের বিভিন্ন কার্যক্রমে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা কৃষি বিপণন কর্মকর্তা, উপজেলা কৃষি কর্মকর্তা, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাগণসহ সংশ্লিষ্ট সবাইকে সম্পৃক্ত করা;

৬. বিভিন্ন উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশনের সাথে যোগাযোগ রাখা এবং বাজার তথ্য আদান প্রদান করা;

৭. ন্যাশনাল ভ্যালু চেইন প্রমোশনাল বডির সাথে যোগাযোগ রাখা এবং বডি কর্তৃক গৃহীত সকল সিদ্ধান্ত স্কুলসমূহে বাস্তবায়নে সহায়তা করা; এবং

৮. উপজেলা পর্যায়ে বিভিন্ন সভা, কর্মশালা ও সেমিনার আয়োজন করা।

**উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন ব্যবস্থাপনা কমিটি গঠন**

উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন সুশৃঙ্খলভাবে পরিচালনা করা জন্য ১১ (এগার) সদস্য বিশিষ্ট একটি ব্যবস্থাপনা কমিটি গঠন করা হবে। উপজেলা কৃষি বিপণন কর্মকর্তা/সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/কৃষি বিপণন কর্মকর্তা ও উপজেলা কৃষি কর্মকর্তা উক্ত ১১ (এগার) টি পদের জন্য সকল সদস্যের মতামত গ্রহণান্তে সংখ্যাগরিষ্ঠ সদস্যদের



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ী, গাবতলী
মিরপুর, ঢাকা।

সমর্থনপ্রাপ্তদের নিয়ে কমিটি গঠন করবেন। কমিটির মেয়াদ হবে ২ (দুই) বছর। মেয়াদান্তে নতুন কমিটি গঠিত হবে। উল্লেখ্য যে, কমিটির মোট সদস্যের এক তৃতীয়াংশের উপস্থিতিতে সভার কোরাম হবে। কমিটির সভা অন্যূন প্রতিমাসে একবার অনুষ্ঠিত হবে। তবে প্রয়োজনে অধিক সংখ্যক সভা অনুষ্ঠিত হতে পারে।

| **ক্রমিক নং** | **পদবী** | **সংখ্যা (জন)** |
|---|---|---|
| ০১ | সভাপতি | ১ |
| ০২ | সাধারণ সম্পাদক | ১ |
| ০৩ | কোষাধ্যক্ষ | ১ |
| ০৪ | দপ্তর সম্পাদক | ১ |
| ০৫ | সাংগঠনিক সম্পাদক | ১ |
| ০৬ | সদস্য | ৬ |
| | মোট সদস্য | ১১ |

**উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন ব্যবস্থাপনা কমিটি সদস্যদের দায়িত্ব**

**সভাপতি**

যেকোন ফোরামে সে উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন প্রতিনিধিত্ব করবে। কমিটির বৈঠকে সভাপতিত্ব করবে এবং ঐক্যমতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করবে। ম্যাবস এবং উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন এর জন্য সবাইকে নিয়ে পরিকল্পনা তৈরি করবে এবং সেগুলো বাস্তবায়নে সঠিক পদক্ষেপ গ্রহন করবে।

**সাধারন সম্পাদক**

উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন এর পক্ষ থেকে অভ্যন্তরীণ এবং বাহ্যিক যোগাযোগ বজায় রাখবে। কমিটির মিটিং, সিদ্ধান্ত এবং সকল কর্মকান্ডের সঠিক রেকর্ড রাখবে যাতে ভবিষ্যতে যেকোন কাজে সেগুলো ব্যবহার করা যায়। কমিটির সভার এজেন্ডা প্রস্তুত করবে এবং সভা আহবানের ক্ষেত্রে সভাপতিকে সহযোগিতা করবে।

**কোষাধ্যক্ষ**

উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন এর কার্যক্রমকে বেগবান করার লক্ষ্যে তহবিল সংগ্রহের উদ্যোগ গ্রহণ এবং সেটা বাস্তবায়ন করবে। আর্থিক বিষয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।

**দপ্তর সম্পাদক**

সভাপতি, সাধারন সম্পাদক এবং অন্যান্য কমিটির সদস্যদের দাপ্তরিক সহায়তা প্রদান করবে। স্কুলের কার্যক্রমের রেকর্ডগুলি সংরক্ষন করবে। কমিটির মিটিং, প্রশিক্ষনসহ সকল কার্যক্রমের জন্য লজিস্টিক সহায়তা প্রদান করবে। দাপ্তরিক চিঠিপত্র আদান প্রদানে সাধারন সম্পাদক কে সহায়তা করবে।

**সাংগঠনিক সম্পাদক**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষি বিপণন অধিদপ্তর ... গাবতলী মিরপুর, ঢাকা। পার্টনার-ডিএএম অংশ

উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন এর জন্য নির্ধারিত কার্যাবলি যেমন সভা, কর্মশালা, প্রশিক্ষণ ইত্যাদি কর্মসূচিতে সবার অংশগ্রহণে নিশ্চিতকরণে কাজ করবে। সভাপতি ও সাধারণ সম্পাদকের নির্দেশনা মোতাবেক সকল সাংগঠনিক কার্যাবলি সম্পাদন করবে।

**সদস্য**

কমিটির সকল সভা, আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহণে সক্রিয়ভাবে অংশগ্রহণ করবে। সভাপতি ও সাধারণ সম্পাদকের নির্দেশনা মোতাবেক সকল সাংগঠনিক কার্যাবলি সম্পাদন করবে।

**ব্যবস্থাপনা কমিটির কার্যপরিধি**

১. নিয়মিত মাসিক সভার আয়োজন করা;

২. উপজেলা পর্যায়ে ভ্যালু চেইন প্রমোশনাল বডি কর্তৃক নির্ধারিত সকল প্রশিক্ষণ, সেমিনার ও কর্মশালাসহ প্রয়োজনীয় সকল অনুষ্ঠানাদীর আয়োজন করা;

৩. উপজেলার অধীন সকল ম্যাবসের ব্যবস্থাপনা কমিটির সাথে নিয়মিত যোগাযোগ রাখা;

৪. ম্যাবসসমূহের কার্যক্রম পরিবীক্ষণ করা;

৫. উপজেলার অধীন সকল ম্যাবসের কার্যক্রমের উপর ভ্যালু চেইন প্রমোশনাল বডির চাহিদামাফিক রিপোর্ট প্রদান করা;

৬. উপজেলা পর্যায়ে ভ্যালু চেইন প্রমোশনাল বডির কার্যক্রম বাস্তবায়নে কোন সমস্যার সম্মুখীন হলে উপজেলা প্রশাসন প্রয়োজনে জেলা প্রশাসনের সাথে সাক্ষাৎ করে সমাধান করা;

৭. উপজেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটি এবং জেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটির সাথে যোগাযোগ রাখা; এবং

৮. উপজেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটির নিকট ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করা।

**উপজেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটি**

ভ্যালু চেইন প্রমোশনাল বডির উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটি উপজেলা পর্যায়ে গঠিত হবে। কমিটিতে মনোনীত সদস্যের মেয়াদকাল হবে ২ (দুই) বছর। কমিটির সভা অন্যূন প্রতি ৪ (চার) মাসে একবার অনুষ্ঠিত হবে। তবে প্রয়োজনে অধিক সংখ্যক সভা অনুষ্ঠিত হতে পারে। পণ্য ভেদে উপজেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটির সদস্য সমন্বয় করা হবে। কমিটির মোট সদস্যের এক তৃতীয়াংশের উপস্থিতিতে সভার কোরাম হবে।

**উপজেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটি গঠন**

| | | |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ০২ | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ০৩ | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| ০৪ | উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন ব্যবপস্থাপনা কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক | সদস্য |
| ০৫ | সভাপতি কর্তৃক মনোনীত ৩ (তিন) জন কৃষি ব্যবসায়ী সমিতি/সংগঠনের প্রতিনিধি (তন্মধ্যে অনূন্য একজন মহিলা, যদি থাকে) | সদস্য |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ী, ফার্মগেট
ঢাকা।

| | | |
|---|---|---|
| ০৬ | উপজেলা কৃষি বিপণন কর্মকর্তা | সদস্য সচিব |

*যেসকল উপজেলাতে কৃষি বিপণন অধিদপ্তরের অফিস নাই সেসকল উপজেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/কৃষি বিপণন কর্মকর্তা।

**উপজেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটির কার্যপরিধি**

১. উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন ব্যবস্থাপনা কমিটির ত্রৈমাসিক প্রতিবেদনে উল্লেখিত সমস্যার সমধান করা;

২. কৃষিপণ্যের বাজার এবং কৃষি পণ্য সরবরাহ ব্যবস্থায় কোন সমস্যার (কোনো ব্যক্তি বা গোষ্ঠী কর্তৃক অবৈধ চাঁদা/অর্থ আদায়/ব্যবসায়ী সিন্ডিকেট ইত্যাদি) সম্মুখীন হলে তা সমাধান করা;

৩. কমিটির কার্য সম্পাদনের লক্ষ্যে কমিটিতে নতুন সদস্য কো-অপ্ট করা; এবং

৪. কৃষি নিয়ে কাজ করে এমন এনজিও ও বেসরকারি প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্ব তৈরিতে সহায়তা করা।

**জেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটি**

ভ্যালু চেইন প্রমোশনাল বডির উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে জেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটি জেলা পর্যায়ে গঠিত হবে। এ কমিটিতে মনোনীত সদস্যের মেয়াদকাল হবে ২ (দুই) বছর। কমিটির সভা অন্যূন প্রতি ৬ (ছয়) মাসে একবার অনুষ্ঠিত হবে। তবে প্রয়োজনে অধিক সংখ্যক সভা অনুষ্ঠিত হতে পারে। পণ্য ভেদে জেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটির সদস্য সমন্বয় করা হবে। কমিটির মোট সদস্যের এক তৃতীয়াংশের উপস্থিতিতে সভার কোরাম হবে।

**জেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটি গঠন**

| | | |
|---|---|---|
| ০১ | জেলা প্রশাসক | সভাপতি |
| ০২ | পুলিশ সুপার | সদস্য |
| ০৩ | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ০৪ | সভাপতি, জেলা চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি | সদস্য |
| ০৫ | সংশ্লিষ্ট জেলার সকল উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন ব্যবপস্থাপনা কমিটির সভাপতিগণ | সদস্য |
| ০৬ | সভাপতি কর্তৃক মনোনীত ৩ (তিন) জন কৃষিপণ্য ব্যবসায়ী সমিতি/সংগঠনের প্রতিনিধি (তন্মধ্যে অন্যূন একজন মহিলা, যদি থাকে) | সদস্য |
| ০৭ | সভাপতি কর্তৃক মনোনীত ১ (এক) জন সুপারশপ মালিক (যদি থাকে) | সদস্য |
| ০৮ | সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/কৃষি বিপণন কর্মকর্তা | সদস্য সচিব |

**জেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটির কর্মপরিধি**

১. কৃষিপণ্যের বাজার এবং কৃষি পণ্য সরবরাহ ব্যবস্থায় কোন সমস্যার (কোনো ব্যক্তি বা গোষ্ঠী কর্তৃক অবৈধ চাঁদা/অর্থ আদায়/ব্যবসায়ী সিন্ডিকেট ইত্যাদি) সম্মুখীন হলে তা সমাধান করা;

২. জেলা প্রশাসকের পক্ষ থেকে সরকারের দেওয়া সুযোগ সুবিধা থেকে মার্কেট এক্টরস বিজনেস স্কুলসমূহকে সহযোগিতার ব্যবস্থা করা;

৩. উপজেলা ভ্যালু চেইন অর্গানাইজেশন/মার্কেট এক্টরস বিজনেস স্কুল সম্পর্কে কোন সুপারিশ থাকলে তা জাতীয় ভ্যালু চেইন সমন্বয় পরিষদ বরাবর প্রেরণ করা;

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষি বিপণন অধিদপ্তর খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

৪. স্থানীয় সরকার বিভাগের আওয়াধীন বাজারসমূহে মার্কেট এক্টরস বিজনেস স্কুলের সদস্যদের জন্য আলাদা কর্নারের ব্যবস্থা করা;

৫. কৃষি নিয়ে কাজ করে এমন এনজিও ও বেসরকারি প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্ব তৈরিতে সহায়তা করা; এবং

৬. কমিটির কার্য সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনে কমিটিতে নতুন সদস্য কো-অপ্ট করা।

# তৃতীয় অধ্যায়

## ভ্যালু চেইন প্রমোশনাল বডির

### সূচনা

ভ্যালু চেইন প্রমোশনাল বডি জাতীয় পর্যায়ে গঠিত হবে। একটি পণ্যের জন্য একটি ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠন করা হবে। ভ্যালু চেইন প্রমোশনাল বডি একটি স্বাধীন প্রতিষ্ঠান হিসেবে পরিচালিত হবে। মার্কেট এক্টরস বিজনেস স্কুলের সদস্যগণ এ বডির সাধারণ সদস্য হিসেবে বিবেচিত হবে। কৃষি বিপণন অধিদপ্তরের তত্ত্বাবধায়নে ভ্যালু চেইন প্রমোশনাল বডিকে সরকারের পক্ষ থেকে সার্বিক দিকনির্দেশনা প্রদান করার জন্য একটি জাতীয় ভ্যালু চেইন সমন্বয় পরিষদ গঠিত হবে। এ বডির দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য একজন প্রধান নির্বাহী কর্মকর্তা ও প্রয়োজনীয় জনবল থাকবে। বডির কার্যক্রম পরিচালনার নিমিত্ত অফিস ও নিয়োগকৃত জনবলের খরচ বডির নিজস্ব তহবিল থেকে ব্যয় করা হবে।

### ভ্যালু চেইন প্রমোশনাল বডির ভিশন, মিশন ও উদ্দেশ্য

### ভিশন

সকল অংশীজনের সহযোগিতা ও সমন্বয়ের মাধ্যমে কৃষি খাতে টেকসই, সমৃদ্ধ এবং প্রতিযোগিতামূলক ভ্যালু চেইন ব্যবস্থা প্রতিষ্ঠা করে দেশীয় এবং আন্তর্জাতিক বাজারে কৃষি পণ্যের ন্যায্য মূল্য ও প্রবেশাধিকার নিশ্চিত করা।

### মিশন

১. ভ্যালু চেইনের সাথে জড়িত অংশীজনদের নিয়ে পণ্যভিত্তিক একটি কমন প্লাটফর্ম তৈরি করার মাধ্যমে কার্যকর ও টেকসই ভ্যালু চেইন তৈরি করা;

২. দল ভিত্তিক কৃষি বিপণন ব্যবস্থা গড়ে তোলা এবং সংশ্লিষ্ট অংশীজনদের প্রশিক্ষণের মাধ্যমে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির মাধ্যমে কৃষিকে লাভজনক পেশা হিসাবে প্রতিষ্ঠা করা; এবং

৩. দেশের উল্লেখযোগ্য জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র মুক্ত সোনার বাংলাদেশ গড়ার প্রত্যয়ে কৃষিকে বাণিজ্যিকীকরণ, বহুমুখীকরণ ও রপ্তানিমুখী শিল্পে প্রতিষ্ঠা করা।

### সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ

নীতিমালাটির সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

১. কৃষি সুষম পণ্যের উৎপাদন, সংগ্রহোত্তর ব্যবস্থাপনা এবং বিপণন ব্যবস্থা শক্তিশালী করা;

২. কৃষি পণ্যের ভ্যালু চেইনে স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত করা;

৩. ভ্যালু চেইনের সাথে জড়িত সকল অংশীজনের মধ্যে শক্তিশালী বাজার সংযোগ ও নেটওয়ার্কিং তৈরি করা;

৪. তরুণ ও তরুণীদের উদ্যোক্তা হিসাবে গড়ে তোলা;

৫. কৃষক থেকে ভোক্তা পর্যন্ত সকলের জন্য ন্যায্যতা নিশ্চিত করা;

৬. কৃষি পণ্যের মূল্য সংযোজন এবং প্রক্রিয়াজাতকরণ ও প্যাকেজিংএ লাগসই প্রযুক্তি ব্যবহার এবং নিরাপদ খাদ্য নিশ্চিত করা;

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষি বিপণন অধিদপ্তর খামারবাড়ি, গাবতলী মিরপুর, ঢাকা। পার্টনার-ডিএএম অংশ

৭. দেশীয় এবং বৈদেশিক বাজারে কৃষি পণ্যের প্রবেশাধিকার বৃদ্ধি ও বাংলাদেশের পণ্যের ব্রান্ড তৈরি করা;

৮. ডিজিটাল বাংলাদেশের অঙ্গীকার হিসেবে কৃষি বিপণনকে ই-কমার্স এর আওতায় নিয়ে আসা; এবংপরিবেশের সুরক্ষা, সামাজিক দায়বদ্ধতা ও অর্থনৈতিক সমৃদ্ধির জন্য কাজ করা।

**ভ্যালু চেইন প্রমোশনাল বডির কার্যপরিধি**

১. নতুন কোন মার্কেট এক্টরস বিজনেস স্কুল এবং উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন তৈরি করতে ভ্যালু চেইন প্রমোশনাল বডি সত্যায়ন করবে।

২. অংশীজনদের দক্ষতা উন্নয়নে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবে;

৩. অংশীজন থেকে দক্ষ ও ক্রিয়াশীল উদ্যোক্তা, প্রক্রিয়াজাতকারী ও রপ্তানীকারক তৈরি করবে;

৪. বিভিন্ন সংস্থার সাথে অংশীদারিত্ব তৈরি করবে;

৫. পণ্য ভিত্তিক ভ্যালু চেইন প্রমোশনাল বডি তাদের পণ্যের বাজার তথ্য সংগ্রহ করে বিশ্লেষণপূর্বক মার্কেট এক্টরস বিজনেস স্কুল এবং উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশনসমূহে প্রেরণ করবে যাতে উৎপাদক ন্যায্য মূল্যে পণ্য বিক্রয় করতে পারে;

৬. নতুন বাজার অনুসন্ধান করবে;

৭. দেশের যে জেলাতে পণ্য সংকট দেখা দিবে সেখানে উক্ত পণ্য সরবরাহের ব্যবস্থা গ্রহণ করবে;

৮. মার্কেট এক্টরস বিজনেস স্কুল অথবা উপজেলা মার্কেট হাবের সাথে ঢাকাসহ দেশের বিভিন্ন জেলা, বিভাগীয় শহরের বড় বড় বাজারের সাথে সংযোগ করে দিতে কাজ করবে;

৯. মার্কেট এক্টরস বিজনেস স্কুল অথবা উপজেলা মার্কেট হাবকে বিভিন্ন প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠানের সাথে সংযোগ করে দিবে;

১০. স্মার্ট ভ্যালু চেইন উন্নয়নে সকল অংশীজনকে উৎসাহিত করবে;

১১. উৎপাদন খরচ কমানোর লক্ষ্যে কেন্দ্রীয়ভাবে প্রয়োজনীয় কৃষি উপকরণ ক্রয় করা এবং তা সুষমভাবে বণ্টন করবে;

১২. আন্তর্জাতিক সংস্থাগুলির সাথে অংশীদারিত্ব এবং সহযোগিতার উদ্যোগ গ্রহণ করবে;

১৩. ভ্যালু চেইনের কার্যক্রম ডিজিটালাইজ করতে ডিজিটাল প্ল্যাটফর্ম তৈরি করবে;

১৪. বিভিন্ন প্রকল্প এবং কার্যক্রমের জন্য তহবিল সংগ্রহের ব্যবস্থা করবে;

১৫. আন্তর্জাতিক সংস্থার সাথে অংশীদারিত্ব এবং যৌথ কার্যক্রম/প্রকল্প বাস্তবায়নে কাজ করবে;

১৬. অংশীজনদের জন্য পরামর্শ সেবা প্রদান করবে যাতে তারা চ্যালেঞ্জগুলি সমাধান করতে পারে;

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ী, ফার্মগেট ঢাকা।

১৭. নিয়মিত বৈঠক, সেমিনার ও কর্মশালার আয়োজন করার মাধ্যমে মার্কেট এক্টরস বিজনেস স্কুল, উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন এবং ভ্যালু চেইন প্রমোশনাল বডির মধ্যে কার্যকর আন্তঃসংযোগ নিশ্চিত করবে;

১৮. বডির অধীন উৎপাদিত কৃষি পণ্য সহজেই রপ্তানী করার জন্য উপযুক্ত বিদেশী বাজারের সাথে দ্বিপাক্ষিক বাণিজ্যিক চুক্তি করতে সরকারকে উৎসাহিত করবে;

১৯. সরকারি সংস্থাসহ যেকোন সংস্থার সাথে অংশীদারিত্বে প্রকল্প পরিচালনা করে আর্থিকভাবে স্বাবলম্বী হওয়া;

২০. অংশীজনদের অধিকার আদায়ে জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন ফোরামে মতামত তুলে ধরবে; এবং

২১. স্বচ্ছ ও সাম্যের কৃষি বিপণন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে সংশ্লিষ্ট পণ্যের বাজার ব্যবস্থার সমস্যা নিয়ে সরকারসহ সংশ্লিষ্ট সংস্থাসমূহের সাথে আলোচনার করে সমাধান করবে।

**ভ্যালু চেইন প্রমোশনাল বডির সমন্বয়কারী প্রতিষ্ঠান গঠন ও দায়িত্ব**

পণ্যভিত্তিক ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠন ও কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সরকার কর্তৃক কৃষি বিপণন অধিদপ্তরকে সমন্বয়কারী প্রতিষ্ঠান হিসাবে মনোনীত করা হবে। কৃষি বিপণন অধিদপ্তরকে সহায়তা করার জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট এবং হর্টেক্স ফাউন্ডেশনকে সহযোগী প্রতিষ্ঠান হিসেবে বিবেচনা করা হবে।

**সমন্বয়কারী প্রতিষ্ঠানের ভূমিকা ও দায়িত্ব**

১. পণ্যভিত্তিক একটি কার্যকর প্রতিষ্ঠান হিসেবে ভ্যালু চেইন প্রমোশনাল বডি তৈরিতে সহায়তা করা;

২. ভ্যালু চেইন প্রমোশনাল বডি সংশ্লিষ্ট সকল প্রকার তথ্যাদি সকলের অবগতি ও প্রাপ্যতা নিশ্চিত করা;

৩. কার্যক্রম পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের জন্য পর্যাপ্ত ডকুমেন্ট তৈরিতে সহায়তা করা;

৪. পার্টনার ডাটাব্যাংকের জন্য সংশ্লিষ্ট সকল অংশীজনের তথ্য সংগ্রহ করা ও তা নিয়মিত ডাটাব্যাংকে ইনপুট দেয়া এবং তা জনস্বার্থে ব্যবহার নিশ্চিত করা;

৫. মার্কেট এক্টরস বিজনেস স্কুল, উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন ও ভ্যালু চেইন প্রমোশনাল বডির মধ্যে ক্রিয়াশীল আন্ত:সংযোগ তৈরিতে সহায়তা করা;

৬. ভ্যালু চেইন প্রমোশনাল বডির কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে জাতীয় ভ্যালু চেইন সমন্বয় পরিষদের সভা নিয়মিত আয়োজনে সহায়তা করা;

৭. বিভিন্ন অংশীজনদের মধ্যে একটি শক্তিশালী নেটওয়ার্ক তৈরি এবং স্থায়িত্বশীল পার্টনারশিপ তৈরিতে সহায়তা করা;

৮. অংশীজনের কৃষিপণ্য বাজারজাতকরণ, প্রক্রিয়াজাতকরণ এবং রপ্তানীতে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা;

৯. প্রয়োজনীয় সভা, প্রশিক্ষণ, কর্মশালা ও বার্ষিক সাধারণ সভা আয়োজনে বডিকে সহায়তা করা; এবং

১০. সরকারি ও বেসরকারি সংস্থাসমূহের সাথে ভ্যালু চেইন প্রমোশনাল বডিকে সংযোগ করে দেওয়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট/শেরেবাংলানগর, ঢাকা।
পার্টনার-ডিএএম অংশ

**মার্কেট এক্টরস বিজনেস স্কুল, উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন এবং ভ্যালু চেইন প্রমোশনাল বডির মধ্যে আন্তঃসংযোগ**

মার্কেট এক্টরস বিজনেস স্কুল থেকে নির্বাচিত সদস্য নিয়ে উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন গঠিত হবে। আবার উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন থেকে নির্বাচিত সদস্যের মাধ্যমে ন্যাশনাল ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠন করা হবে। ফলে মার্কেট এক্টরস বিজনেস স্কুল, উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন এবং ভ্যালু চেইন প্রমোশনাল বডির মধ্যে কার্যকর আন্তঃসংযোগ বিদ্যমান থাকবে। এছাড়াও কৃষি বিপণন অধিদপ্তরের তত্ত্বাবধায়নে একটি কেন্দ্রীয় ইন্টারঅ্যাক্টিভ ডিজিটাল প্ল্যাটফর্ম তৈরি করা হবে যেখানে সমস্ত অংশীদার তথ্য আদান-প্রদান করতে পারবেন। কৃষি বিপণন অধিদপ্তরের দায়িত্বশীল কর্মকর্তাগণ এ প্লাটফর্মে পণ্যের বাজার তথ্য যাচাই বাছাইপূর্বক সবার অবগতির জন্য নিয়মিত সরবরাহ করবেন। নিয়মিত বৈঠক এবং সংলাপের জন্য একটি নির্ধারিত সময়সূচি তৈরি করা হবে। যেমন: মাসিক মিটিং, ত্রৈমাসিক পর্যালোচনা এবং বার্ষিক সম্মেলন।

**তালিকাভুক্তিকরণ ও নিবন্ধন গ্রহণ**

প্রাথমিকভাবে কৃষি বিপণন বিধিমালা ২০২১ এর বিধি ১৫ (পনের) অনুযায়ী কৃষি বিপণন অধিদপ্তর এ মার্কেট এক্টরস বিজনেস স্কুল, উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন এবং ভ্যালু চেইন প্রমোশনাল বডি তালিকাভুক্তিকরণ হবে। পরবর্তীতে প্রয়োজন অনুসারে বডির কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে প্রযোজ্য সরকারি সংস্থা থেকে ভ্যালু চেইন প্রমোশনাল বডি নিবন্ধন গ্রহণ করতে পারবে।

**পার্টনার ডাটাব্যাংক**

কৃষি বিপণন অধিদপ্তরের তত্ত্বাবধায়নে বডির জন্য একটি ডাটাব্যাংক প্রতিষ্ঠা ও পরিচালনা করা হবে। এ ডাটাব্যাংক ভ্যালু চেইন প্রমোশনাল বডি এর সাথে সংশ্লিষ্ট সকল অংশীজন যেমন কৃষক, উপকরণ বিক্রেতা, কৃষি পণ্য ব্যবসায়ী, হিমাগার সেবা প্রদানকারী, আড়ৎদার/কমিশন এজেন্ট, প্রক্রিয়াজাতকারী/উদ্যোক্তা, রপ্তানিকারক, শিক্ষাবিদ/গবেষক, প্যাকিং সেবা প্রদানকারী, কৃষি সম্প্রসারণ সেবা প্রদানকারী, বিপণন সেবা প্রদানকারী, এনজিও প্রতিনিধি এবং আর্থিক সহায়তা সেবা প্রদানকারীর তথ্য সংরক্ষণ করবে। ভ্যালু চেইন প্রমোশনাল বডি এর সাথে সম্পর্কিত বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান, ব্যবসায়ী সংগঠন/সমিতি, অর্থলগ্নি প্রতিষ্ঠান এর তথ্য এ তথ্য ব্যাংকে সংরক্ষিত থাকবে। এছাড়াও দেশভিত্তিক কৃষি পণ্য আমদানি প্রতিষ্ঠানের তালিকা ডাটাব্যাংকে সংরক্ষিত থাকবে। জাতীয় স্বার্থে কৃষি বিপণন অধিদপ্তর ডাটাব্যাংকের তথ্য ব্যক্তি/সরকারি/বেসরকারি সংস্থাকে সরবরাহ করবে।

**আইনগত কাঠামো**

ভ্যালু চেইন প্রমোশনাল বডি পরিচালনায় কৃষি বিপণন আইন ২০১৮ প্রযোজ্য হবে।

**ভ্যালু চেইন প্রমোশনাল বডি টেকসইকরণ**

নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করার মাধ্যমে ভ্যালু চেইন প্রমোশনাল বডি দীর্ঘস্থায়ী/টেকসই করা যেতে পারে:

১. স্থায়ী আয়ের উৎস গড়ে তোলা; যেমন বডির সদস্য থেকে বার্ষিক সদস্য ফি সংগ্রহ করা, সংস্থার সেবা যেমন প্রশিক্ষণ, পরামর্শ ইত্যাদির জন্য নির্দিষ্ট ফি নির্ধারণ করা। কৃষি পণ্য ও কৃষি উপকরণ বিক্রির মাধ্যমে আয় করা। নতুন কোন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষি বিপণন অধিদপ্তর খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা। পার্টনার-ডিএএম অংশ

মার্কেট এক্টরস বিজনেস স্কুল ও উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন গঠন করা হলে বডির প্রত্যয়ন লাগবে যার বিনিময়ে বডির নির্ধারিত ফি গ্রহণ করবে।

২. সরকারি ও বেসরকারি সংস্থা, এনজিও এবং দাতা সংস্থার অর্থানুকুল্যে চলতে পারে;

৩. সরকারি উন্নয়ন প্রকল্পের আওতায় তহবিল পাওয়ার জন্য আবেদন করা এবং প্রকল্পের কার্যক্রম পরিচালনা করা;

৪. এনজিও বা বেসরকারি সংস্থার সাথে যৌথ উদ্যোগে প্রকল্প বাস্তবায়ন করা; এবং

৫. স্থানীয়, জাতীয় এবং আন্তর্জাতিক বিভিন্ন সংস্থা ও প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্ব এবং নেটওয়ার্কিং বৃদ্ধি করা।

**ভ্যালু চেইন প্রমোশনাল বডির কার্যনির্বাহী কমিটি গঠন**

বডির প্রাতিষ্ঠানিক কার্যক্রম সঠিকভাবে সম্পাদন করার লক্ষ্যে ১৩ (তের) সদস্য বিশিষ্ট একটি কার্যনির্বাহী কমিটি গঠন করা হবে। কমিটির মেয়াদ হবে ২ (দুই) বছর। মেয়াদান্তে নতুন কমিটি গঠিত হবে। কমিটির মোট সদস্যের এক তৃতীয়াংশের উপস্থিতিতে সভার কোরাম হবে। কমিটির সভা প্রতিমাসে অন্যূন একবার অনুষ্ঠিত হবে। তবে প্রয়োজনে অধিক সংখ্যক সভা অনুষ্ঠিত হতে পারে। সাধারণ পরিষদের সদস্যেদের ভোটে নির্বাচিত সদস্যদের সমন্বয়ে এ কমিটি গঠিত হবে। মার্কেট এক্টরস বিজনেস স্কুলের সকল সদস্য ভ্যালু চেইন প্রমোশনাল বডির সাধারণ পরিষদের সদস্য হিসেবে বিবেচিত হবে। নির্বাচন পরিচালনা করার নিমিত্ত কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালকের নেতৃত্বে ৩(তিন) সদস্য বিশিষ্ট একটি নির্বাচন কমিশন গঠন করা হবে। বার্ষিক সাধারণ সভার কোরামের জন্য বডির অন্তত ৩০% (শতকরা ত্রিশ ভাগ) তালিকাভুক্ত সদস্যের উপস্থিতির প্রয়োজন হবে। উল্লেখ্য, দুইবারের অধিক কেউ সভাপতি ও সাধারণ সম্পাদক পদে থাকতে পারবেন না এবং একমাত্র কৃষক প্রতিনিধি থেকে সব সময় সভাপতি পদে পার্থী হতে পারবেন। কার্যনির্বাহী কমিটিতে কৃষক প্রতিনিধিদের সংখ্যা অন্য প্রতিনিধি থেকে বেশি থাকতে হবে।

কার্যনির্বাহী কমিটি বডি ও অংশীজনদের মর্যাদা রক্ষা ও কল্যাণ সাধন এবং বডির স্বার্থের সাথে সঙ্গাতিপূর্ণ সমাবেশ অনুষ্ঠান, আলোচনা সভা ইত্যাদিসহ অন্য সকল কাজ সম্পাদন করবে। কমিটি বডির কর্মপরিধি এবং লক্ষ্য ও উদ্দেশ্যের আওতায় উপযুক্ত বিবেচনা মতো যখন যেভাবে প্রয়োজন তেমন মেয়াদ ও শর্তে উপ-কমিটি গঠন করতে পারবে। কমিটির নিকট যে সব কর্মকান্ড বডির লক্ষ্য ও উদ্দেশ্য আংশিক ও পরিপূর্ণ বাস্তবায়নের প্রয়োজন ও আবশ্যকীয় বলে প্রতীয়মান হবে সেসব কর্মকান্ড সম্পাদন করবে। কার্যনির্বাহী কমিটির গৃহীত কর্মসূচিসমূহ বাস্তবায়নে মার্কেট এক্টরস বিজনেস স্কুল ও উপজেলা ভ্যালু প্রমোশনাল অর্গানাইজেশন পূর্ণ সহযোগিতা প্রদান করবে।

উল্লেখ্য, অনিবার্য কারণবশত নির্ধারিত সময়ের মধ্যে পরবর্তী কার্যনির্বাহী কমিটির নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করা সম্ভব না হইলে পরবর্তী তিন মাসের মধ্যে অবশ্যই নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করতে হবে। যদি এই সময়ের মধ্যেও নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করা না যায় তাহলে কার্যনির্বাহী কমিটি কর্তৃক অনধিক ৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট এডহক কমিটি গঠন করতে হবে। এই এডহক কমিটি তিন মাসের মধ্যে অবশ্যই নির্বাচন সম্পন্ন করবেন। সর্বশেষ কার্যনির্বাহী পরিষদের সভাপতি ও সাধারণ সম্পাদক পদাধিকার বলে নতুন কার্যনির্বাহী পরিষদের নির্বাহী সদস্য হিসেবে বিবেচিত হবেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
পার্টনার-ডিএএম অংশ

| ক্রমিক নং | পদবী | সংখ্যা (জন) |
|---|---|---|
| ০১ | সভাপতি | ১ |
| ০২ | সহসভাপতি | ১ |
| ০৩ | সাধারণ সম্পাদক | ১ |
| ০৪ | যুগ্মসাধারণ সম্পাদক | ১ |
| ০৫ | কোষাধ্যক্ষ | ১ |
| ০৬ | দপ্তর সম্পাদক | ১ |
| ০৭ | সাংগঠনিক সম্পাদক | ১ |
| ০৮ | সদস্য | ৬ |
| | মোট সদস্য | ১৩ |

**কার্যনির্বাহী কমিটি কর্মকর্তাদের ক্ষমতা ও কাজ**

ক) সভাপতিঃ সভাপতি বডির প্রধান হিসাবে কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সভাসমূহ, কাউন্সিল, সাধারণ পরিষদের সভাসমূহে সভাপতিত্ব করবেন। তাছাড়া সভা সমাবেশ, আলোচনা এবং দেশে বিদেশে প্রতিনিধিদলের নেতৃত্বদানসহ বডির স্বার্থ এবং লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সঙ্গতিপূর্ণ সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করবেন। তিনি বডির পক্ষ থেকে সাধারন সম্পাদকের সাথে যৌথভাবে সকল বিবৃতি, দলিলপত্র, ঘোষণা ও দেশে বিদেশে চুক্তিতে স্বাক্ষর করবেন।

খ) সিনিয়র সহ-সভাপতিঃ সিনিয়র সহ-সভাপতি তাঁহার জন্য কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি কর্তৃক নির্দিষ্ট করে দেয়া সকল কাজ সম্পাদন করবেন এবং সভাপতির অনুপস্থিতিতে সিনিয়র সহ-সভাপতি কার্যনির্বাহী কমিটি/কাউন্সিল/সাধারণ পরিষদের সভায় সভাপতিত্ব করবেন এবং সে ক্ষেত্রে তিনি সভাপতির মতোই সুযোগ ও অধিকার ভোগ করবেন।

গ) সাধারন সম্পাদকঃ বডির সকল কর্মকান্ডের উদ্যোগ, সমন্বয়, তদারকি ও বাস্তবায়নে অগ্রণী ভূমিকা পালন করবেন। সভাপতির সাথে পরামর্শক্রমে অন্ততঃপক্ষে ৭ (সাত) দিনের নোটিশে কার্যনির্বাহী কমিটির সভা আহ্বান করবেন। তিনি বডির দৈনন্দিন কাজের ব্যাপারে দায়িত্বশীল থাকবেন এবং বডির কর্মকান্ড ও কাজ সম্পর্কে কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি, কাউন্সিল ও সাধারণ পরিষদের সভাসমূহে অবহিত করবেন। তিনি ২৪ (চব্বিশ) ঘন্টার বিজ্ঞপ্তিতে কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির জরুরী সভা আহ্বান করতে পারবেন এবং পরিস্থিতির গুরুত্ব অনুসারে আরো সংক্ষিপ্ত সময়ের বিজ্ঞপ্তিতেও জরুরী সভার আহ্বান করতে পারবেন। সাধারন সম্পাদক সুষ্ঠুভাবে বডির সকল নথিপত্র, দলিলপত্র, নিবন্ধন বই প্রভৃতি সংরক্ষণ করার ব্যবস্থা করবেন। সভাসমূহের কার্যবিবরণী প্রস্তুত করবেন এবং সভাপতির সাথে যৌথভাবে দেশে-বিদেশে সকল বিবৃতি, দলিল, ঘোষণা ও চুক্তিতে স্বাক্ষর করবেন এবং সভাপতি তাকে যেসব কাজ করতে বলবেন তিনি সেসব কাজও সম্পাদন করবেন। তিনি বডির হিসাব বই তদারক করবেন, বিল পাশ করবেন, পাওনাদি পরিশোধ করবেন এবং কোষাধ্যক্ষের সাথে যৌথ স্বাক্ষরে চেক ইস্যু ও স্বাক্ষর করবেন। তিনি বডির স্বার্থে সকল সম্পাদকের কাজের সমন্বয় সাধন করবেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষি বিপণন অধিদপ্তর দ্বীপনগর, গাবতলী মিরপুর, ঢাকা। পার্টনার-ডিএএম অংশ

ঘ) কোষাধ্যক্ষঃ কোষাধ্যক্ষ তহবিলের রক্ষক হিসাবে বডির আয়-ব্যয় ও হিসাব দেখাশুনা করবেন। তিনি সাধারন সম্পাদকের সাথে যৌথভাবে দেশের রাষ্ট্রায়ত্ব বা কোন তফসীলী ব্যাংকে হিসাব পরিচালনা করবেন। তিনি ত্রৈমাসিক ভিত্তিতে কার্যনির্বাহী কমিটির সভায় খরচের হিসাব পেশ করবেন এবং সাধারন সম্পাদকের সাথে পরামর্শ করে বছরের শুরুতে কার্যনির্বাহী কমিটির বার্ষিক বাজেট প্রণয়ন করবেন। বডির সমস্ত চাঁদা ও অনুদান সংগ্রহের দায়িত্বে থাকবেন। বডির হিসাব কাউন্সিল ও বার্ষিক সাধারণ সভায় (এজিএম) অবহিতকরণ ও অনুমোদনের জন্য কার্যনির্বাহী কমিটি কর্তৃক নিযুক্ত চাটার্ড একাউন্ট ফার্ম দ্বারা সাধারণ সভার পূর্ববর্তী মাস পর্যন্ত অডিট করাবেন।

ঙ) যুগ্ম সাধারন সম্পাদকঃ যুগ্ম সাধারন সম্পাদক যাবতীয় সাংগঠনিক বিষয়ে সাধারন সম্পাদক কে সহায়তা করবেন এবং কার্যনির্বাহী কমিটি তাদের উপর যেসব দায়িত্ব অর্পণ করবেন তা সম্পাদন করবেন। সাধারন সম্পাদকের অনুপস্থিতিতে সাধারন সম্পাদক হিসাবে দায়িত্ব পালন করবেন। তিনি সাধারন সম্পাদক কে বিভিন্ন সভা-বৈঠকের কার্যবিবরণী লিখতে সহায়তা করবেন।

চ) সাংগঠনিক সম্পাদকঃ বডির যাবতীয় সাংগঠনিক বিষয় সাংগঠনিক সম্পাদকের উপর ন্যস্ত থাকবে। তিনি সভাপতি ও সাধারন সম্পাদকের সাথে পরামর্শক্রমে বডির স্বার্থে যেখানে সম্ভব সেখানে নতুন মার্কেট এক্টরস বিজনেস স্কুল ও উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন খোলার ব্যাপারে সহায়তা করবেন এবং কার্যনির্বাহী কমিটির অনুমোদন গ্রহণ করবেন। তিনি সভাপতি ও সাধারন সম্পাদক কর্তৃক প্রদত্ত দায়িত্ব পালন করবেন। তিনি মার্কেট এক্টরস বিজনেস স্কুল ও উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশনের মধ্যে যোগাযোগ রক্ষা করবেন।

ছ) দপ্তর সম্পাদকঃ বডির দাপ্তরিক সকল কার্যক্রম দপ্তর সম্পাদকের উপর ন্যস্ত থাকবে। তিনি সাধারন সম্পাদকের সাথে পরামর্শক্রমে দাপ্তরিক দলিল, নথিপত্র ইত্যাদি সংরক্ষণ করবেন। তিনি আগত সকল চিঠিপত্র অবলোকন করবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সারসংক্ষেপ আকারে নোটসহ সাধারন সম্পাদকের কাছে পেশ করবেন। তিনি মার্কেট এক্টরস বিজনেস স্কুল ও উপজেলা ভ্যালু প্রমোশনাল অর্গানাইজেশনের সাথে যোগাযোগ রক্ষা করবেন এবং দাপ্তরিক সম্পদ সংরক্ষণ ও বডির কর্মকর্তা/কর্মচারীদের কাজকর্ম তদারকি করবেন।

ঝ) সদস্যঃ কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সদস্যগণ তাঁদের পেশাগত অভিজ্ঞতা ও দক্ষতার আলোকে কার্যনির্বাহী কমিটি'র সম্পাদকমন্ডলীকে বডির বিভিন্ন কার্যক্রম গ্রহণে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন। কার্যনির্বাহী কমিটি কর্তৃক তাহাদের উপর অর্পিত দায়িত্ব পালন করবেন।

**সদস্যদের অধিকার ও কর্তব্য**

বডি কর্তৃক প্রকাশিত সকল প্রকাশনা সকল সদস্য বিনামূল্যে কিংবা কার্যনির্বাহী কমিটি কর্তৃক নির্ধারিত মূল্যে পাওয়ার অধিকারপ্রাপ্ত হবেন। সকল সদস্য বডির জাতীয় সম্মেলন, সাধারণ সভা, সেমিনার ও অন্যান্য অনুষ্ঠানে যোগদান করতে পারবেন। সাধারণ সদস্যগণ বডির যে কোন বিষয়ে তাদের মতামত দিতে পারবেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষি বিপণন অধিদপ্তর দীপনগর, গাবতলী মিরপুর, ঢাকা। সিনিয়র-ডিএএম অংশ

**সদস্যদের চাঁদা প্রদান**

প্রতিটি সদস্য বডির কার্যক্রম পরিচালনা করার নিমিত্ত কার্যনির্বাহী কমিটি কর্তৃক নির্ধারিত চাঁদা প্রদান করবেন।

**তহবিল**

সদস্যগণের প্রদানকৃত চাঁদা অন্যান্য দান, অনুদান, বডির কর্মকান্ড পরিচালনার্থে প্রাপ্ত/সংগৃহীত অর্থের অব্যয়িত অংশ তহবিল হিসেবে পরিগণিত হবে। যা কোন তফসিলী ব্যাংকে বডির নামে চলতি বা সঞ্চয়ী হিসাবে সংরক্ষিত থাকবে।

**তহবিল সংগ্রহ ও পরিচালনা**

সমিতির লক্ষ্য ও উদ্দেশ্য এবং বিভিন্ন কর্মকান্ড বাস্তবায়নের জন্য তহবিল সংগ্রহ ও ব্যবস্থাপনার দায়িত্ব কার্যনির্বাহী কমিটির উপর ন্যস্ত থাকবে। ব্যাংক একাউন্ট খোলার জন্য কোষাধ্যক্ষ ও সাধারণ সম্পাদকের স্বাক্ষর সভাপতি কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সমিতির সীলমোহর ব্যবহার করতে হবে। ব্যাংক হিসাব কোষাধ্যক্ষ এবং সভাপতি কিংবা সাধারণ সম্পাদকের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। সভাপতি একসাথে ৩০০০০.০০ (ত্রিশ হাজার) টাকা অগ্রিম উত্তোলন ও খরচের অনুমোদন দিতে পারবেন। সাধারণ সম্পাদক বডির দৈনন্দিন কার্যাদি পরিচালনার জন্য একসাথে অনধিক ২০০০০.০০ (বিশ হাজার টাকা) সংরক্ষণ বা ব্যয় করতে পারবেন। সভাপতি /সাধারণ সম্পাদক কর্তৃক অনুমোদিত বা ব্যয়িত অর্থ অনুমোদনের জন্য কার্যনির্বাহী কমিটির পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

**সাময়িক শূন্য পদ পূরণ**

মৃত্যু, পদত্যাগ, বহিস্কার কিংবা অন্য কোন কারণে কার্যনির্বাহী কমিটির কোন পদ শূন্য থাকিলে এক মাসের মধ্যে একজন সদস্যকে কার্যনির্বাহী কমিটি কর্তৃক কো-অপট করিয়া শূন্য পদ পূরণ করিতে পারিবে।

**ভ্যালু চেইন প্রমোশনাল বডির নির্বাহী কমিটি কার্যপরিধি:**

ভ্যালু চেইন প্রমোশনাল বডির কার্যনির্বাহী কমিটির কার্যপরিধি

১. জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ভ্যালু চেইন প্রমোশনাল বডিকে প্রতিনিধিত্ব করা;

২. অংশীজনদের স্বার্থে জাতীয় ও আন্তর্জাতিক ফোরামে কথা বলা;

৩. অংশীজনদের অধিকার আদায়ের নিমিত্ত সরকারি সংস্থাসহ প্রয়োজনীয় সকল সংস্থার সাথে যোগাযোগ করা;

৪. অংশীজনদের স্বার্থ রক্ষায় সভা, সেমিনার ও কর্মশালাসহ প্রয়োজনীয় সকল প্রোগ্রামের আয়োজন করা;

৫. দক্ষ ও ক্রিয়াশীল ভ্যালু চেইন গড়ে তোলার লক্ষ্যে সংশ্লিষ্ট পণ্যের বাজার ব্যবস্থার সমস্যা নিয়ে সরকারসহ সংশ্লিষ্ট সংস্থাসমূহের সাথে আলোচনার মাধ্যমে সমাধান করা;

৬. জাতীয় ভ্যালু চেইন সমন্বয় পরিষদের সদস্যদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করা এবং তাদের সহায়তায় বডির জন্য কৌশলগত পরিকল্পনা তৈরি করা;

৭. জাতীয় ভ্যালু চেইন সমন্বয় পরিষদকে সর্বাত্মক সহযোগিতা করা এবং তাদের পরামর্শ/নির্দেশনা বাস্তবায়ন করা;

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষি বিপণন অধিদপ্তর খামারবাড়ি, মিরপুর, ঢাকা। পার্টনার-ডিএএম অংশ

৮. সরকারের কৃষিখাতে যেকোন নীতিমালা প্রণয়নের সময় অংশীজনদের স্বার্থে মতামত দেওয়া এবং তা বাস্তবায়নে সরকারকে উদ্বুদ্ধ করা;

৯. অংশীজনদের স্বার্থে গুরুত্বপূর্ণ কাজে আডভোকেসি করা;

১০. মার্কেট এক্টরস বিজনেস স্কুল এবং উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশনের সকল কার্যাবলি পরিবীক্ষণ ও মূল্যায়ন করা;

১১. সকল মার্কেট এক্টরস বিজনেস স্কুল এবং উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশনসমূহের মধ্যে অংশিদারিত্ব ও বন্ধন সৃষ্টিতে সহযোগিতা করা;

১২. সরকার কিংবা যেকোন ব্যক্তি/সংস্থা থেকে প্রাপ্ত অর্থ/সম্পদের সঠিক ব্যবহার/সংরক্ষণ করা;

১৩. উপজেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটি ও জেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটি সুপারিশ বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ করা;

১৪. উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশনসমূহের মধ্যে কোন বিবাদ দেখা দিলে তা নিষ্পত্তি করা।

১৫. বার্ষিক প্রতিবেদনসহ অন্যান্য প্রাসঙ্গিক প্রকাশনা প্রস্তুত ও বিতরণ করা; এবং

১৬. সম্মেলন আয়োজনের মাধ্যমে পরবর্তী কার্যনির্বাহী কমিটি গঠনে সহায়তা করা।

**জাতীয় ভ্যালু চেইন সমন্বয় পরিষদ**

জাতীয় ভ্যালু চেইন সমন্বয় পরিষদ সকল ভ্যালু চেইন প্রমোশনাল বডিকে সরকারের পক্ষ থেকে সার্বিক দিকনির্দেশনা প্রদান করবে। এ পরিষদে সরকার কর্তৃক মনোনীত সদস্যেদের মেয়াদকাল হবে ৫ (পাঁচ) বছর। এই কমিটি ন্যূনপক্ষ প্রতি ছয় মাসে একবার মিলিত হবে। কৃষি বিপণন অধিদপ্তর এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে। পণ্য ভেদে জাতীয় ভ্যালু চেইন সমন্বয় পরিষদের সদস্য সমন্বয় করা হবে।

**জাতীয় ভ্যালু চেইন সমন্বয় পরিষদ গঠন**

এই পরিষদ নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হবে:

| | | |
|---|---|---|
| ০১ | মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর | সভাপতি |
| ০২ | যুগ্ম সচিব, সম্প্রসারণ, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ০৩ | পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ০৪ | পরিচালক (কৃষি ঋণ বিভাগ), বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| ০৫ | ব্যবস্থাপনা পরিচালক, হর্টেক্স ফাউন্ডেশন | সদস্য |
| ০৬ | ভাইস চেয়ারম্যান, রপ্তানী উন্নয়ন ব্যুরো | সদস্য |
| ০৭ | সরকার কর্তৃক মনোনীত কৃষি বিশ্ববিদ্যালয়ের দুইজন শিক্ষক | সদস্য |
| ০৮ | সরকার কর্তৃক মনোনীত একজন ভ্যালু চেইন/সাপ্লাই চেইন বিশেষজ্ঞ | সদস্য |

| | | |
|---|---|---|
| ০৯ | সরকার কর্তৃক মনোনীত দুইজন দাতা সংস্থা প্রতিনিধি | সদস্য |
| ১০ | সরকার কর্তৃক মনোনীত একজন সফল কৃষি উদ্যোক্তা | সদস্য |
| ১১ | সভাপতি, ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি | সদস্য |
| ১২ | সভাপতি, বাংলাদেশ ফ্রুটস, ভেজিটেবল এন্ড এলাইড প্রডাক্টস এক্সপোর্টার্স এসোসিয়েশন | সদস্য |
| ১৩ | সভাপতি, বাংলাদেশ কোল্ড স্টোরেজ এসোসিয়েশন | সদস্য |
| ১৪ | সভাপতি, বাংলাদেশ এগ্রো-প্রসেসরস এসোসিয়েশন | সদস্য |
| ১৫ | সভাপতি, ভ্যালু চেইন প্রমোশনাল বডি | সদস্য সচিব |

**জাতীয় ভ্যালু চেইন সমন্বয় পরিষদের কার্যপরিধি**

১. বডির দীর্ঘমেয়াদী লক্ষ্য নির্ধারণ এবং অর্জনের কৌশলগুলি তৈরিতে সহায়তা করা;

২. বিভিন্ন সরকারি, বেসরকারি ও ব্যবসায়িক সংস্থার সাথে কৌশলগত অংশীদারিত্ব গঠনে সহায়তা করা;

৩. ভ্যালু চেইন প্রমোশনাল বডির উন্নয়নের চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করে তা সমাধানে সহায়তা করা;

৪. প্রয়োজনে কমিটিতে নতুন সদস্য কো-অপ্ট করা;

৫. বিশেষ প্রয়োজনে ওয়ার্কিং কমিটি গঠন করা; এবং

৬. ভ্যালু চেইন প্রমোশনাল বডির জন্য প্রণীত প্রয়োজনীয় নির্দেশনার চুড়ান্ত অনুমোদন প্রদান করা।

3) Cost Breakdown for Stakeholder Regular Meeting (1-day meeting, 25 members)

| Sl | Description | Unit | Unit Cost | Total Cost |
|---|---|---|---|---|
| 1 | Participant Allowance | 25 | 300/- | 7,500/- |
| 2 | External Guest | 2 | 2,000/- | 4,000/- |
| 3 | Lunch | 30 | 500/- | 15,000/- |
| 4 | Refreshment | 30 | 200/- | 6,000/- |
| 5 | Venue Set Up | Ls | Ls | 5,000/- |
| 6 | Miscellaneous | Ls | Ls | 2,500/- |
| | **Total Cost** | | | **40,000/-** |

* Cost heads and unit costs are subject to change based on circumstances. All meeting may not incur equal cost.

**4) Cost Breakdown of Market Actors Business School (MABS) (1-day long, 25 members)**

| Sl | Description | Unit | Unit Cost | Total Cost |
|---|---|---|---|---|
| 1 | Participant's Allowance | 25 | 500.00 | 12500.00 |
| 2 | Organizer Allowance | 1 | 1000.00 | 1000.00 |
| 3 | Resource Speaker's Allowance | 5 | 2000.00 | 10000.00 |
| 4 | Support Staff's Allowance | 1 | 500.00 | 500.00 |
| 5 | Snacks & Meal | 30 | 600.00 | 18000.00 |
| 6 | MABS Materials (File Folder, Pen, Notebook, etc.) | 30 | 500.00 | 15000.00 |
| 7 | Banner | 1 | 1000.00 | 1000.00 |
| 8 | Venue Decoration (Chair, Pandel, Sound System, Labor, etc) | 1 | 5000.00 | 5000.00 |
| 9 | Transportation | 25 | 300.00 | 7500.00 |
| 10 | Others (Register, Photography, Photocopy, Print, Re-print, etc.) | LS | 4500.00 | 4500.00 |
| | Total | | | **75000.00** |
| | | | | |

**8) Cost Breakdown for Training on Partnership Building, Coordination between private and Public Marketing Support providers, and Stakeholders (Entrepreneur and Market Actors) based on Need Assessment Study and consultation workshop (1-day long, 25 members)**

| Sl | Description | Unit | Unit Cost | Total Cost |
|---|---|---|---|---|
| 1 | Participant's Allowance | 25 | 500.00 | 12500.00 |
| 2 | Organizer Allowance | 1 | 1000.00 | 1000.00 |
| 3 | Resource Speaker's Allowance | 5 | 2000.00 | 10000.00 |
| 4 | Support Staff's Allowance | 1 | 500.00 | 500.00 |
| 5 | Snacks & Meal | 30 | 600.00 | 18000.00 |
| 6 | Training Materials (File Folder, Pen, Notebook, etc.) | 30 | 500.00 | 15000.00 |
| 7 | Banner | 1 | 1000.00 | 1000.00 |
| 8 | Venue Rent with Service Charge | 1 | 5000.00 | 5000.00 |
| 9 | Transportation | 25 | 300.00 | 7500.00 |
| 10 | Others (Register, Photography, Photocopy, Print, Re-print, etc.) | LS | 4500.00 | 4500.00 |
| | Total | | | 75000.00 |

* Cost heads and unit costs are subject to change based on circumstances

1164

মোঃ রাশেদ মান্নান
সিনিয়র সহকারী প্রধান
পরিকল্পনা বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠন ও পরিচালনা নীতিমালা ২০২৪

কৃষি বিপণন অধিদপ্তর, কৃষি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সূচিপত্র


| | |
|---|---|
| ১. পটভূমি | ১ |
| ২. ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠন ও পরিচালনা নীতিমালার ভিশন ও উদ্দেশ্য | ১ |
| ২.১ ভিশন (রূপকল্প) | ১ |
| ২.২ সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ | ১ |
| ৩. ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠনের প্রয়োজনীয়তা | ২ |
| ৪. নীতিমালার পরিধি | ২ |
| ৫. জাতীয় কৃষি রূপান্তরে ভ্যালু চেইন প্রমোশনাল বডির ভূমিকা | ২ |
| ৬. ভ্যালু চেইন প্রমোশনাল বডির কাঠামো | ২ |
| ৬.১ মার্কেট এক্টরস বিজনেস স্কুল (ম্যাবস) | ২ |
| ৬.১.১ মার্কেট এক্টরস বিজনেস স্কুল গঠন | ৩ |
| ৬.১.২ মার্কেট এক্টরস বিজনেস স্কুল (ম্যাবস) এর কার্যপরিধি | ৩ |
| ৬.১.৩ ম্যাবস ব্যবস্থাপনা কমিটি গঠন | ৩ |
| ৬.১.৪ ব্যবস্থাপনা কমিটির কার্যপরিধি | ৪ |
| ৬.২ উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন | ৪ |
| ৬.২.১ উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন গঠন | ৪ |
| ৬.২.২ উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশনের কার্যপরিধি | ৪ |
| ৬.২.৩ উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন ব্যবস্থাপনা কমিটি গঠন | ৪ |
| ৬.২.৪ ব্যবস্থাপনা কমিটির কার্যপরিধি | ৫ |
| ৭. ভ্যালু চেইন প্রমোশনাল বডি | ৫ |
| ৭.১ ভ্যালু চেইন প্রমোশনাল বডির কার্যপরিধি | ৫ |
| ৭.২ ভ্যালু চেইন প্রমোশনাল বডির কার্যনির্বাহী কমিটি গঠন | ৬ |
| ৭.৩ ভ্যালু চেইন প্রমোশনাল বডির কার্যনির্বাহী কমিটির কার্যপরিধি | ৬ |
| ৮. উপজেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটি | ৭ |
| ৮.১ উপজেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটি গঠন | ৭ |
| ৮.২ উপজেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটির কার্যপরিধি | ৭ |
| ৯. জেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটি | ৭ |
| ৯.১ জেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটি গঠন | ৮ |
| ৯.২ জেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটির কর্মপরিধি | ৮ |
| ১০. মার্কেট এক্টরস বিজনেস স্কুল, উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন এবং ভ্যালু চেইন প্রমোশনাল বডির মধ্যে আন্তঃসংযোগ | ৮ |
| ১১. ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠন ও পরিচালনা নীতিমালা বাস্তবায়নে সমন্বয়কারী প্রতিষ্ঠান গঠন ও দায়িত্ব | ৮ |
| ১১.১ সমন্বয়কারী প্রতিষ্ঠান গঠন | ৮ |
| ১১.২ সমন্বয়কারী প্রতিষ্ঠানের ভূমিকা ও দায়িত্ব | ৮ |
| ১২. নীতিমালা বাস্তবায়ন কৌশলসমূহ | ৯ |
| ১৩. তালিকাভুক্তিকরণ ও নিবন্ধন গ্রহণ | ৯ |
| ১৪. জাতীয় ভ্যালু চেইন সমন্বয় পরিষদ | ৯ |
| ১৪.১. জাতীয় ভ্যালু চেইন সমন্বয় পরিষদ গঠন | ৯ |
| ১৪.২ জাতীয় ভ্যালু চেইন সমন্বয় পরিষদের কার্যপরিধি | ১০ |



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর গাবতলী মিরপুর, ঢাকা।
পার্টনার-ডিএএম অংশ

পরিকল্পনা-২ শাখা
তাং........
কৃষি মন্ত্রণালয়

১৫. ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠন ও পরিচালনায় সরকারের ভূমিকা ১০
১৬. ভ্যালু চেইন প্রমোশনাল বডি টেকসইকরণ ১০
১৭. জেন্ডার রেস্পনসিভ ১১
১৮. পার্টনার ডাটাব্যাংক ১১
১৯. আইনগত কাঠামো ১১
২০. নীতিমালা সংশোধন/পরিবর্তন/সংযোজন করার ক্ষমতা ১১
২১. বাংলা ভাষার প্রাধান্য ১১

## ১. পটভূমি

বাংলাদেশের অধিকাংশ মানুষ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কৃষির উপর নির্ভরশীল। গ্রামীন জনগণের কর্মসংস্থান ও আয়ের প্রধান উৎস কৃষি। ফলে দেশের অর্থনৈতিক মুক্তি ও সমৃদ্ধিতে কৃষির অবদান অনস্বীকার্য। বিগত বছরগুলোতে প্রতিকূল জলবায়ুর প্রভাব সত্ত্বেও কৃষি উৎপাদনে বাংলাদেশের অভূতপূর্ব অর্জন বিশ্ববাসীর নজর কেড়েছে। প্রধান খাদ্যশস্য ধানের উৎপাদন বেড়েছে। সেই সঙ্গে বেড়েছে ভুট্টা, গম, সবজি, ফল, এমনকি ফুলের চাষও। শস্যের পাশাপাশি মৎস্য, হাঁস-মুরগি, গবাদিপশু ও দুধ উৎপাদনও বেড়েছে কয়েকগুণ। বিগত বছরগুলোতে খাদ্য উৎপাদনে যেমন জোর দেয়া হয়েছে কৃষি বিপণন ব্যবস্থায় তেমন উল্লেখযোগ্য কোন পদক্ষেপ নেয়া হইনি। ফলে উৎপাদিত পণ্যের ন্যায্য মূল্য থেকে কৃষক বঞ্চিত হয়েছে। তাই খাদ্য উৎপাদনের সাথে কৃষি বিপণন ব্যবস্থা শক্তিশালী করতে পারলে কৃষিখাত টেকসইকরণ সম্ভব হবে। সেক্ষেত্রে কৃষি বিপণন কার্যক্রম শক্তিশালী করার জন্য কৃষিপণ্যের টেকসই ও সুপরিকল্পিত ভ্যালু চেইন কাঠামো প্রতিষ্ঠার প্রয়োজনীয়তা ব্যাপক। দক্ষ, গতিশীল, কার্যকর ও সুপরিকল্পিত কৃষি ভ্যালু চেইন উন্নয়নের মাধ্যমে কৃষিপণ্যের বাজারকে দেশীয় সীমানা পেরিয়ে আন্তর্জাতিক বাজারে প্রবেশ করানো সম্ভব হবে। রপ্তানি আয় বৃদ্ধির মাধ্যমে দেশের অর্থনীতি সমৃদ্ধ করার সুবর্ণ সুযোগ রয়েছে। যা কৃষিকে রপ্তানিমুখী শিল্পে পরিণত করতে পারে।

পৃথিবীর বিভিন্ন দেশে বিভিন্ন ধরণের কৃষক সংগঠন ও ভ্যালু চেইন সংগঠন রয়েছে। এ সকল সংগঠনে উপকরণ বিক্রেতা, কৃষকসহ গুরুত্বপূর্ণ ভ্যালু চেইন অংশীজন অর্ন্তভুক্ত রয়েছে। যেমন গ্রিসের ডোপেল এবং স্পেনের অলিভ পোমাসি অয়েল ইন্টারপ্রোফেশনাল অর্গানাইজেশন অলিভ অয়েল নিয়ে কাজ করে। ফ্রান্সের ইন্টারসিরিয়ালস গম, ভুট্টাসহ গুরুত্বপূর্ণ সিরিয়াল পণ্য নিয়ে কাজ করে। জাম্বিয়ার এগ্রি প্রো ফোকাস, ভারতের ফার্মার্স প্রডিউসার অর্গানাইজেশন (এফপিও) ও নেপালের ন্যাশনাল ফার্মার্স গ্রুপ ফেডারেশন (এনএফজিএফ) বিভিন্ন কৃষি পণ্য নিয়ে কাজ করে। ফ্রান্সের সিনিয়েল দুধ ও ডেইরি পণ্য নিয়ে কাজ করে। এ সকল সংগঠন পণ্যভিত্তিক ভ্যালু চেইন প্রতিষ্ঠার মাধ্যমে কৃষি বিপণন ব্যবস্থায় অভাবনীয় পরিবর্তন এনেছে। ফলে কৃষক তার উৎপাদিত পণ্যের ন্যায্য মূল্য পাচ্ছে। এই সকল পণ্যভিত্তিক ভ্যালু চেইন সংগঠনের আলোকে সরকার কৃষি মন্ত্রণালয়ে বাস্তবায়নাধীন প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্টিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার) শীর্ষক প্রোগ্রামের এর অধীনে কৃষি বিপণন অধিদপ্তরের কর্মপরিধির আওতায় ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠনের উদ্যোগ গ্রহণ করেছে। ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠন ও পরিচালনা নীতিমালা ২০২৪ প্রণয়নকালে জাতীয় কৃষি নীতি ২০১৮, জাতীয় কৃষি বিপণন নীতি ২০২৩ এবং কৃষি বিপণন আইন ২০১৮ বিশেষভাবে পর্যালোচনা করা হয়েছে। এ নীতিমালা বাস্তবায়িত হলে উপরোক্ত নীতিগুলোর উদ্দেশ্য সফল হবে। কৃষি উৎপাদন বাড়বে। প্রতিযোগিতামূলক বাজার সৃষ্টি হবে। কৃষক তার পণ্যের ন্যায্যমূল্য পাওয়ার সম্ভাবনা বেড়ে যাবে। কৃষি বিপণনে জড়িত সকল অংশীজন লাভবান হবে। কৃষিপণ্যের দক্ষ ভ্যালু চেইন প্রতিষ্ঠিত হবে। দলভিত্তিক কৃষি বিপণন ব্যবস্থা গড়ে উঠবে। কৃষিতে নারীর ক্ষমতায়ন সম্ভব হবে। শিক্ষিত সৃষ্টিশীল তরুণ-তরুণীরা কৃষি উদ্যোক্তা হিসেবে গড়ে উঠবে। রপ্তানিমুখী কৃষি শিল্প বিকাশিত হবে।

## ২. ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠন ও পরিচালনা নীতিমালার ভিশন ও উদ্দেশ্য

### ২.১ ভিশন (রূপকল্প)

সকল অংশীজনের সহযোগিতা ও সমন্বয়ের মাধ্যমে কৃষি খাতে টেকসই, সমৃদ্ধ এবং প্রতিযোগিতামূলক ভ্যালু চেইন ব্যবস্থা প্রতিষ্ঠা করে দেশীয় এবং আন্তর্জাতিক বাজারে কৃষিপণ্যের ন্যায্য মূল্য ও প্রবেশাধিকার নিশ্চিত করা।

### ২.২ সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ

নীতিমালাটির সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

২.২.১ ভ্যালু চেইনের সাথে জড়িত অংশীজনদের নিয়ে পণ্যভিত্তিক একটি কমন প্লাটফর্ম তৈরি করার মাধ্যমে কার্যকর ও টেকসই ভ্যালু চেইন তৈরি করা;

২.২.২ দল ভিত্তিক কৃষি বিপণন ব্যবস্থা গড়ে তোলা এবং সংশ্লিষ্ট অংশীজনদের প্রশিক্ষণের মাধ্যমে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির মাধ্যমে কৃষিকে লাভজনক পেশা হিসাবে প্রতিষ্ঠা করা;

২.২.৩ কৃষিপণ্যের সুষম উৎপাদন, সংগ্রহোত্তর ব্যবস্থাপনা এবং বিপণন ব্যবস্থা শক্তিশালী করা;

২.২.৪ ভ্যালু চেইনের সাথে জড়িত সকল অংশীজনের মধ্যে শক্তিশালী বাজার সংযোগ ও নেটওয়ার্কিং তৈরি করা;

২.২.৫ সৃষ্টিশীল তরুণ ও তরুণীদের কৃষি উদ্যোক্তা হিসাবে গড়ে তোলা;

২.২.৬ কৃষিপণ্যের মূল্য সংযোজন এবং প্রক্রিয়াজাতকরণে উদ্বুদ্ধ করা;

২.২.৭ ডিজিটাল বাংলাদেশের অঙ্গীকার হিসেবে কৃষি বিপণনকে ই-কমার্স এর আওতায় নিয়ে আসা; এবং

২.২.৮ দেশের উল্লেখযোগ্য জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র মুক্ত সোনার বাংলাদেশ গড়ার প্রত্যয়ে কৃষিকে বাণিজ্যিকীকরণ, বহুমুখীকরণ ও রপ্তানিমুখী শিল্পে রূপান্তরিত করা।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষি বিপণন অধিদপ্তর খামারবাড়ি, গাবতলী মিরপুর, ঢাকা। পার্টনার-ডিএএম অংশ

পরিকল্পনা-২ শাখা তাং.......... কৃষি মন্ত্রণালয়

**৩. ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠনের প্রয়োজনীয়তা**

ভ্যালু চেইন প্রমোশনাল বডি এমন একটি সংগঠন যা কোনো নির্দিষ্ট পণ্যের উপকরণ সরবরাহ, উৎপাদক থেকে চূড়ান্ত ভোক্তা পর্যন্ত সকল অংশীজনকে একই প্লাটফর্মে এনে একে অপরের সাথে সম্পৃক্ততার মাধ্যমে শক্তিশালী এবং টেকসই কৃষি বিপণন ব্যবস্থা গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। ফলে প্রয়োজনীয় সকল বাজার তথ্য সবার কাছে পৌঁছানো সহজ হবে। বাজারে অসামঞ্জস্য দেখা দিলে দ্রুত সমাধান করা সম্ভব হবে। বাজারের যেকোন বিষয়ে সমন্বিত সিদ্ধান্ত নেয়া সহজ হবে। সক্রিয় সরবরাহ ব্যবস্থাপনার মাধ্যমে বাজারে পণ্যের কৃত্রিম সংকট রোধ করা যাবে। ফলে বাজার এবং পণ্যের মূল্যেও স্থিতিশীলতা আসবে। উৎপাদন সহায়ক মানসম্পন্ন উপাদানসমূহ নিশ্চিতকরণ, ফসল কর্তন/সংগ্রহ পরবর্তী (ক্লিনিং, ওয়াশিং, গ্রেডিং, সর্টিং, কুলিং, প্রসেসিং ও প্যাকেজিং) পর্যায়ে যুতসই প্রযুক্তি ব্যবহারে অংশীজনকে উৎসাহিত করা হবে। কৃষিপণ্যের মূল্য সংযোজন করা, অর্থলগ্নি প্রতিষ্ঠানের সাথে অংশীজনকে সংযোগ সমন্বয় করে দেয়া, দলভিত্তিক বিপণন ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমে ভ্যালু চেইনকে প্রাতিষ্ঠানিকভাবে শক্তিশালী করা, কৃষিপণ্যের ন্যায্যমূল্য প্রাপ্তিতে কাজ করা এবং আন্তর্জাতিক বাজারে বাংলাদেশি পণ্যের ব্র্যান্ড তৈরিতে সহায়তা করা। বডির সদস্যদের স্বার্থ রক্ষার জন্য সরকার ও আন্তর্জাতিক সংস্থার সাথে আলোচনা করা ও কৃষি খাতের বিভিন্ন নীতিমালা তৈরিতে গুরুত্বপূর্ণ মতামত প্রদান করা। প্রশিক্ষণ, অবকাঠামো উন্নয়ন এবং প্রযুক্তিগত সহায়তার মাধ্যমে এটি কৃষি উৎপাদন ও বিপণন প্রক্রিয়াকে আরও দক্ষ এবং লাভজনক করে তুলবে। এটি কৃষি খাতে লিঙ্গ সমতা এবং নারী উদ্যোক্তাদের ক্ষমতায়নে সহায়ক ভূমিকা পালন করবে। সৃষ্টিশীল তরুণ এবং তরুণীদের উদ্যোক্তা হিসাবে গড়ে তুলতে কাজ করবে। ফলে অর্থনৈতিক উন্নয়নে যুব সমাজের অংশগ্রহণ নিশ্চিত হবে। সাথে সাথে আর্থিক নিরাপত্তা বাড়াবে এবং গ্রামীণ উন্নয়ন সম্ভব হবে। পরিশেষে বলা যায়, ভ্যালু চেইন প্রমোশনাল বডি কৃষি খাতের টেকসই উন্নয়নের একটি অপরিহার্য উপাদান হিসেবে কাজ করবে এবং কৃষি বিপণনে নতুন দিগন্ত রচনা করবে।

**৪. নীতিমালার পরিধি**

এ নীতিমালাটি মার্কেট এক্টরস বিজনেস স্কুল, উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন ও ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠন, কার্যক্রম, দায়িত্ব ও কর্তব্য নির্ধারণ করবে এবং ভ্যালু চেইন প্রমোশনাল বডির কর্মদক্ষতা বৃদ্ধি ও জবাবদিহিতার জন্য সকল কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়নে ভূমিকা রাখবে। প্রাথমিকভাবে ফসল কৃষি খাতের নির্ধারিত কিছু ফসল যেমন আম, কাঁঠাল, আলু, টমেটো এবং সুগন্ধি চাল নিয়ে কাজ শুরু হবে। পরবর্তীতে তা অন্যান্য কৃষিজাতপণ্য নিয়ে কাজ করবে।

**৫. জাতীয় কৃষি রূপান্তরে ভ্যালু চেইন প্রমোশনাল বডির ভূমিকা**

কৃষির টেকসই উন্নয়নের জন্য কৃষির রূপান্তর, বহুমুখীকরণ, বাজারজাতকরণ এবং মূল্য সংযোজন ও ভ্যালু চেইন অপরিহার্য। এ নীতিমালা নিম্নোক্ত উপায়ে আধুনিক বাণিজ্যিক কৃষি রূপান্তরকরণে ভূমিকা রাখবে:

৫.১. যান্ত্রিকীকরণের সঠিক ব্যবহার বিশেষত ভূমি কর্ষণ, বীজ বপন, আগাছা দমন, সার প্রয়োগ, সেচ, ফসল কর্তন, ফসল উত্তর মাড়াই ও প্রক্রিয়াজাতকরণ ইত্যাদি বিষয়ে কৃষকদেরকে উৎসাহিত করবে।

৫.২. অংশীজনদের থেকে কৃষি উদ্যোক্তা তৈরির মাধ্যমে ভর্তুকি নির্ভর কৃষি থেকে বাণিজ্যিক কৃষিতে রূপান্তরিত হতে সহায়তা করবে;

৫.৩. উৎপাদন ও উৎপাদন পরবর্তী সময়ে নিরাপদ ও মানসম্মত খাদ্যের বিষয়ে সচেতনতা তৈরি করবে;

৫.৪. কৃষিপণ্যের বাণিজ্যিক প্রক্রিয়াজাতকরণ, প্যাকেজিং, গ্রেডিং, লেবেলিং ও ট্রেসেবিলিটি কার্যক্রমে উৎসাহিত করা এবং রপ্তানিমুখী কৃষিতে উৎসাহিত করবে;

৫.৫. টেকসই ভ্যালু চেইন প্রতিষ্ঠার মাধ্যমে কৃষিপণ্যের বাজার সংযোগ তৈরি ও কৃষকের ন্যায্যমূল্য নিশ্চিত হবে; এবং

৫.৬. পণ্য ও বাজার বহুমুখীকরণে ভূমিকা রাখবে।

**৬. ভ্যালু চেইন প্রমোশনাল বডির কাঠামো**

ভ্যালু চেইন প্রমোশনাল বডির কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে মার্কেট এক্টরস বিজনেস স্কুল এবং উপজেলা পর্যায়ে উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন গঠন করা হবে। নিম্নে স্তর দুটির সংক্ষিপ্ত বর্ণনা দেয়া হল:

**৬.১ মার্কেট এক্টরস বিজনেস স্কুল (ম্যাবস)**

মার্কেট এক্টরস বিজনেস স্কুল ভ্যালু চেইন প্রমোশনাল বডির প্রাথমিক স্তর যেটি ইউনিয়ন পর্যায়ে গঠিত হবে। এটি পণ্য ভিত্তিক সংগঠন অর্থাৎ একটি পণ্যের বিভিন্ন অংশীজনদের নিয়ে গঠন করা হবে। মার্কেট এক্টরস বিজনেস স্কুল কৃষক, উপকরণ বিক্রেতা, কৃষিপণ্য ব্যবসায়ী, হিমাগার সেবা প্রদানকারী, আড়ৎদার/কমিশন এজেন্ট, প্রক্রিয়াজাতকারী/উদ্যোক্তা, রপ্তানিকারক, শিক্ষাবিদ/গবেষক, প্যাকিং সেবা প্রদানকারী, কৃষি সম্প্রসারণ সেবা প্রদানকারী, বিপণন সেবা প্রদানকারী, এনজিও প্রতিনিধি, অর্থলগ্নি প্রতিষ্ঠানের প্রতিনিধি এবং ভোক্তা প্রতিনিধি নিয়ে গঠন করা হবে। পণ্য ভিত্তিক উৎপাদন যেখানে বেশি সেখানে একটি



পরিকল্পনা-২ শাখা তাং কৃষি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষি বিপণন অধিদপ্তর খামারবাড়ি, ঢাকা। পার্টনার-ডিএএম অংশ

ইউনিয়নে একাধিক মার্কেট এক্টরস বিজনেস স্কুল গঠন করা যেতে পারে। ম্যাবসের মোট সদস্য সংখ্যা থাকবে ২৫ (পঁচিশ) জন। উপজেলা কৃষি কর্মকর্তার সহযোগিতায় উপজেলা কৃষি বিপণন কর্মকর্তা/সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/ কৃষি বিপণন কর্মকর্তা ম্যাবসের এ ২৫ (পঁচিশ) জন সদস্য বাছাই করবেন।

**৬.১.১ মার্কেট এক্টরস বিজনেস স্কুল গঠন**

| ক্রমিক নং | মার্কেট এক্টরস | সংখ্যা |
|---|---|---|
| ১ | কৃষক | ১০ |
| ২ | ইনপুট বিক্রেতা (বীজ, সার, কীটনাশক, মেশিনারি এবং সেচ) | ১ |
| ৩ | কৃষিপণ্য ব্যবসায়ী | ২ |
| ৪ | আড়ৎদার/ কমিশন এজেন্ট | ১ |
| ৫ | হিমাগার/গুদাম সেবা প্রদানকারী | ১ |
| ৬ | প্রক্রিয়াজাতকারী/নারী উদ্যোক্তা | ১ |
| ৭ | রপ্তানিকারক | ১ |
| ৮ | প্যাকিং সেবা প্রদানকারী | ১ |
| ৯ | পরিবহন সেবা প্রদানকারী | ১ |
| ১০ | কৃষি সম্প্রসারণ সেবা প্রদানকারী | ১ |
| ১১ | কৃষি বিপণন সেবা প্রদানকারী | ১ |
| ১২ | এনজিও প্রতিনিধি (কৃষি সম্প্রসারণ ও বিপণন সেবা প্রদানকারী) | ১ |
| ১৩ | গবেষক/একাডেমিশিয়ান | ১ |
| ১৪ | আর্থিক সেবা প্রদানকারী | ১ |
| ১৫ | ভোক্তা | ১ |
| | মোট সদস্য | ২৫ |

* ক্রমিক সংখ্যা ৫,৬,৭,৮,৯,১০,১১,১২,১৩ এবং ১৪ এ উল্লেখিত এক্টর না পাওয়া গেলে, তাদের পরিবর্তে সমসংখ্যক কৃষক নিয়ে ২৫ জন সদস্যের স্কুল তৈরি করা হবে।

**৬.১.২ মার্কেট এক্টরস বিজনেস স্কুল (ম্যাবস) এর কার্যপরিধি**

৬.১.২.১ মার্কেটের সকল অংশীজনকে একত্রিত করা;

৬.১.২.২ সদস্যদের মধ্যে শক্তিশালী বন্ধন তৈরি করা;

৬.১.২.৩ সদস্যদের মাঝে বাজার তথ্য পৌঁছে দেওয়া;

৬.১.২.৪ লাগসই বাজার ব্যবস্থাপনা ও নতুন বাজারে প্রবেশে সদস্যদের সহায়তা করা;

৬.১.২.৫ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে নতুন প্রযুক্তি ব্যবহারে সদস্যদের উৎসাহিত করা;

৬.১.২.৬ সদস্যদের দক্ষতা উন্নয়নের জন্য ভ্যালু চেইন প্রমোশনাল বডির নির্ধারিত প্রশিক্ষণের আয়োজন করা;

৬.১.২.৭ সদস্যদের কৃষি উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে সহায়তা করা;

৬.১.২.৮ কৃষি খাতে নীতিমালা তৈরিতে ভ্যালু চেইন প্রমোশনাল বডির মাধ্যমে সদস্যদের মতামত প্রদান করা;

৬.১.২.৯ ফসল কর্তন/সংগ্রহ উত্তর (কুলিং, ক্লিনিং, ওয়াশিং, গ্রেডিং, সর্টিং, প্রসেসিং ও প্যাকেজিং) প্রযুক্তি ব্যবহারে অংশীজনকে উৎসাহিত করার মাধ্যমে পণ্যের মূল্য সংযোজন করা; এবং

৬.১.২.১০ দলভিত্তিক বিপণন ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমে সংশ্লিষ্ট পণ্যের কার্যকর ও শক্তিশালী ভ্যালু চেইন তৈরিতে কাজ করা।

**৬.১.৩ ম্যাবস ব্যবস্থাপনা কমিটি গঠন**

মার্কেট এক্টরস বিজনেস স্কুল পরিচালনার জন্য উক্ত ২৫ (পঁচিশ) সদস্যের মধ্য থেকে ৯ (নয়) সদস্য বিশিষ্ট একটি ব্যবস্থাপনা কমিটি গঠন করা হবে। উপজেলা কৃষি বিপণন কর্মকর্তা/সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/কৃষি বিপণন কর্মকর্তা ও উপজেলা কৃষি কর্মকর্তা উক্ত ৯ (নয়) টি পদের জন্য সকল সদস্যের মতামত গ্রহণান্তে সংখ্যাগরিষ্ঠ সদস্যদের সমর্থনপ্রাপ্তদের নিয়ে কমিটি গঠন করবেন। কমিটির মেয়াদ হবে ২ (দুই) বছর। মেয়াদান্তে নতুন কমিটি গঠিত হবে। উল্লেখ্য যে, কমিটির মোট সদস্যের এক তৃতীয়াংশের উপস্থিতিতে সভার কোরাম হবে। কমিটির সভা অন্যূন প্রতিমাসে একবার অনুষ্ঠিত হবে। তবে প্রয়োজনে অধিক সংখ্যক সভা অনুষ্ঠিত হতে পারে।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষি বিপণন অধিদপ্তর খামারবাড়ি, মিরপুর, ঢাকা। পার্টনার-ডিএএম অংশ

পরিকল্পনা-২ শাখা তাং...৪...... কৃষি মন্ত্রণালয়

| ক্রমিক নং | পদবী | সংখ্যা |
|---|---|---|
| ০১ | সভাপতি | ১ |
| ০২ | সাধারণ সম্পাদক | ১ |
| ০৩ | কোষাধ্যক্ষ | ১ |
| ০৪ | দপ্তর সম্পাদক | ১ |
| ০৫ | সাংগঠনিক সম্পাদক | ১ |
| ০৬ | সদস্য | ৪ |
| | মোট সদস্য | ৯ |

**৬.১.৪ ব্যবস্থাপনা কমিটির কার্যপরিধি**

৬.১.৪.১ নিয়মিত মাসিক সভাসহ প্রয়োজনীয় সকল অনুষ্ঠানাদীর আয়োজন করা;

৬.১.৪.১ সকল সদস্যদের সাথে নিয়মিত যোগাযোগ করা;

৬.১.৪.১ মার্কেট এক্টরস বিজনেস স্কুলের সদস্যদের মধ্যে বিবাদ নিরসন করা;

৬.১.৪.১ উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশনের সাথে যোগাযোগ রক্ষা করা; এবং

৬.১.৪.১ উপজেলার সকল মার্কেট এক্টরস বিজনেস স্কুলসমূহের মধ্যে যোগাযোগ ও বন্ধন তৈরি করা।

**৬.২ উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন**

উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন ভ্যালু চেইন প্রমোশনাল বডির দ্বিতীয় স্তর। একটি উপজেলার অধীন সকল মার্কেট এক্টরস বিজনেস স্কুলের সমন্বয়ে উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন গঠন করা হবে। এই অর্গানাইজেশনে কৃষক, উপকরণ বিক্রেতা, কৃষি পণ্য ব্যবসায়ী, হিমাগার সেবা প্রদানকারী, আড়ৎদার/কমিশন এজেন্ট, প্রক্রিয়াজাতকারী/উদ্যোক্তা, রপ্তানিকারক, শিক্ষাবিদ/গবেষক, প্যাকিং সেবা প্রদানকারী, কৃষি সম্প্রসারণ সেবা প্রদানকারী, বিপণন সেবা প্রদানকারী, এনজিও প্রতিনিধি, অর্থলগ্নি প্রতিষ্ঠানের প্রতিনিধি এবং ভোক্তা প্রতিনিধি থাকবে। উল্লেখ্য যে, প্রতিটি পণ্যের জন্য আলাদা আলাদা উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন গঠিত হবে।

**৬.২.১ উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন গঠন**

সকল স্কুলের প্রতিনিধিত্ব নিশ্চিত করার লক্ষ্যে উপজেলার প্রতিটি মার্কেট অ্যাক্টরস বিজনেস স্কুল ৪ (চার) জন সদস্য বাছাই করা হবে। বাছাইকৃত সকল সদস্যদের নিয়ে উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন গঠন করা হবে। উপজেলা কৃষি বিপণন কর্মকর্তা/সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/ কৃষি বিপণন কর্মকর্তা মার্কেট অ্যাক্টরস বিজনেস স্কুলের সকল সদস্যদের মতামতের ভিত্তিতে উক্ত ৪ (চার) জন সদস্য বাছাই করবেন।

**৬.২.২ উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশনের কার্যপরিধি**

৬.২.২.১ উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশনের অধীনে যে সকল স্কুল থাকবে তাদের সবার মধ্যে শক্তিশালী সেতু বন্ধন তৈরিতে সহায়তা করা;

৬.২.২.২ স্কুলসমূহের নির্ধারিত কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে সহায়তা ও পরিবীক্ষণ করা;

৬.২.২.৩ কৃষকের উৎপাদিত পণ্য সঠিক দামে বিক্রি করতে উপজেলা মার্কেটের তথ্য মাঠ পর্যায়ের স্কুলসমূহে সরবরাহ করা;

৬.২.২.৪ কৃষি নিয়ে কাজ করে এমন এনজিও, সরকারি এবং বেসরকারি প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্ব উন্নয়ন করা;

৬.২.২.৫ স্কুলসমূহের বিভিন্ন কার্যক্রমে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা কৃষি বিপণন কর্মকর্তা, উপজেলা কৃষি কর্মকর্তা, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাগণসহ সংশ্লিষ্ট সবাইকে সম্পৃক্ত করা;

৬.২.২.৬ বিভিন্ন উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশনের সাথে যোগাযোগ রাখা এবং বাজার তথ্য আদান প্রদান করা;

৬.২.২.৭ ন্যাশনাল ভ্যালু চেইন প্রমোশনাল বডির সাথে যোগাযোগ রাখা এবং বডি কর্তৃক গৃহীত সকল সিদ্ধান্ত স্কুলসমূহে বাস্তবায়নে সহায়তা করা; এবং

৬.২.২.৮ উপজেলা পর্যায়ে বিভিন্ন সভা, কর্মশালা ও সেমিনার আয়োজন করা।

**৬.২.৩ উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন ব্যবস্থাপনা কমিটি গঠন**

উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন সুশৃঙ্খলভাবে পরিচালনা করা জন্য ১১ (এগার) সদস্য বিশিষ্ট একটি ব্যবস্থাপনা কমিটি গঠন করা হবে। উপজেলা কৃষি বিপণন কর্মকর্তা/সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/কৃষি বিপণন কর্মকর্তা ও উপজেলা কৃষি কর্মকর্তা উক্ত ১১ (এগার) টি পদের জন্য সকল সদস্যের মতামত গ্রহণান্তে সংখ্যাগরিষ্ঠ সদস্যদের সমর্থনপ্রাপ্তদের নিয়ে কমিটি গঠন করবেন। কমিটির মেয়াদ হবে ২ (দুই) বছর। মেয়াদান্তে নতুন কমিটি গঠিত হবে। উল্লেখ্য যে, কমিটির মোট সদস্যের এক



পরিকল্পনা-২ শাখা
তাং.........
কৃষি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, গাবতলী
মিরপুর, ঢাকা।
পার্টনার-ডিএএম অংশ

তৃতীয়াংশের উপস্থিতিতে সভার কোরাম হবে। কমিটির সভা অন্যূন প্রতিমাসে একবার অনুষ্ঠিত হবে। তবে প্রয়োজনে অধিক সংখ্যক সভা অনুষ্ঠিত হতে পারে।

| ক্রমিক নং | পদবী | সংখ্যা (জন) |
|---|---|---|
| ০১ | সভাপতি | ১ |
| ০২ | সাধারণ সম্পাদক | ১ |
| ০৩ | কোষাধ্যক্ষ | ১ |
| ০৪ | দপ্তর সম্পাদক | ১ |
| ০৫ | সাংগঠনিক সম্পাদক | ১ |
| ০৬ | সদস্য | ৬ |
| | মোট সদস্য | ১১ |

**৬.২.৪ ব্যবস্থাপনা কমিটির কার্যপরিধি**

৬.২.৪.১ নিয়মিত মাসিক সভার আয়োজন করা;

৬.২.৪.২ উপজেলা পর্যায়ে ভ্যালু চেইন প্রমোশনাল বডি কর্তৃক নির্ধারিত সকল প্রশিক্ষণ, সেমিনার ও কর্মশালাসহ প্রয়োজনীয় সকল অনুষ্ঠানাদীর আয়োজন করা;

৬.২.৪.৩ উপজেলার অধীন সকল ম্যাবসের ব্যবস্থাপনা কমিটির সাথে নিয়মিত যোগাযোগ রাখা;

৬.২.৪.৪ ম্যাবসসমূহের কার্যক্রম পরিবীক্ষণ করা;

৬.২.৪.৫ উপজেলার অধীন সকল ম্যাবসের কার্যক্রমের উপর ভ্যালু চেইন প্রমোশনাল বডির চাহিদামাফিক রিপোর্ট প্রদান করা;

৬.২.৪.৬ উপজেলা পর্যায়ে ভ্যালু চেইন প্রমোশনাল বডির কার্যক্রম বাস্তবায়নে কোন সমস্যার সম্মুখীন হলে উপজেলা প্রশাসন প্রয়োজনে জেলা প্রশাসনের সাথে সাক্ষাৎ করে সমাধান করা;

৬.২.৪.৭ উপজেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটি এবং জেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটির সাথে যোগাযোগ রাখা; এবং

৬.২.৪.৮ উপজেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটির নিকট ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করা।

**৭. ভ্যালু চেইন প্রমোশনাল বডি**

ভ্যালু চেইন প্রমোশনাল বডি জাতীয় পর্যায়ে গঠিত হবে। একটি পণ্যের জন্য একটি ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠন করা হবে। ভ্যালু চেইন প্রমোশনাল বডি একটি স্বাধীন প্রতিষ্ঠান হিসেবে পরিচালিত হবে। মার্কেট এক্টরস বিজনেস স্কুলের সদস্যগণ এ বডির সাধারণ সদস্য হিসেবে বিবেচিত হবে। কৃষি বিপণন অধিদপ্তরের তত্ত্বাবধায়নে ভ্যালু চেইন প্রমোশনাল বডিকে সরকারের পক্ষ থেকে সার্বিক দিকনির্দেশনা প্রদান করার জন্য একটি জাতীয় ভ্যালু চেইন সমন্বয় পরিষদ গঠিত হবে। এ বডির দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য একজন প্রধান নির্বাহী কর্মকর্তা ও প্রয়োজনীয় জনবল থাকবে। বডির কার্যক্রম পরিচালনার নিমিত্ত অফিস ও নিয়োগকৃত জনবলের খরচ বডির নিজস্ব তহবিল থেকে ব্যয় করা হবে।

**৭.১ ভ্যালু চেইন প্রমোশনাল বডির কার্যপরিধি**

৭.১.১ নতুন কোন মার্কেট এক্টরস বিজনেস স্কুল এবং উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন তৈরি করতে ভ্যালু চেইন প্রমোশনাল বডি সত্যায়ন করবে।

৭.১.২ অংশীজনদের দক্ষতা উন্নয়নে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবে;

৭.১.৩ অংশীজন থেকে দক্ষ ও ক্রিয়াশীল উদ্যোক্তা, প্রক্রিয়াজাতকারী ও রপ্তানীকারক তৈরি করবে;

৭.১.৪ বিভিন্ন সংস্থার সাথে অংশীদারিত্ব তৈরি করবে;

৭.১.৫ পণ্য ভিত্তিক ভ্যালু চেইন প্রমোশনাল বডি তাদের পণ্যের বাজার তথ্য সংগ্রহ করে বিশ্লেষণপূর্বক মার্কেট এক্টরস বিজনেস স্কুল এবং উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশনসমূহে প্রেরণ করবে যাতে উৎপাদক ন্যায্য মূল্যে পণ্য বিক্রয় করতে পারে;

৭.১.৬ নতুন বাজার অনুসন্ধান করবে;

৭.১.৭ দেশের যে জেলাতে পণ্য সংকট দেখা দিবে সেখানে উক্ত পণ্য সরবরাহের ব্যবস্থা গ্রহণ করবে;

৭.১.৮ মার্কেট এক্টরস বিজনেস স্কুল অথবা উপজেলা মার্কেট হাবের সাথে ঢাকাসহ দেশের বিভিন্ন জেলা, বিভাগীয় শহরের বড় বড় বাজারের সাথে সংযোগ করে দিতে কাজ করবে;

৭.১.৯ মার্কেট এক্টরস বিজনেস স্কুল অথবা উপজেলা মার্কেট হাবকে বিভিন্ন প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠানের সাথে সংযোগ করে দিবে;

৭.১.১০ স্মার্ট ভ্যালু চেইন উন্নয়নে সকল অংশীজনকে উৎসাহিত করবে;

৭.১.১১ উৎপাদন খরচ কমানোর লক্ষ্যে কেন্দ্রীয়ভাবে প্রয়োজনীয় কৃষি উপকরণ ক্রয় করা এবং তা সুষমভাবে বণ্টন করবে;

৭.১.১২ আন্তর্জাতিক সংস্থাগুলির সাথে অংশীদারিত্ব এবং সহযোগিতার উদ্যোগ গ্রহণ করবে;

৭.১.১৩ ভ্যালু চেইনের কার্যক্রম ডিজিটালাইজ করতে ডিজিটাল প্ল্যাটফর্ম তৈরি করবে;

৭.১.১৪ বিভিন্ন প্রকল্প এবং কার্যক্রমের জন্য তহবিল সংগ্রহের ব্যবস্থা করবে;

৭.১.১৫ আন্তর্জাতিক সংস্থার সাথে অংশীদারিত্ব এবং যৌথ কার্যক্রম/প্রকল্প বাস্তবায়নে কাজ করবে;

৭.১.১৬ অংশীজনদের জন্য পরামর্শ সেবা প্রদান করবে যাতে তারা চ্যালেঞ্জগুলি সমাধান করতে পারে;

৭.১.১৭ নিয়মিত বৈঠক, সেমিনার ও কর্মশালার আয়োজন করার মাধ্যমে মার্কেট এক্টরস বিজনেস স্কুল, উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন এবং ভ্যালু চেইন প্রমোশনাল বডির মধ্যে কার্যকর আন্তঃসংযোগ নিশ্চিত করবে;

৭.১.১৮ বডির অধীন উৎপাদিত কৃষি পণ্য সহজেই রপ্তানী করার জন্য উপযুক্ত বিদেশী বাজারের সাথে দ্বিপাক্ষিক বাণিজ্যিক চুক্তি করতে সরকারকে উৎসাহিত করবে;

৭.১.১৯ সরকারি সংস্থাসহ যেকোন সংস্থার সাথে অংশীদারিত্বে প্রকল্প পরিচালনা করে আর্থিকভাবে স্বাবলম্বী হওয়া;

৭.১.২০ অংশীজনদের অধিকার আদায়ে জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন ফোরামে মতামত তুলে ধরবে; এবং

৭.১.২১ স্বচ্ছ ও সাম্যের কৃষি বিপণন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে সংশ্লিষ্ট পণ্যের বাজার ব্যবস্থার সমস্যা নিয়ে সরকারসহ সংশ্লিষ্ট সংস্থাসমূহের সাথে আলোচনার করে সমাধান করবে।

**৭.২ ভ্যালু চেইন প্রমোশনাল বডির কার্যনির্বাহী কমিটি গঠন**

এ বডির প্রাতিষ্ঠানিক কার্যক্রম সঠিকভাবে সম্পাদন করার লক্ষ্যে ১৩ (তের) সদস্য বিশিষ্ট একটি কার্যনির্বাহী কমিটি গঠন করা হবে। কমিটির মেয়াদ হবে ২ (দুই) বছর। মেয়াদান্তে নতুন কমিটি গঠিত হবে। কমিটির মোট সদস্যের এক তৃতীয়াংশের উপস্থিতিতে সভার কোরাম হবে। কমিটির সভা প্রতিমাসে অন্যূন একবার অনুষ্ঠিত হবে। তবে প্রয়োজনে অধিক সংখ্যক সভা অনুষ্ঠিত হতে পারে। সাধারণ পরিষদের সদস্যেদের ভোটে নির্বাচিত সদস্যদের সমন্বয়ে এ কমিটি গঠিত হবে। মার্কেট এক্টরস বিজনেস স্কুলের সকল সদস্য ভ্যালু চেইন প্রমোশনাল বডির সাধারণ পরিষদের সদস্য হিসেবে বিবেচিত হবে। নির্বাচন পরিচালনা করার নিমিত্ত কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালকের নেতৃত্বে ৩(তিন) সদস্য বিশিষ্ট একটি নির্বাচন কমিশন গঠন করা হবে। বার্ষিক সাধারণ সভার কোরামের জন্য বডির অন্তত ৩০% (শতকরা ত্রিশ ভাগ) তালিকাভুক্ত সদস্যের উপস্থিতির প্রয়োজন হবে। উল্লেখ্য, দুইবারের অধিক কেউ সভাপতি ও সাধারণ সম্পাদক পদে থাকতে পারবেন না এবং একমাত্র কৃষক প্রতিনিধি থেকে সব সময় সভাপতি পদে পার্থী হতে পারবেন। কার্যনির্বাহী কমিটিতে কৃষক প্রতিনিধিদের সংখ্যা অন্য প্রতিনিধি থেকে বেশি থাকতে হবে।

| ক্রমিক নং | পদবী | সংখ্যা (জন) |
|---|---|---|
| ০১ | সভাপতি | ১ |
| ০২ | সহসভাপতি | ১ |
| ০৩ | সাধারণ সম্পাদক | ১ |
| ০৪ | যুগ্মসাধারণ সম্পাদক | ১ |
| ০৫ | কোষাধ্যক্ষ | ১ |
| ০৬ | দপ্তর সম্পাদক | ১ |
| ০৭ | সাংগঠনিক সম্পাদক | ১ |
| ০৮ | সদস্য | ৬ |
| | মোট সদস্য | ১৩ |

**৭.৩ ভ্যালু চেইন প্রমোশনাল বডির কার্যনির্বাহী কমিটির কার্যপরিধি**

৭.৩.১ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ভ্যালু চেইন প্রমোশনাল বডিকে প্রতিনিধিত্ব করা;

৭.৩.২ অংশীজনদের স্বার্থে জাতীয় ও আন্তর্জাতিক ফোরামে কথা বলা;

৭.৩.৩ অংশীজনদের অধিকার আদায়ের নিমিত্ত সরকারি সংস্থাসহ প্রয়োজনীয় সকল সংস্থার সাথে যোগাযোগ করা;

৭.৩.৪ অংশীজনদের স্বার্থ রক্ষায় সভা, সেমিনার ও কর্মশালাসহ প্রয়োজনীয় সকল প্রোগ্রামের আয়োজন করা;

৭.৩.৫ দক্ষ ও ক্রিয়াশীল ভ্যালু চেইন গড়ে তোলার লক্ষ্যে সংশ্লিষ্ট পণ্যের বাজার ব্যবস্থার সমস্যা নিয়ে সরকারসহ সংশ্লিষ্ট সংস্থাসমূহের সাথে আলোচনার মাধ্যমে সমাধান করা;

পরিকল্পনা-২ শাখা তাং......... কৃষি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষি বিপণন অধিদপ্তর খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা। পার্টনার-ডিএএম অংশ

৭.৩.৬ জাতীয় ভ্যালু চেইন সমন্বয় পরিষদের সদস্যদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করা এবং তাদের সহায়তায় বডির জন্য কৌশলগত পরিকল্পনা তৈরি করা;

৭.৩.৭ জাতীয় ভ্যালু চেইন সমন্বয় পরিষদকে সর্বাত্মক সহযোগিতা করা এবং তাদের পরামর্শ/নির্দেশনা বাস্তবায়ন করা;

৭.৩.৮ সরকারের কৃষিখাতে যেকোন নীতিমালা প্রণয়নের সময় অংশীজনদের স্বার্থে মতামত দেওয়া এবং তা বাস্তবায়নে সরকারকে উদ্বুদ্ধ করা;

৭.৩.৯ অংশীজনদের স্বার্থে গুরুত্বপূর্ণ কাজে আডভোকেসি করা;

৭.৩.১০ মার্কেট এক্টরস বিজনেস স্কুল এবং উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশনের সকল কার্যাবলি পরিবীক্ষণ ও মূল্যায়ন করা;

৭.৩.১১ সকল মার্কেট এক্টরস বিজনেস স্কুল এবং উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশনসমূহের মধ্যে অংশিদারিত্ব ও বন্ধন সৃষ্টিতে সহযোগিতা করা;

৭.৩.১২ সরকার কিংবা যেকোন ব্যক্তি/সংস্থা থেকে প্রাপ্ত অর্থ/সম্পদের সঠিক ব্যবহার/সংরক্ষণ করা;

৭.৩.১৩ উপজেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটি ও জেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটি সুপারিশ বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ করা;

৭.৩.১৪ উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশনসমূহের মধ্যে কোন বিবাদ দেখা দিলে তা নিষ্পত্তি করা।

৭.৩.১৫ বার্ষিক প্রতিবেদনসহ অন্যান্য প্রাসঙ্গিক প্রকাশনা প্রস্তুত ও বিতরণ করা; এবং

৭.৩.১৬ সম্মেলন আয়োজনের মাধ্যমে পরবর্তী কার্যনির্বাহী কমিটি গঠনে সহায়তা করা।

**৮. উপজেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটি**

ভ্যালু চেইন প্রমোশনাল বডির উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটি উপজেলা পর্যায়ে গঠিত হবে। কমিটিতে মনোনীত সদস্যের মেয়াদকাল হবে ২ (দুই) বছর। কমিটির সভা অন্যূন প্রতি ৪ (চার) মাসে একবার অনুষ্ঠিত হবে। তবে প্রয়োজনে অধিক সংখ্যক সভা অনুষ্ঠিত হতে পারে। পণ্য ভেদে উপজেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটির সদস্য সমন্বয় করা হবে। কমিটির মোট সদস্যের এক তৃতীয়াংশের উপস্থিতিতে সভার কোরাম হবে।

**৮.১ উপজেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটি গঠন**

| | | |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ০২ | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ০৩ | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| ০৪ | উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন ব্যবপস্থাপনা কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক | সদস্য |
| ০৫ | সভাপতি কর্তৃক মনোনীত ৩ (তিন) জন কৃষি ব্যবসায়ী সমিতি/সংগঠনের প্রতিনিধি (তন্মধ্যে অনূন্য একজন মহিলা, যদি থাকে) | সদস্য |
| ০৬ | উপজেলা কৃষি বিপণন কর্মকর্তা | সদস্য সচিব |

*যেসকল উপজেলাতে কৃষি বিপণন অধিদপ্তরের অফিস নাই সেসকল উপজেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/কৃষি বিপণন কর্মকর্তা।

**৮.২ উপজেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটির কার্যপরিধি**

৮.২.১ উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন ব্যবস্থাপনা কমিটির ত্রৈমাসিক প্রতিবেদনে উল্লেখিত সমস্যার সমাধান করা;

৮.২.২ কৃষিপণ্যের বাজার এবং কৃষি পণ্য সরবরাহ ব্যবস্থায় কোন সমস্যার (কোনো ব্যক্তি বা গোষ্ঠী কর্তৃক অবৈধ চাঁদা/অর্থ আদায়/ব্যবসায়ী সিন্ডিকেট ইত্যাদি) সম্মুখীন হলে তা সমাধান করা;

৮.২.৩ কমিটির কার্য সম্পাদনের লক্ষ্যে কমিটিতে নতুন সদস্য কো-অপ্ট করা; এবং

৮.২.৪ কৃষি নিয়ে কাজ করে এমন এনজিও ও বেসরকারি প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্ব তৈরিতে সহায়তা করা।

**৯. জেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটি**

ভ্যালু চেইন প্রমোশনাল বডির উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে জেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটি জেলা পর্যায়ে গঠিত হবে। এ কমিটিতে মনোনীত সদস্যের মেয়াদকাল হবে ২ (দুই) বছর। কমিটির সভা অন্যূন প্রতি ৬ (ছয়) মাসে একবার অনুষ্ঠিত হবে। তবে প্রয়োজনে অধিক সংখ্যক সভা অনুষ্ঠিত হতে পারে। পণ্য ভেদে জেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটির সদস্য সমন্বয় করা হবে। কমিটির মোট সদস্যের এক তৃতীয়াংশের উপস্থিতিতে সভার কোরাম হবে।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর খামারবাড়ি, ফার্মগেট ঢাকা।
পার্টনার-ডিএএম অংশ
পরিকল্পনা-২ শাখা
তাং
কৃষি মন্ত্রণালয়

**৯.১ জেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটি গঠন**

| | | |
|---|---|---|
| ০১ | জেলা প্রশাসক | সভাপতি |
| ০২ | পুলিশ সুপার | সদস্য |
| ০৩ | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ০৪ | সভাপতি, জেলা চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি | সদস্য |
| ০৫ | সংশ্লিষ্ট জেলার সকল উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন ব্যবপস্থাপনা কমিটির সভাপতিগণ | সদস্য |
| ০৬ | সভাপতি কর্তৃক মনোনীত ৩ (তিন) জন কৃষিপণ্য ব্যবসায়ী সমিতি/সংগঠনের প্রতিনিধি (তন্মধ্যে অনূন্য একজন মহিলা, যদি থাকে) | সদস্য |
| ০৭ | সভাপতি কর্তৃক মনোনীত ১ (এক) জন সুপারশপ মালিক (যদি থাকে) | সদস্য |
| ০৮ | সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/কৃষি বিপণন কর্মকর্তা | সদস্য সচিব |

**৯.২ জেলা ভ্যালু চেইন সমন্বয় কমিটির কর্মপরিধি**

৯.২.১ কৃষিপণ্যের বাজার এবং কৃষি পণ্য সরবরাহ ব্যবস্থায় কোন সমস্যার (কোনো ব্যক্তি বা গোষ্ঠী কর্তৃক অবৈধ চাঁদা/অর্থ আদায়/ব্যবসায়ী সিন্ডিকেট ইত্যাদি) সম্মুখীন হলে তা সমাধান করা;

৯.২.২ জেলা প্রশাসকের পক্ষ থেকে সরকারের দেওয়া সুযোগ সুবিধা থেকে মার্কেট এক্টরস বিজনেস স্কুলসমূহকে সহযোগিতার ব্যবস্থা করা;

৯.২.৩ উপজেলা ভ্যালু চেইন অর্গানাইজেশন/মার্কেট এক্টরস বিজনেস স্কুল সম্পর্কে কোন সুপারিশ থাকলে তা জাতীয় ভ্যালু চেইন সমন্বয় পরিষদ বরাবর প্রেরণ করা;

৯.২.৪ স্থানীয় সরকার বিভাগের আওয়াধীন বাজারসমূহে মার্কেট এক্টরস বিজনেস স্কুলের সদস্যদের জন্য আলাদা কর্নারের ব্যবস্থা করা;

৯.২.৫ কৃষি নিয়ে কাজ করে এমন এনজিও ও বেসরকারি প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্ব তৈরিতে সহায়তা করা; এবং

৯.২.৬ কমিটির কার্য সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনে কমিটিতে নতুন সদস্য কো-অপ্ট করা।

**১০. মার্কেট এক্টরস বিজনেস স্কুল, উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন এবং ভ্যালু চেইন প্রমোশনাল বডির মধ্যে আন্তঃসংযোগ**

মার্কেট এক্টরস বিজনেস স্কুল থেকে নির্বাচিত সদস্য নিয়ে উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন গঠিত হবে। আবার উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন থেকে নির্বাচিত সদস্যের মাধ্যমে ন্যাশনাল ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠন করা হবে। ফলে মার্কেট এক্টরস বিজনেস স্কুল, উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন এবং ভ্যালু চেইন প্রমোশনাল বডির মধ্যে কার্যকর আন্তঃসংযোগ বিদ্যমান থাকবে। এছাড়াও কৃষি বিপণন অধিদপ্তরের তত্ত্বাবধায়নে একটি কেন্দ্রীয় ইন্টারঅ্যাক্টিভ ডিজিটাল প্ল্যাটফর্ম তৈরি করা হবে যেখানে সমস্ত অংশীদার তথ্য আদান-প্রদান করতে পারবেন। কৃষি বিপণন অধিদপ্তরের দায়িত্বশীল কর্মকর্তাগণ এ প্লাটফর্মে পণ্যের বাজার তথ্য যাচাই বাছাইপূর্বক সবার অবগতির জন্য নিয়মিত সরবরাহ করবেন। নিয়মিত বৈঠক এবং সংলাপের জন্য একটি নির্ধারিত সময়সূচি তৈরি করা হবে। যেমন: মাসিক মিটিং, ত্রৈমাসিক পর্যালোচনা এবং বার্ষিক সম্মেলন।

**১১. ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠন ও পরিচালনা নীতিমালা বাস্তবায়নে সমন্বয়কারী প্রতিষ্ঠান গঠন ও দায়িত্ব**

**১১.১ সমন্বয়কারী প্রতিষ্ঠান গঠন**

পণ্যভিত্তিক ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠন ও কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সরকার কর্তৃক কৃষি বিপণন অধিদপ্তরকে সমন্বয়কারী প্রতিষ্ঠান হিসাবে মনোনীত করা হবে। কৃষি বিপণন অধিদপ্তরকে সহায়তা করার জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট এবং হর্টেক্স ফাউন্ডেশনকে সহযোগী প্রতিষ্ঠান হিসেবে বিবেচনা করা হবে।

**১১.২ সমন্বয়কারী প্রতিষ্ঠানের ভূমিকা ও দায়িত্ব**

১১.২.১. পণ্যভিত্তিক একটি কার্যকর প্রতিষ্ঠান হিসেবে ভ্যালু চেইন প্রমোশনাল বডি তৈরিতে সহায়তা করা;

১১.২.২. ভ্যালু চেইন প্রমোশনাল বডি সংশ্লিষ্ট সকল প্রকার তথ্যাদি সকলের অবগতি ও প্রাপ্যতা নিশ্চিত করা;

১১.২.৩. কার্যক্রম পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের জন্য পর্যাপ্ত ডকুমেন্ট তৈরিতে সহায়তা করা;



পরিকল্পনা-২ শাখা তাং... কৃষি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষি বিপণন অধিদপ্তর খামারবাড়ি, গাবতলী মিরপুর, ঢাকা। পার্টনার-ডিএএম অংশ

১১.২.৪. পার্টনার ডাটাব্যাংকের জন্য সংশ্লিষ্ট সকল অংশীজনের তথ্য সংগ্রহ করা ও তা নিয়মিত ডাটাব্যাংকে ইনপুট দেয়া এবং তা জনস্বার্থে ব্যবহার নিশ্চিত করা;

১১.২.৫. মার্কেট এক্টরস বিজনেস স্কুল, উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন ও ভ্যালু চেইন প্রমোশনাল বডির মধ্যে ক্রিয়াশীল আন্ত:সংযোগ তৈরিতে সহায়তা করা;

১১.২.৬. ভ্যালু চেইন প্রমোশনাল বডির কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে জাতীয় ভ্যালু চেইন সমন্বয় পরিষদের সভা নিয়মিত আয়োজনে সহায়তা করা;

১১.২.৭. বিভিন্ন অংশীজনদের মধ্যে একটি শক্তিশালী নেটওয়ার্ক তৈরি এবং স্থায়িত্বশীল পার্টনারশিপ তৈরিতে সহায়তা করা;

১১.২.৮. অংশীজনের কৃষিপণ্য বাজারজাতকরণ, প্রক্রিয়াজাতকরণ এবং রপ্তানীতে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা;

১১.২.৯. প্রয়োজনীয় সভা, প্রশিক্ষণ, কর্মশালা ও বার্ষিক সাধারণ সভা আয়োজনে বডিকে সহায়তা করা; এবং

১১.২.১০. সরকারি ও বেসরকারি সংস্থাসমূহের সাথে ভ্যালু চেইন প্রমোশনাল বডিকে সংযোগ করে দেওয়া।

## ১২. নীতিমালা বাস্তবায়ন কৌশলসমূহ

নীতিমালার বাস্তবায়ন কৌশলসমূহ নিম্নরূপ:

১২.১. অংশীজনদের সমন্বয়ে পণ্যভিত্তিক মার্কেট এক্টরস বিজনেস স্কুল ও উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন গঠন করা;

১২.২. ভ্যালু চেইন প্রমোশনাল বডির সকল স্তরের প্রাতিষ্ঠানিক দক্ষতা ও কর্মক্ষমতা বৃদ্ধি করা;

১২.৩. অংশীজনদের জন্য মাঠ পর্যায়ে মার্কেট হাব তৈরি করা;

১২.৪. অংশীজনদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণের ব্যবস্থা করা;

১২.৫. রপ্তানিযোগ্য পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়ন করা; এবং

১২.৬. "জাতীয় ভ্যালু চেইন সমন্বয় পরিষদ" গঠন করা এবং গঠিত "জাতীয় ভ্যালু চেইন সমন্বয় পরিষদ" কর্তৃক নিয়মিতভাবে ভ্যালু চেইন প্রমোশনাল বডি পরিচালনায় দিক-নির্দেশনা প্রদান করা।

## ১৩. তালিকাভুক্তিকরণ ও নিবন্ধন গ্রহণ

প্রাথমিকভাবে কৃষি বিপণন বিধিমালা ২০২১ এর বিধি ১৫ (পনের) অনুযায়ী কৃষি বিপণন অধিদপ্তর এ মার্কেট এক্টরস বিজনেস স্কুল, উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন এবং ভ্যালু চেইন প্রমোশনাল বডি তালিকাভুক্তিকরণ হবে। পরবর্তীতে প্রয়োজন অনুসারে বডির কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে প্রযোজ্য সরকারি সংস্থা থেকে ভ্যালু চেইন প্রমোশনাল বডি নিবন্ধন গ্রহণ করতে পারবে।

## ১৪. জাতীয় ভ্যালু চেইন সমন্বয় পরিষদ

জাতীয় ভ্যালু চেইন সমন্বয় পরিষদ সকল ভ্যালু চেইন প্রমোশনাল বডিকে সরকারের পক্ষ থেকে সার্বিক দিকনির্দেশনা প্রদান করবে। এ পরিষদে সরকার কর্তৃক মনোনীত সদস্যেদের মেয়াদকাল হবে ৫ (পাঁচ) বছর। এই কমিটি ন্যূনপক্ষ প্রতি ছয় মাসে একবার মিলিত হবে। কৃষি বিপণন অধিদপ্তর এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে। পণ্য ভেদে জাতীয় ভ্যালু চেইন সমন্বয় পরিষদের সদস্য সমন্বয় করা হবে।

### ১৪.১. জাতীয় ভ্যালু চেইন সমন্বয় পরিষদ গঠন

এই পরিষদ নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হবে:

| | | |
|---|---|---|
| ০১ | মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর | সভাপতি |
| ০২ | যুগ্ম সচিব, সম্প্রসারণ, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ০৩ | পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ০৪ | পরিচালক (কৃষি ঋণ বিভাগ), বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| ০৫ | ব্যবস্থাপনা পরিচালক, হর্টেক্স ফাউন্ডেশন | সদস্য |
| ০৬ | ভাইস চেয়ারম্যান, রপ্তানী উন্নয়ন ব্যুরো | সদস্য |
| ০৭ | সরকার কর্তৃক মনোনীত কৃষি বিশ্ববিদ্যালয়ের দুইজন শিক্ষক | সদস্য |
| ০৮ | সরকার কর্তৃক মনোনীত একজন ভ্যালু চেইন/সাপ্লাই চেইন বিশেষজ্ঞ | সদস্য |
| ০৯ | সরকার কর্তৃক মনোনীত দুইজন দাতা সংস্থা প্রতিনিধি | সদস্য |
| ১০ | সরকার কর্তৃক মনোনীত একজন সফল কৃষি উদ্যোক্তা | সদস্য |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষি বিপণন অধিদপ্তর খামারবাড়ি, গাবতলী মিরপুর, ঢাকা। পার্টনার-ডিএএম অংশ

পরিকল্পনা-২ শাখা তাং........ কৃষি মন্ত্রণালয়

| | | |
|---|---|---|
| ১১ | সভাপতি, ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি | সদস্য |
| ১২ | সভাপতি, বাংলাদেশ ফ্রুটস, ভেজিটেবল এন্ড এলাইড প্রডাক্টস এক্সপোর্টার্স এসোসিয়েশন | সদস্য |
| ১৩ | সভাপতি, বাংলাদেশ কোল্ড স্টোরেজ এসোসিয়েশন | সদস্য |
| ১৪ | সভাপতি, বাংলাদেশ এগ্রো-প্রসেসরস এসোসিয়েশন | সদস্য |
| ১৫ | সভাপতি, ভ্যালু চেইন প্রমোশনাল বডি | সদস্য সচিব |

**১৪.২ জাতীয় ভ্যালু চেইন সমন্বয় পরিষদের কার্যপরিধি**

১৪.২.১ বডির দীর্ঘমেয়াদী লক্ষ্য নির্ধারণ এবং অর্জনের কৌশলগুলি তৈরিতে সহায়তা করা;

১৪.২.২ বিভিন্ন সরকারি, বেসরকারি ও ব্যবসায়িক সংস্থার সাথে কৌশলগত অংশীদারিত্ব গঠনে সহায়তা করা;

১৪.২.৩ ভ্যালু চেইন প্রমোশনাল বডির উন্নয়নের চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করে তা সমাধানে সহায়তা করা;

১৪.২.৪ প্রয়োজনে কমিটিতে নতুন সদস্য কো-অপ্ট করা;

১৪.২.৫ বিশেষ প্রয়োজনে ওয়ার্কিং কমিটি গঠন করা; এবং

১৪.২.৬ ভ্যালু চেইন প্রমোশনাল বডির জন্য প্রণীত প্রয়োজনীয় নির্দেশনার চুড়ান্ত অনুমোদন প্রদান করা।

**১৫. ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠন ও পরিচালনায় সরকারের ভূমিকা**

ভ্যালু চেইন প্রমোশনাল বডি গঠনে সরকারের ভূমিকা গুরুত্বপূর্ণ। সরকারের ভূমিকা নিম্নরূপ হতে পারে:

১৫.১ ভ্যালু চেইন প্রমোশনাল বডির কার্যক্রম ক্রিয়াশীল রাখতে নীতিমালা এবং আইনি কাঠামো প্রণয়ন করা;

১৫.২ ভ্যালু চেইন প্রমোশনাল বডি তত্ত্বাবধানের জন্য কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি বিপণন অধিদপ্তরকে সমন্বয়কারী প্রতিষ্ঠান হিসাবে মনোনীত করা;

১৫.৩ ভ্যালু চেইন প্রমোশনাল বডি এর সকল স্তরের কার্যক্রম পরিচালনার জন্য আর্থিক চাহিদা সরকারের কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি বিপণন অধিদপ্তরের পরিচালন বাজেটে একটি অর্থনৈতিক নতুন কোডের প্রস্তাব প্রেরণ করবেন এবং কোডের বিপরীতে বার্ষিক বাজেট চাহিদা অনুমোদন করা। ভ্যালু চেইন প্রমোশনাল বডি স্বাবলম্বী হতে অন্তত: ৫ (পাঁচ) বছর পর্যন্ত আর্থিক সহায়তা প্রদান অব্যাহত রাখা;

১৫.৪ কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থার সাথে ভ্যালু চেইন প্রমোশনাল বডিকে সংযোগ করে দেওয়া যাতে আর্থিকসহ নানাবিধ সুবিধা পেতে পারে;

১৫.৫ প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণাগার অবকাঠামো তৈরিতে ভ্যালু চেইন প্রমোশনাল বডির অংশীজনদের সহজ শর্তে কম সুদে কৃষি ঋণ প্রদানে আর্থিক প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদান করা;

১৫.৬ ভ্যালু চেইন প্রমোশনাল বডির কৃষক এবং উদ্যোক্তাদের জন্য প্রশিক্ষণ এবং ক্ষমতায়ন কর্মসূচি চালু করা যা তাদের উৎপাদন দক্ষতা, বাজারজাতকরণ ক্ষমতা এবং নতুন বাজারে প্রবেশে সহায়তা করে;

১৫.৭ আন্তর্জাতিক বাজারে কৃষিপণ্যের প্রবেশাধিকার সুবিধাজনক করার লক্ষ্যে বাণিজ্যিক চুক্তি ও অংশীদারিত্ব গড়ে তোলা;

১৫.৮ কৃষি উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ, এবং বিপণনের জন্য প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়নে সহায়তা করা; এবং

১৫.৯ আন্তঃমন্ত্রণালয় সহযোগিতা প্রদানে সহায়তা করা।

**১৬. ভ্যালু চেইন প্রমোশনাল বডি টেকসইকরণ**

নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করার মাধ্যমে ভ্যালু চেইন প্রমোশনাল বডি দীর্ঘস্থায়ী/টেকসই করা যেতে পারে:

১৬.১ স্থায়ী আয়ের উৎস গড়ে তোলা; যেমন বডির সদস্য থেকে বার্ষিক সদস্য ফি সংগ্রহ করা, সংস্থার সেবা যেমন প্রশিক্ষণ, পরামর্শ ইত্যাদির জন্য নির্দিষ্ট ফি নির্ধারণ করা। কৃষি পণ্য ও কৃষি উপকরণ বিক্রির মাধ্যমে আয় করা। নতুন কোন মার্কেট এক্টরস বিজনেস স্কুল ও উপজেলা ভ্যালু চেইন প্রমোশনাল অর্গানাইজেশন গঠন করা হলে বডির প্রত্যয়ন লাগবে যার বিনিময়ে বডির নির্ধারিত ফি গ্রহণ করবে।

১৬.২. সরকারি ও বেসরকারি সংস্থা, এনজিও এবং দাতা সংস্থার অর্থানুকুল্যে চলতে পারে;

১৬.৩. সরকারি উন্নয়ন প্রকল্পের আওতায় তহবিল পাওয়ার জন্য আবেদন করা এবং প্রকল্পের কার্যক্রম পরিচালনা করা;

১৬.৪. এনজিও বা বেসরকারি সংস্থার সাথে যৌথ উদ্যোগে প্রকল্প বাস্তবায়ন করা; এবং

১৬.৫. স্থানীয়, জাতীয় এবং আন্তর্জাতিক বিভিন্ন সংস্থা ও প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্ব এবং নেটওয়ার্কিং বৃদ্ধি করা।

**১৭. জেন্ডার রেস্পনসিভ**

ভ্যালু চেইন প্রমোশনাল বডির সকল কার্যাবলী জেন্ডার নিরপেক্ষ হবে। বডির সব পর্যায়ে নারী ও পুরুষকে সমান গুরুত্ব দেয়া হবে। নেতৃত্ব ও সিদ্ধান্ত নির্ধারণী পদে নারীদের অধিক অংশগ্রহণে উৎসাহিত করা হবে।

**১৮. পার্টনার ডাটাব্যাংক**

কৃষি বিপণন অধিদপ্তরের তত্ত্বাবধায়নে বডির জন্য একটি ডাটাব্যাংক প্রতিষ্ঠা ও পরিচালনা করা হবে। এ ডাটাব্যাংক ভ্যালু চেইন প্রমোশনাল বডি এর সাথে সংশ্লিষ্ট সকল অংশীজন যেমন কৃষক, উপকরণ বিক্রেতা, কৃষি পণ্য ব্যবসায়ী, হিমাগার সেবা প্রদানকারী, আড়ৎদার/কমিশন এজেন্ট, প্রক্রিয়াজাতকারী/উদ্যোক্তা, রপ্তানিকারক, শিক্ষাবিদ/গবেষক, প্যাকিং সেবা প্রদানকারী, কৃষি সম্প্রসারণ সেবা প্রদানকারী, বিপণন সেবা প্রদানকারী, এনজিও প্রতিনিধি এবং আর্থিক সহায়তা সেবা প্রদানকারীর তথ্য সংরক্ষণ করবে। ভ্যালু চেইন প্রমোশনাল বডি এর সাথে সম্পর্কিত বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান, ব্যবসায়ী সংগঠন/সমিতি, অর্থলগ্নি প্রতিষ্ঠান এর তথ্য এ তথ্য ব্যাংকে সংরক্ষিত থাকবে। এছাড়াও দেশভিত্তিক কৃষি পণ্য আমদানি প্রতিষ্ঠানের তালিকা ডাটাব্যাংকে সংরক্ষিত থাকবে। জাতীয় স্বার্থে কৃষি বিপণন অধিদপ্তর ডাটাব্যাংকের তথ্য ব্যক্তি/সরকারি/বেসরকারি সংস্থাকে সরবরাহ করবে।

**১৯. আইনগত কাঠামো**

ভ্যালু চেইন প্রমোশনাল বডি পরিচালনায় কৃষি বিপণন আইন ২০১৮ প্রযোজ্য হবে।

**২০. নীতিমালা সংশোধন/পরিবর্তন/পরিমার্জন করার ক্ষমতা**

সরকার বিশেষ প্রয়োজনে উপযুক্ত কারণ দেখিয়ে মন্ত্রণালয়/অধিদপ্তর এবং সংশ্লিষ্ট খাতের অংশীজনের সাথে আলোচনার ভিত্তিতে নীতিমালার যে কোন পরিবর্তন, পরিমার্জন ও সংশোধন করতে পারবে।

**২১. বাংলা ভাষার প্রাধান্য**

এ নীতিমালা কার্যকর করার পর সরকার, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা সরকার এ নীতিমালার ইংরেজীতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ প্রকাশ করতে পারবে। বাংলা পাঠ এবং ইংরেজী পাঠে কোন বিভ্রান্তি/অসামঞ্জস্য দেখা দিলে বাংলায় প্রণীত নীতিমালা গ্রহণযোগ্য মর্মে বিবেচিত হবে।